Lakhs of Bengalis suffered tortures in jails and in detention, and many of them were hanged for trying to free the country from the British imperialists. It is a tragedy that though they achieved freedom from the British rule, the West Pakistan rulers and exploiters hatched a conspiracy to crush the 7.5 crore Bengalis politically, economically, culturally and socially, though the Bengalis were in a majority in Pakistan. The historic Lahore resolution for the creation of Pakistan spoke of two independent and sovereign states in the East and the West. The struggle for making East Bengal a sovereign independent state has been going on since the creation of Pakistan, in accordance with this resolution. The West Pakistan rulers have tried to foil this struggle by oppression and by appointing some agents who worked in the interests of the West Pakistan feudal and capitalist overlords. But the people of East Bengal have struggled continuously for the last 23 years, and have given much blood to get independence for themselves. The armed struggle of 1971 is the culmination of this struggle.

In 1949, the then Prime Minister Liaquat Ali Khan tried to' foist a ridiculous constitution which was nipped in the bud by the people of East Bengal. They foiled the attempt of West Pakistan leaders to crush the mother tongue of Bengalis, the majority of the people of Pakistan. The historic Language Movement of 1952 is a shining example. In 1954, the people of East Bengal recorded a historic victory in the ballot boxes against the exploiters from West Pakistan. Then was imposed Iskander Mirza's rule and they inflicted inhuman atrocities on the people of East Bengal, after Mr. A. K. Fazlul Huq's Ministry was dismissed by the Governor-General Ghulam Mohammad. Afterwards, the military dictator Ayub dissolved the Praliament and nullified the constitution and banned all political parties. He inflicted a reign of terror on all political parties. But the Bengalis were not daunted. They were not silenced. In 1962 the students started a movement against Ayub. With the help of some agents, Ayub tried to hoodwink the world and tried to crush the independence movement in East Bengal. The revolutionary Bengalis started a movement against the Ayub regime and protested against the Ayub regime's so called Agartala Conspiracy Case. When the students, peasants, workers and political parties launched mass movement in 1969-70, Ayub was compelled to retire after handing over power to another military dictator Yahya Khan. Gen. Yahya Khan was forced to promise that he would establish democracy, but be continued his conspiracy behind the curtain. The West Pakistani military rulers, capitalists and feudalists thought that in the name of Islam and integrity and by spending huge amount of money, they would be able to win over some traitors who would work as their agents for permanent exploitation. In 1970. however, the people of East Bengal voted for the Awami League en masse, and expressed

their determination to establish a sovereign Bengal on the basis of the Lahore Resolution. More than 99% of the representatives were elected in 1970 with boat as their symbol. The reason for this historic victory can be found in the dream of the Bengalis to have an independent and sovereign Bangladesh. Rulers of West Pakistan could not realize beforehand that the people of East Bengal would give such a tremendously united election verdict against the oppression and exploitation of West Pakistani vested interests. This election verdict made them unnerved and simultaneously infuriated them against the people of East Bengal.

So, totally ignoring the democratic rights of 7.5 crore Bengalis, Gen. Yahya Khan under cover the long negotiation, unleashed his army on the people on March 25. He himself fled away from Dacca at midnight. Under Tikka Khan's leadership, an orgy of violence and murder was let loose in Dacca from 10-30 p. m. on March 25. The Army started killing the students, young men, teachers, professors, intellectuals, traders and others with tanks, artillery, mortar, machinegun and other deadly weapons. They demolished schools, colleges, mosques, temples, hostels and industrial areas and burnt innumerable houses. From March 26, they started this killing in cities like Jessore. Rangpur, Pabna, Kushtia, Chuadanga, Bogra, Tangail, Mymensingh and many other places. They bombed and strafed thousands of innocent people. They burnt the villages on the roadside and committed mass murder. Women and children were not spared. Women were molested and there was wide scale looting of foodstuff and livestock's. Shops and banks were looted by the soldiers. Women were kidnapped from schools and colleges. Who knows what has happened to them?

Has anybody heard of such atrocities? Is there any parallel in history? The examples of Chiang-kai-shek in China and Czar in Russia and of British oppression in undivided India or, the zulum of Zalem Yazid at Karbala pale into insignificance before this latest example of inhuman atrocity. The Yahya regime and his supporters think that they will be able to crush the people of East Bengal permanently by such oppression, and they will be able to continue their exploitation by breaking the backbone of Bengalis. They thought of jelling the world that the people of Bengal did not want independence. They wanted to tell the world that Pakistan's enemy India has created this movement by helping a handful of miscreants of East Bengal. But the people of the world cannot be misled. They knew why foreign correspondents were expelled from East Bengal on March 26. Is it not because the Pakistani rulers were afraid that the foreign press would expose the barbaric atrocity and tell the world of the great struggle for independence of the people of Bengal?

The foreign correspondents endangered their lives to get news of the war during the last world war. There is not a single instance in the history of the world of a dictator like Yahya who expelled the correspondents from the country. The barbaric Government not only prevented correspondents, but they prevented the International Red Cross from going there to render help to the people of Bengal who have been oppressed inhumanly and rendered homeless. They did this to cover up their own misdeeds. They wanted to ensure that the world would not know that the people of Bengal were prepared to give

their lives for independence. There is no connection between this people's war and India. If a nation does not have its own urge, it cannot get independence with outside help.

The question is whether the people of the world and the nations of the world will support the struggle of the 7.5 crore people of Bengal for independence or support the abominable conspiracy of the dictatorial exploiting ruling clique which is indulging in mass murder.

Yahya, who is a Muslim himself, in the name of religion is mercilessly killing lakhs of Muslims, Hindus, Christians and Buddhists. His soldiers who say that they are Muslims are raping women, including Muslim women. Through Muslims themselves, they are destroying mosques. They kill Muslims who are offering prayers. What will the Muslim world do about this ? Will they support the un-Islamic anti-humanity abominable policy of Yahya ? Or will they support the cause of truth, justice and love as preached by Islam ? The 7.5 crore Bengalis like to know from the democratic world if it will support Yahya's dictatorship? Will they remain neutral and thereby support him under the pretext that the situation was Pakistan's internal affair? The freedom struggle of East Bengal cannot be Pakistan's internal affair. The West Pakistanis have ignored the Lahore Resolution which was unanimously accepted by 10 crores Muslims of undivided India by ignoring this basic resolution of Pakistan movement they have tried to convert East Bengal as their colony for the last 23 years. This is a just struggle of the heroic Bengali people for independence and for preventing exploitation and loss of independence. The demonic West Pakistanis are trying to enslave the Bengalis and establish their empire. Has the world opinion nothing to do in this mass killing ? Will the democratic world support the mass killing on some excuse or other ? The socialist world, including China, has always helped the exploited and oppressed people in their struggle for establishing their rights. What role will they play in the current killing in East Bengal when the 7.5 crore people are fighting the final battle for independence after being exploited for 23 years ? By supporting Yahya how can they convince the world opinion that they are friends of the oppressed people ?

East Bengal is a part of Asia. The people of this country look towards the Asian nations, particularly to the Afro-Asian nations. The people of East Bengal, in this moment of crisis puts a burning question to humanity whether their great and just struggle will be crushed forever?

I make a fervent appeal to all peace loving and democratic minded people and Government of the world to extend an early recognition to the newly formed independent Government of People's Republic of Bangladesh.

I appeal to all the people of East Bengal, I appeal to the peasants, workers, blacksmiths, pottery workers, boatmen, weavers, persons engaged in cottage industry, students, traders, intelligentsia and service holders and others to forge an unity like steel. Some opportunists of East Bengal who are exposed are trying to mislead you in the name

of religion and integrity by carrying on false propaganda. They are agents of the military junta, industrialists, feudalists and despotic bureaucrats of West Pakistan. These Mirzafars of East Bengal have stabbed the freedom movement in the back during the last 23 years by being the agents of the West Pakistani vested interests. Don't listen to these traitors. The vested interests will have their purpose served if they can split your unity and steely determination. You will then be slaves of the West Pakistan military rulers, capitalists and bureaucrats and feudalists forever and ever. At the present moment, unity, mental strength and burning patriotism are our most vital weapons. Our victory is certain. God hates the oppressors and traitors. We will definitely get the blessings of Allah in our great struggle and we will establish a free sovereign happy and prosperous Bangladesh in East Bengal.

May Allah be with us.

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশের জাতীয় মুক্তিসংগ্রাম সমন্বয় কমিটির ঘোষণা	বাংলাদেশের জাতীয় মুক্তিসংগ্রাম সমন্বয় কমিটির ঘোষণাপত্র	১ জুন, ১৯৭১

বাংলাদেশের জাতীয় মুক্তি সংগ্রাম সমন্বয় কমিটির ঘোষণা

[সম্প্রতি মজলুম জননেতা মওলানা ভাসানী ঐক্যবদ্ধভাবে বাংলাদেশের মুক্তি সংগ্রামকে অগ্রসর করিয়া লওয়ার যে আহবান ও নির্দেশ দিয়াছেন তাহাকে অবলম্বন করিয়া বাংলাদেশের ন্যাশনাল আওয়ামী পার্টি (মওলানা ভাসানীর নেতৃত্বে পরিচালিত) কমিউনিস্ট বিপ্লবীদের পূর্ব বাংলা সমন্বয় কমিটি পূর্ব বাংলার কমিউনিস্ট পার্টি (দেবেন শিকদারের নেতৃত্বে), শ্রমিক-কৃষক কর্মীসংঘ, বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (হাতিয়ার), পূর্ববাংলা কৃষক সমিতি, পূর্ববাংলা শ্রমিক ফেডারেশন, বাংলাদেশ শ্রমিক ফেডারেশন (পূর্ব পাকিস্তান শ্রমিক ফেডারেশন) এবং পূর্ব বাংলা বিপ্লবী ছাত্র ইউনিয়ন প্রভৃতি রাজনৈতিক ও গণসংগঠনের প্রতিনিধিরা এক সম্মেলনে মিলিত হইয়া "বাংলাদেশ জাতীয় মুক্তি সংগ্রাম সমন্বয় কমিটি" গঠন করিয়াছেন এবং সর্বসম্মতভাবে নিম্নোক্ত ঘোষণা প্রণয়ন করিয়া বাংলাদেশের জনগণের নিকট উপস্থাপিত করিতেছেন।]

বর্তমান পরিস্থিতি

সারা বাংলাদেশ ও বাঙ্গালী জাতির জীবনে আজ এক চরম মুহূর্ত উপস্থাপিত। পাকিস্তানের ফ্যাসিস্ট জঙ্গীশাহীর হানাদার বাহিনী ট্যাঙ্ক, বোমারু বিমান, মেশিনগান, মর্টার, রকেট, গানবোট প্রভৃতি অত্যাধুনিক অস্ত্রে সুসজ্জিত হইয়া নিরস্ত্র, নিরীহ, শান্তিপ্রিয় বাংলাদেশের জনগণের উপর সম্পূর্ণ অপ্রস্তুত অবস্থায় শুরু করিয়াছে এমন এক বর্বর হামলা, সভ্য দুনিয়ার ইতিহাসে যাহার তুলনা খুঁজিয়া পাওয়া যায় না। হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খিস্টান, ধর্ম, বর্ণ, নারী, পুরুষ, শিশু, যুবক, বৃদ্ধ নির্বিশেষে সমগ্র সাড়ে সাত কোটি জনতাই এই হানাদার দস্যুদের বর্বর নির্যাতনের শিকারে পরিণত হইয়াছে। বাংলাদেশের এমন কোন শহর, গ্রাম বা অঞ্চল নাই যেখানে এই পরদেশ লুন্ঠনকারী দস্যুর দল নির্বিচারে গণহত্যা, অগ্নিসংযোগ, ধনসম্পত্তি বিনষ্ট, লুটতরাজ ও নারী নির্যাতন করে নাই। পাকিস্তানের ফ্যাসিস্ট জঙ্গীশাহীর এই হামলা অত্যন্ত আকস্মিক ও বর্বর। দীর্ঘ চবিবশ বছর গোটা বাঙালী জাতি রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক দিক হইতে চরমভাবে নিপীড়িত হইবার পর এইবারই সর্বপ্রথম জাতীয় মুক্তির আশার আলো দেখিতে শুরু করিয়াছিল। জাতীয় মুক্তি এই সুতীব্র আকাঙ্খা লইয়াই বাংলাদেশের শ্রমিক-কৃষক-ছাত্র-মধ্যবিত্ত বুদ্ধিজীবি তথা সমগ্র জনতা ইতিপূর্বে বারবার রক্তঝরা সংগ্রামের পথে অগ্রসর হইয়াছিল। এই জনতাই মুক্তির দুর্বার আকাঙ্খা লইয়া হাজার হাজার বীর সন্তানের রক্তের বিনিময়ে সৃষ্টি করিয়াছিল ১৯৬৮-৬৯ সালের গৌরবোজ্জ্বল সুমহান গণঅভ্যুত্থান। ১৯৭০ সালের নির্বাচনে বাংলার জনগণ আবার সেই জাতীয় মুক্তির কামনাকেই বুকে করিয়া একচেটিয়াভাবে আওয়ামী লীগকে ভোটদান করিয়াছিল। তাহারা আশা করিয়াছিল শান্তিপূর্ণ উপায়ে দীর্ঘ চবিবশ বছরের নিপীড়ন ও নির্যাতনের অবসান ঘটিবে। কিন্তু ঠিক সেই মুহূর্তে নিরস্ত্র অপ্রস্তুত জনতার উপর নামিয়া আসিল শাসকগোষ্ঠীর সশস্ত্র হামলা। তবে এই হামলা জনগণের আকাঙ্খা অবদমিত করিতে পারে নাই বরং শোষকগোষ্ঠীর বিরুদ্ধে ঘৃণাকে আরও বেশী করিয়া তীব্র করিয়া তুলিয়াছে। তাই অপ্রস্তুত অবস্থায় হইলেও জনগণ প্রতিরোধ সংগ্রাম শুরু করিয়াছে। যে যেভাবেই পারিয়াছে সশস্ত্র আক্রমণের পাল্টা আক্রমণ করিয়াছে। বেঙ্গল রেজিমেন্ট, ই পি আর, পুলিশ ও বাংলার অসংখ্য তরুণ হানাদারদের বিরুদ্ধে শুরু করিয়াছে সশস্ত্র অভিযান। বাংলাদেশের জনগণ আজ নির্মম অভিজ্ঞতার ভিতর দিয়া এই শিক্ষা লাভ করিয়াছে যে শান্তিপূর্ণ উপায়ে আপসের পথে বাংলার জনগণকে বাঁচিয়া থাকার তাগিদেই আজ হানাদার দস্যুদের বিরুদ্ধে সশস্ত্র লড়াই অব্যাহত রাখিতে হইবে।

জাতীয় মুক্তিফ্রন্ট গড়ার আহবান

বাংলাদেশের এই অবস্থার পরিপ্রেক্ষিতে আমরা মনে করি বাংলার সমগ্র জনতাকে ঐক্যবদ্ধভাবে লড়াইয়ের পথে অগ্রসর হইতে হইবে। প্রতিটি রাজনৈতিক দল ও গ্রুপ, গণ-সংগঠন ও শ্রেণী-সংগঠন এবং প্রতিটি নাগরিকের মহান কর্তব্য পরস্পরের মধ্যে সমঝোতা রক্ষা করিয়া ঐক্যবদ্ধভাবে দেশমাতৃকার শৃংখল মোচনের সুমহান ব্রত লইয়া এই মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করা। কেননা এই যুদ্ধ সমগ্র জাতির যুদ্ধ, সমগ্র জনগণের যুদ্ধ। সমগ্র জনগণের অংশগ্রহণ ব্যতিরেকে আধুনিক অস্ত্রে-শস্ত্রে সুসজ্জিত হানাদার সামরিক বাহিনীর বিরুদ্ধে জয়লাভ করা সম্ভব নয়। এই বাস্তব উপলব্দির ভিত্তিতে মজলুম জননেতা মওলানা ভাসানী যে আহবান ও নির্দেশ দিয়াছেন তাহাকে অবলম্বন করিয়া ১লা জুন বাংলাদেশের কতিপয় রাজনৈতিক দল, গ্রুপ, ব্যক্তি, গণ-সংগঠন ও শ্রেণী-সংগঠন একত্রিত হইয়া ''বাংলাদেশের জাতীয় মুক্তি সংগ্রাম সমন্বয় কমিটি'' গঠন করিয়াছে। এই সমন্বয় কমিটির আশু লক্ষ্য হইল সুনির্দিষ্ট কর্মসূচী ও কর্মপদ্ধতির ভিত্তিতে বাংলাদেশের সরকারের ও মুক্তিসংগ্রামরত সকল শক্তির সহিত সংযোগ ও সমন্বয় সাধন করিয়া জাতীয় মুক্তিযুদ্ধকে সাফল্যের পথে অগ্রসর করিয়া লওয়া। আমরা বিশ্বাস করি, বাংলাদেশের জাতীয় মুক্তিসংগ্রামকে সফল করিয়া তুলিবার জন্য প্রয়োজন সকল দলমত ও ব্যক্তির সমবায়ে গঠিত একটি সুসংহত ও ঐক্যবদ্ধ জাতীয় মুক্তিফ্রন্টের। তাই এই সমন্বয় কমিটির তরফ হইতে আমরা আওয়ামী লীগসহ স্বাধীনতাকামী অন্যান্য সকল রাজনৈতিক দল, গ্রুপ, গণ-সংগঠন, শ্রেণী-সংগঠন ও দেশপ্রেমিক ব্যক্তিবর্গের নিকট এইরূপ একটি জাতীয় মুক্তিফ্রন্ট গঠনের আহবান জানাইতেছি।

চূড়ান্ত লক্ষ্য

এই সমন্বয় কমিটির চূড়ান্ত লক্ষ্য হইল বাংলাদেশকে হানাদার দস্যুদের হাত হইতে মুক্তি করিয়া বাংলার বুকে সাম্রাজ্যবাদ, সামন্তবাদ ও একচেটিয়া পুঁজিবিরোধী একটি স্বাধীন, সুখী, সুন্দর গণতান্ত্রিক সমাজব্যবস্থা প্রতিষ্ঠা করা। ইহা হইবে এমনই একটি সমাজব্যবস্থা যেখানে যুগ যুগ ধরিয়া শোষিত কৃষক জোতদারী-মহাজনী শোষণের নাগপাশ হইতে সত্যিকারের মুক্তিলাভ করিবে, যেখানে জমির উপর তাহার মালিকানা প্রতিষ্ঠিত হইবে, যেখানে শ্রমিক পাইবে স্ত্রী-পুত্র-কন্যা-পরিবারসহ মানুষের মতো বাঁচিবার গ্যারান্টি, যেখানে বেকারত্বের অভিশাপ থাকিবে না, যেখানে ছাত্রের জন্য থাকিবে বিজ্ঞানভিত্তিক সার্বজনীন গণতান্ত্রিক শিক্ষাব্যবস্থা, যেখানে বুদ্ধিজীবীরজন্য থাকিবে সৃজনশীল প্রতিভা বিকাশের পরিপূর্ণ সুযোগ। প্রতিটি নাগরিকের জন্য থাকিবে পরিপূর্ণ রাজনৈতিক, সাংস্কৃতিক ও ধর্মীয় স্বাধীনতা। এই সমাজ নারীর স্বাধীনতা ও মর্যাদা প্রতিষ্ঠা করিবে। উন্নতমানের কৃষিব্যবস্থা ও শিল্পবিকাশের মাধ্যমে গড়িয়া তুলিবে আত্মনির্ভরশীল অর্থনীতি ও একটি সমৃদ্ধশালী দেশ। এক কথায় এই সমাজব্যবস্থায় সমগ্র জনগণের জন্য থাকিবে অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষাও চিকিৎসা প্রভৃতির নূন্যতম গ্যারান্টি। এই বাংলা হইবে শ্রমিক, কৃষক, মেহনতি মানুষ, মধ্যবিত্ত, দেশপ্রেমিক ধনিক শ্রেণীর বাংলা-জনতার বাংলা।

আশু করণীয়

উপরোক্ত লক্ষ্য অর্জন করিবার জন্য পাকিস্তানী হানাদার বাহিনীকে প্রতিহত ও সম্পূর্ণরূপে উৎখাত করিবার কর্মসূচী হইতেছে সমন্বয় কমিটির আশু কর্তব্য। আমাদের এই কর্তব্য মহান ও কঠিন। যেহেতু হানাদারবাহিনী সামরিক দিক দিয়া শক্তিশালী, অন্যদিকে যেহেতু জনগণের হাতে অস্ত্র নাই, সেহেতু এই সমন্বয় কমিটি মনে করে যে গেরিলা যুদ্ধের কায়দায় ক্রমান্বয়ে শত্রুকে দুর্বল করিয়া এবং নিজেদের শক্তি সঞ্চয় করিয়া দীর্ঘ প্রক্রিয়ার ভিতর দিয়াই অগ্রসর হইতে হইবে। অন্যদিকে যেহেতু হানাদারবাহিনী বিদেশী বর্বর এবং সাড়ে সাত কোটি জনতার তুলনায় তাহাদের লোকবল অত্যন্ত নগণ্য, সেহেতু এই যুদ্ধে জনগণের জয় যে সুনিশ্চিত সে সম্পর্কেও এই সমন্বয় কমিটি দৃঢ়ভাবে বিশ্বাস করে। এই সমন্বয় কমিটি আরও মনে করে যে, সমগ্র জনগণের শক্তির পূর্ণ ব্যবহারের উপরই যুদ্ধের সাফল্য নির্ভর করে। কোন বিদেশী শক্তির উপর নির্ভর করিয়া নয়, নিজেদের শক্তিতে বলীয়ান হইয়াই এই মুক্তিযুদ্ধ চালাইয়া যাইতে হইবে। জনতার মধ্য হইতে সশস্ত্র গণফৌজ গড়িয়া তোলার লক্ষ্যকে সম্মুখে রাখিয়া আমাদের গেরিলা যুদ্ধের সূচনা করিতে হইবে। জনতার সংখ্যাগরিষ্ঠ অংশ কৃষকরাই হইবে গণফৌজের মূল শক্তি। বাংলাদেশের বিস্তীর্ণ গ্রামাঞ্চল হইবে সশস্ত্র গেরিলা যুদ্ধের ঘাঁটি। এই গেরিলা যুদ্ধ পরিচালিত হইবে বাংলাদেশের মুক্তিফৌজের সহিত যোগাযোগ রক্ষা ও সমন্বয় সাধনের মাধ্যমে।

তাই জাতীয় মুক্তিসংগ্রামের এই পর্যায়ে সমন্বয় কমিটি জনগণের নিকট নিম্নলিখিত করণীয় কর্তব্য উপস্থিত করিতেছেঃ

১। বাংলাদেশের প্রতিটি গ্রামে জনতার বিভিন্ন অংশের প্রতিনিধি সমবায়ে সর্বদলীয় গণ-মুক্তি পরিষদ গঠন করিতে হইবে। এই গণমুক্তি পরিষদ গ্রামের রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক, প্রশাসনিক ও সর্ববিধ কর্তৃত্ব গ্রহণ করিবে, গ্রামরক্ষীবাহিনী গঠন ও পরিচালনা করিবে এবং গণ-আদালত গঠন করিয়া বিচার ব্যবস্থা পরিচালনা করিবে।

২। পাক-জঙ্গীশাহী সরকারকে দেয় খাজনা, ট্যাক্স, ঋণ ও সুদ পরিশোধে সম্পূর্ণরূপে বন্ধ রাখিতে হইবে।

৩। যাহারা অতিরিক্ত মুনাফার আশায় প্রয়োজনতিরিক্ত খাদ্যশস্য মজুদ রাখিবে গ্রাম গণ-মুক্তি পরিষদ তাহাদের সেই উদ্বৃত্ত খাদ্যশস্য বাজেয়াপ্ত করিয়া গরীব জনসাধারণের মধ্যে বিক্রয়ের ব্যবস্থা করিবে।

৪। গ্রাম গণ-মুক্তি পরিষদ গ্রামে গরীব-জনসাধারণের উপর নিপীড়নমূলক মহাজনী ব্যবস্থা বন্ধ করিবে।

৫। (ক) যাহারা পাকিস্তানের শাসকগোষ্ঠীর সহিত কোন প্রকার সহযোগিতা ও সাহায্য প্রদান করিবে অথবা চর হিসাবে কাজ করিবে, গ্রাম গণ-মুক্তি পরিষদ তাহাদের কঠোরতম শাস্তি প্রদান করিবে এবং তাহাদের সকল সম্পত্তি বাজেয়াপ্ত করিয়া গরীব ও ভূমিহীন কৃষকদের মধ্যে বিতরণ করিবে।

খ) যে সকল জোতদার জাতীয় মুক্তির সপক্ষে থাকিবে তাহাদের সহিত পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে এমন ব্যবস্থা গ্রহণ করিতে হইবে যাহাতে গরীব কৃষক ও ক্ষেতমজুরদের উপর জোতদারের পূর্বতন শোষণ লাঘব হয়।

৬। বাংলাদেশের যে সকল নাগরিক বাস্তুহারা হইয়া দেশত্যাগ করিতে বাধ্য হইয়াছেন গ্রাম গণ-মুক্তি পরিষদ তাহাদের যাবতীয় সম্পত্তি তত্ত্বাবধান করিবে।

৭। যথোপযুক্ত বিলিবণ্টন, উৎপাদন বৃদ্ধি, কেনাবেচা, কুটিরশিল্পের বিকাশ সাধন প্রভৃতির মাধ্যমে গ্রাম এলাকায় আত্মনির্ভরশীল স্বয়ংসম্পূর্ণ অর্থনীতি গড়িয়া তুলিতে হইবে। এই ব্যবস্থার মূল ভিত্তি হইবে পারস্পরিক সাহায্য ও সহযোগিতা (mutual aid and mutual cooperation)।

৮। শিক্ষা ও সংস্কৃতি ক্ষেত্রে জাতীয় ভাবধারা সৃষ্টি করিতে হইবে। প্রচলিত শিক্ষা ও কলুষিত সাংস্কৃতিক রীতিনীতি সম্পূর্ণভাবে বর্জন করিতে হইবে।

৯। (ক) গ্রামে গ্রামে কৃষক-শ্রমিক-ছাত্র ও অন্যান্য জঙ্গী তরুণদের সমবায়ে ক্ষুদ্র ক্ষুদ্র গেরিলাদের গঠন করিতে হইবে। এই গেরিলাদল সুযোগ ও সুবিধামত বিচ্ছিন্নভাবে অবস্থিত শত্রুকে খতম ও ক্ষতিসাধন করিবে এবং শত্রুর অস্ত্র কাড়িয়া লইয়া নিজেদের অস্ত্রবল বৃদ্ধি করিবে।

(খ) হানাদার বাহিনী বাংলাদেশের মাটিতে যাহাতে নির্বিঘ্নে চলাফেরা, অস্ত্র-শস্ত্র, রসদপত্র সংগ্রহ ও সরবরাহ করিতে না পারে এবং নির্বিবাদে শাসন ও শোষণ চালাইতে না পারে, তাহার জন্য সকল প্রকার যোগাযোগ ব্যবস্থা ও সরবরাহ লাইন ইত্যাদির ক্ষতিসাধন করিতে হইবে।

(গ) গেরিলাদলকে জনগণের আস্থা ও ভালবাসা অর্জনের জন্য

-জনগণকে শ্রদ্ধা করিতে হইবে।

-জনগণকে সাহায্য করিতে হইবে।

-জনগণকে রক্ষা করিতে হইবে।

(ঘ) গেরিলা দল সামরিক দায়িত্ব সম্পাদনের সাথে সাথে জনগণের মধ্যে জাতীয় মুক্তির সপক্ষে রাজনৈতিক প্রচার আন্দোলনও চালাইবে।

(ঙ) যে সকল ব্যীক্ত, হানাদার পাক-সরকার ও পাক বাহিনী অথবা তাহাদের এজেন্টদের সহিত স্বেচ্ছায় রাজনৈতিক, অর্থনৈতিক, সামরিক অথবা যে কোন প্রকার সাহায্য ও সহযোগিতা করিবে তাহারা জাতীয় শত্রু বলিয়া পরিগণিত হইবে। পূর্ণ তদন্ত করিয়া সমষ্টিগত ভিত্তিতে তাহাদের খতম অথবা যে কোন প্রকার শাস্তি প্রদান করা হইবে।

১০। যাহারা জনগণের মনোবল নষ্ট করিবার জন্য গোপনে বা প্রকাশ্যে কোন প্রকার প্রচারকার্য চালাইবে তাহাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১১। যাহারা জনগণের দূরবস্থার সুযোগে ডাকাতি, গুন্ডামি ও অন্যান্য সমাজবিরোধী কার্যকলাপে লিপ্ত গণমুক্তি পরিষদের মাধ্যমে তাহাদের বিরুদ্ধে কঠোরতম শাস্তির ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১২। যাহারা মুক্তিসংগ্রামকে বিভক্ত ও বিপর্যস্ত করিবার জন্য কোন প্রকার সাম্প্রদায়িক ক্রিয়াকলাপ, উস্কানি অথবা প্রচারণা করিবে তাহাদের কঠোরতম শাস্তি ব্যবস্থা প্রদান করা হইবে।

১৩। শহরাঞ্চলে শত্রুকে বিপর্যস্ত ও ব্যস্ত রাখিবার জন্য ''আঘাত করো ও সরিয়া পড়ো'' নীতির ভিত্তিতে গেরিলা তৎপরতা চালাইতে হইবে।

১৪। সর্বস্তরের জনগণকে জঙ্গীশাহীর প্রশাসনিক ও সকল প্রকার ব্যবস্থার সহিত সম্পর্ক ছিন্ন করিয়া চলিতে হইবে।

১৫। বাংলাদেশের শ্রমিক শ্রেণীর প্রতি তাহাদের পূর্ব ঐতিহ্য অনুসরণ করিয়া শাসকগোষ্ঠী কর্তৃক নিয়ন্ত্রিত অর্থনীতির অচলাবস্থা অব্যাহত রাখিবার উদাত্ত আহবান সমন্বয় কমিটি জানাইতেছি।

এই সমন্বয় কমিটি ইহার অন্তর্ভূক্ত প্রতিটি সংগঠনের কর্মীদের প্রতি এই ঐতিহাসিক দায়িত্ব জনগণের সাথে থাকিয়া সুচারুরূপে সম্পন্ন করিবার নির্দেশ প্রদান করিতেছে। এই সমন্বয় কমিটির বহির্ভূত যাহারা অনুরূপভাবে বাংলার মুক্তি সংগ্রামে কাজ করিয়া যাইতেছে বা ভবিষ্যতে করিবে তাহাদের সহিত পরিপূর্ণ সহযোগিতার ভিত্তিতে উপরোক্ত দায়িত্ব পালন করিয়া যাইতে হইবে।

আমাদের ঘোষণা

এই পরিস্থিতিতে আজিকার এই জীবণ-মরণ সন্ধিক্ষণে আমাদের প্রিয় মাতৃভূমি ও জনগণের প্রতি গভীর দায়িত্ববোধের কথা স্মরণ রাখিয়া, ''বাংলাদেশ জাতীয় মুক্তিসংগ্রাম সমন্বয় কমিটি'' বাংলাদেশের এবং পৃথিবীর স্বাধীনতাকামী মানুষের নিকট দৃঢ়তার সহিত নিম্নোক্ত ঘোষণা পেশ করিতেছিঃ-

* সাম্রাজ্যবাদ, সামন্তবাদ ও একচেটিয়া বৃহৎ পুঁজিবাদীগোষ্ঠীর সেবাদাস পাকিস্তানের ফ্যাসিস্ট জঙ্গী শাসকচক্রের হানাদারবাহিনী গণহত্যা, লুটতরাজ, অগ্নিসংযোগ, নারী ধর্ষণ ও ব্যাপকভাবে নাগরিক বিতাড়নের মাধ্যমে বাঙ্গালী জাতিকে সম্পূর্ণ ধ্বংস করিবার যে সুপরিকল্পিত অভিয়ান চালাইতেছে তাহা প্রতিরোধ ও প্রতিহত করিয়া ''স্বাধীন সার্বভৌম গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশ'' প্রতিষ্ঠা করার দৃঢ়সংকল্প ঘোষণা করিতেছে।

*এই সমন্বয় কমিটি বাংলাদেশে যে সশস্ত্র জাতীয় মুক্তিসংগ্রাম চলিতেছে তাহাকে ঐক্যবদ্ধভাবে সাফল্যের পথে অগ্রসর করিয়া লইয়া যাইবার জন্য বলিষ্ঠ শপথ গ্রহণ করিতেছে এবং যাহারা অসীম সাহসিকতার সহিত আত্মত্যাগের মধ্য দিয়া এই জাতীয় মুক্তিসংগ্রামে অংশগ্রহণ করিতেছেন তাঁহাদের সহিত একাত্মতা ঘোষণা করিতেছে ও তাঁহাদের প্রতি সংগ্রামী অভিনন্দন জ্ঞাপন করিতেছে।

* সমন্বয় কমিটির সকল প্রকার দেশী-বিদেশী আপসমূলক চক্রান্তকে প্রতিহত করার শপথ গ্রহণ করিতেছে এবং সুস্পষ্ট ঘোষণা করিতেছে যে, বাংলাদেশের মাটি হইতে হানাদারবাহিনী নির্মূল না হওয়া পর্যন্ত এই সংগ্রাম থামিবে না। প্রতি ইঞ্চি জমির জন্য এবং প্রকৃত জাতীয় মুক্তির জন্য বাংলাদেশের জনগণ রক্ত দিয়াছে, দিতেছে ও ভবিষ্যতেও দিবে।

* বাংলাদেশের জাতীয় মুক্তিসংগ্রামে যাঁহারা শহীদ হইয়াছেন, যাঁহারা লাঞ্চিত ও নির্যাতিত হইয়াছেন, সর্বস্ব হারাইয়াছেন, এই সমন্বয় কমিটি তাহাদের প্রতি গভীর শ্রদ্ধা ও সমবেদনা প্রকাশ করিতেছে। যাহারা চরমভাবে নির্যাতিত হইয়া শেষ পর্যন্ত দেশত্যাগে বাধ্য হইয়াছেন, এই সংস্থা মুক্ত স্বাধীন পরিবেশে তাহাদের নিরাপদ পুনর্বাসনের জন্য সংগ্রামের সংকল্প ঘোষণা করিতেছে।

* বাংলাদেশের শ্রমিক, কৃষক, ছাত্র-যুবক, বেঙ্গল রেজিমেন্ট, ই পি, আর, পুলিশ, আনসার, মোজাহিদ এবং সকল স্বেচ্ছাসৈনিকেরা দেশপ্রেমে উদ্বুদ্ধ হইয়া স্বতঃপ্রবৃত্তভাবে যে জাতীয় মুক্তি সংগ্রামে অংশগ্রহণ করিতেছেন এই সমন্বয় কমিটি তাহাদের প্রতি সংগ্রামী অভিনন্দন জ্ঞাপন করিতেছে।

* বাংলাদেশের জাতীয় মুক্তিসংগ্রামের প্রতি এবং বাস্তুহারা শরনার্থীদের প্রতি ভারতীয় জনগণ বিশেষ করিয়া পশ্চিমবঙ্গ, ত্রিপুরা, আসাম ও মেঘালয়ের জনগণ ও যে সাহায্য ও সগযোগিতা করিয়াছেন তাহার জন্য এই সমন্বয় কমিটি তাহাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছে।

* এই সমন্বয় কমিটি সিন্ধী, বালুচ, পাঠান, পাঞ্জাবী জনগণ বিশেষ করিয়া শ্রমিক, কৃষক, মেহনতী জনগণের নিকট পাকিস্তানী ফ্যাসিস্ট জঙ্গী শাসকচক্রের বাংলাদেশে গণহত্যার বিরুদ্ধে এবং বাংলাদেশের মুক্তিসংগ্রামের সপক্ষে তীব্র গণ-আন্দোলন গড়িয়া তুলিবার আহবান জানাইতেছে।

* এই সমন্বয় কমিটি বিশ্বের সকল স্বাধীনতাপ্রিয় জনগণ, গণতান্ত্রিক ও সমাজতান্ত্রিক রাষ্ট্রের নিকট বাংলাদেশের জাতীয় মুক্তিসংগ্রামে সর্বতোভাবে সাহায্য করিবার আবেদন জানাইতেছে। অফুরন্ত জনবল আমাদের রহিয়াছে, অর্থ রসদ, ঔষদপত্র ও নৈতিক সমর্থন।

* এই সমন্বয় কমিটি বাংলাদেশ সরকার ও মুক্তিসংগ্রামরত সকল শক্তির সহিত সংযোগ ও সমন্বয় সাধন করিয়া জাতীয় মুক্তিসংগ্রামকে ঐক্যবদ্ধভাবে সাফল্যের পথে অগ্রসর করিয়া লইবার সিদ্ধান্ত ঘোষণা করিতেছে।

* এই সমন্বয় কমিটি বাংলাদেশের আওয়ামী লীগসহ সকল রাজনৈতিক দল, শ্রেণী-সংগঠন ও গণ-সংগঠন এবং ধর্ম, বর্ণ, ভাষা, সম্প্রদায় নির্বিশেষে সকল দেশপ্রেমিক জনগণকে ''জাতীয় মুক্তিফ্রন্ট'' গঠন করিয়া গণ-যুদ্ধের মাধ্যমে পাকিস্তানের শাসকগোষ্ঠীকে ঐক্যবদ্ধভাবে মোকাবিলা ও বাংলাদেশের মাটি হইতে উৎখাত করিবার জন্য উদাত্ত আহবান জানাইতেছে। এই সংস্থা দৃঢ়ভাবে বিশ্বাস করে যে, যেহেতু জাতীয় মুক্তিসংগ্রাম সমগ্র জনতার লড়াই, সেই জন্য সমগ্র জনতার আশা আকাঙ্খার পরিপূরক একটি সুসংহত ও ঐক্যবদ্ধ জাতীয় মুক্তিফ্রন্টই তাহাকে নিশ্চিতভাবে চূড়ান্ত বিজয়ের পথে অগ্রসর করিয়া লইয়া যাইতে পারে।

বাংলার সংগ্রামী জনতা!

সারা বাংলাদেশ ব্যাপী মরণপণ যুদ্ধ চলিতেছে- স্বাধীনতার যুদ্ধ। লাঞ্ছিত জাতির অপমান মোচনের, পরাধীন দেশমাতৃকার শৃংখল মোচনের এই জীবন-মরণ লড়াইয়ে আমরা সকলেই শরীক হইয়াছি। বাংলাদেশ স্বাধীন না হওয়া পর্যন্ত এই যুদ্ধের ক্ষান্তি নাই, শ্রান্তি নাই। যে দস্যুর দল আমাদের পিতা-মাতা, ভ্রাতা-ভগ্নী, পুত্র-কন্যাকে হত্যা করিয়াছে, মা-বোনের সম্ভ্রব বিনষ্ট করিয়াছে, আসুন, আমরা তীব্র প্রতিহিংসার জ্বালা ও ঘৃণা লইয়া সেই দস্যুর উপর সশস্ত্রভাবে ঝাঁপাইয়া পড়ি। তাহাকে খতম করি। রক্তের প্রতিশোধ গ্রহণ করি। আমাদের যুদ্ধ ন্যায়ের যুদ্ধ। তাই জয় আমাদের অবশ্যম্ভাবী। পাকিস্তানী হানাদার দস্যুর পরাজয় অনিবার্য। বাংলাদেশ স্বাধীন হবেই।

-স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ জিন্দাবাদ।

-জনতার সশস্ত্র বিপ্লব জিন্দাবাদ।

১লা জুন

১৯৭১ সাল।

বাংলাদেশ জাতীয় মুক্তি সংগ্রাম সমন্বয় কমিটি

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশের সমস্যার রাজনৈতিক নিষ্পত্তির বিরোধিতা করে মওলানা ভাসানীর প্রেস বিজ্ঞপ্তি	দি ইন্ডিয়ান এক্সপ্রেস (নয়াদিল্লী)	২ জুন, ১৯৭১

FREEDOM ONLY WAY OUT: BHASHANI

Report of Maulana Abdul Humid Khan Bhashani, National Avvami Party Leader, talks with newsmen on current movement in Bangladesh on May 31, 1971.

Complete freedom from Bangladesh is only solution for saving the people from "inhuman exploitation of the Bengalees by West Pakistanis," Maulana Abdul Hamid Khan Bhashani, the National Awami party leader, declared here yesterday.

He deplored the attitude of those who talked of a "political settlement" of the Bangladesh problem and said that having been subjected to the world's worst savage repression and exploitation for the past 23 years, the people of Bangladesh were now waging a total war. There was, therefore, no chance of any political settlement now. Either total destruction or total victory was in store for them but the supreme sacrifices by 7.5 million people would not go in vain, he said.

The octogenarian NAP leader was talking to newsmen on the current liberation movement in Bangladesh.

Maulana Bhashani said it was a strange that those countries, which stood for the "oppressed" in the world had kept quiet at the unheard of oppression and wanton destruction of human lives in Bangladesh now.

He said he had sent telegrams to the Soviet Prime Minister, Mr. Kosygin, the Chinese Chairman, Mr. Mao Tse-tung, the US President, Mr. Nixon, and the British Prime Minister, Mr. Heath, asking them not to be misled by Pakistani propaganda but to send their emissaries to study the situation here.

The NAP leader said that all sections of the people of his country had protested against the imperialist designs in Vietnam and the French bombing on the Suez Canal. But it was an irony of fate that the same people for whom they had wept, now seemed to be swayed by the vile propaganda by Pakistan that the struggle in Bangladesh was a secessionist movement. They should know that it was a liberation war by 7.5 crores of people "reduced to mere skeleton through age-long exploitation, economically and politically," he said.

Maulana Bhashani said he had issued instructions to form all-party committees in the districts of Bangladesh to continue the liberation movement.

The Maulana said that except for a section of the Muslim League, all parties were now out to support the main issue-liberation of the people.

The Exploited

Replying to a question if lhe extremist elements would join such an all-party committee in view of their attitude towards other parties, particularly the Awami League, the NAP leader said: "I think national liberation is the main task before the people, whichever party they may belong".

Maulana Bhashani said that the fight in Bangladesh was between two sections of Muslims-the exploiters and the exploited.

In a talk with newsmen, the NAP leader denied that the current "revolution" in his
country had been imported from India or any other land. Whenever the Pakistani rulers could not solve any problem, they blamed India to save their skin. Had India abetted this revolution, it could have given recognition to the Provisional Government, of Sheikh Mujibur, Rahman, he said adding that on many occasions he himself had been described as "an agent of India".

The octogenarian leader said that the British had left the Indian sub-continent in time and it was high time that Yahya regime left Bangladesh. The more the delay the more would be the complications, he added.

Maulana Bhashani does not know where is wife and children are at present.

"I do not know whether they are dead or alive," he said, answering a question by a
correspondent about a Pakistani report of his "arrest" by the Yahya Khan Government.

He said that he had heard the report after his house at Kagmari in Mymensingh District had been destroyed. But he had no information about his wife and children. However, what hurt him most personally was the total destruction by Pakistani troops of his small library, which contained the "collection of a life time," he said.

শিরোনাম	সূত্র	তারিখ
মওলানা ভাসানীর সাংবাদিক সাক্ষাৎকারের বিবরণ	ন্যাশনাল হেরাল্ড (নয়াদিল্লী)	৩ জুন, ১৯৭১

BHASHANI : NO POLITICAL SETTLEMENT

Report of Maulana Bhashani's talk: with some local and foreign correspondents somewhere in a liberated area of Bangladesh on June 2, 1971.

The octogenarian National Awami Party leader. Maulana Bhashani. made it absolutely clear that they did not want any mediation for a political settlement of the Bangladesh issue. He, however, reiterated his earlier stand that a referendum could be held under the direct supervision of the United Nations to assertion the wishes of the Bangladesh people. The NAP leader was talking with some local and foreign correspondents somewhere in a liberated area of Bangladesh. He asked: 'How can there be a political settlement with the invaders who have killed lakhs of defenseless people and unleashed a reign of terror in Bangladesh?"

The Maulana said that their main aim was to liquidate the hordes of West Pakistan. "We will fight to the finish: either we achieve victory or die", he said.

Mr. Bhashani spoke in the same vein as the leaders of the Awami League had done a few days ago. During his talk with newsmen he called the Chinese bluff and said that he was never a Communist.

Deprecating the international inaction, he said it was strange that the world community behaved like a silent spectator when Bangladesh was being drenched with the blood of its people. There was not a single country left to whom he had not approached seeking recognition to the Bangladesh Government, he said. They had only expressed sympathy.

The NAP leader expressed his gratitude to the Indian Government for helping lakhs of refugees with food and shelter. He felt sorry that no other country, be it a socialist or imperialist, had taken any note of the pitiable plight of the people of Bangladesh.

In reply to a query he said that China's friendliness with the military junta of Islamabad was a strange politics. He ruled out the possibility of his ever-visiting China. For long popularly known as a<friend of China, the Maulana said that Peking would one day realize mistakes in supporting Islamabad.

The Maulana is against the formation of a liberation front or a National Government at this stage because, according to him, there might be a struggle for leadership "which will jeopardize our cause." He said he was in favor of an all-party action committee to mobilize the people for the long-drawn battle against Pakistan.

He emphatically said that Pakistan and Bangladesh "can never meet together, the breach is total and final", he prophesied.

শিরোনাম	সূত্র	তারিখ
মুক্তিযুদ্ধ ও রাজনৈতিক পরিস্থিতি ব্যাখা করে পূর্ববাংলার সর্বহারা পার্টি	পূর্ববাংলার সর্বহারা পার্টির প্রচারপত্র	৭ জুন, ১৯৭১

পূর্ব বাংলার সর্বহারা পার্টির নেতৃত্বে বরিশাল ও অন্যান্য জেলায় জাতীয় মুক্তিযুদ্ধ চলছে, একে সমর্থন করুন ! জাতীয় শত্রুখতমের মাধ্যমে সমগ্র পূর্ব বাংলায় গেরিলা যুদ্ধ চালিয়ে যান ! জাতীয় মুক্তিফ্রন্ট গঠন করে নিজেদেরকে ঐক্যবদ্ধ করুন ! নিজেদের শক্তির উপর নির্ভর করে পূর্ব বাংলায় জাতীয় মুক্তিযুদ্ধ পরিচালনা করুন ।

পূর্ব বাংলার সর্বহারা পার্টি কর্তৃক পূর্ব বাংলার জনগণের উদ্দেশ্য প্রচারিত। (পূর্ব বাংলার সর্বহারা পার্টি, পূর্ব বাংলা শ্রমিক আন্দোলন কর্তৃক ৩রা জুন, ১৯৭১ প্রতিষ্ঠিত।)

১

পূর্ব বাংলার বীর জনগণ পাকিস্তানের ঔপনিবেশিক সামরিক ফ্যাসিস্টদের সুদীর্ঘ তেইশ বৎসরের ঔপনিবেশিক শোষণ ও লুণ্ঠনের পাহাড় উপরে ফেলার জন্য দেশের অফিস-আদালত-যোগাযোগ-ব্যবসা-বাণিজ্য বন্ধ করে দেয়। এভাবে তারা সমগ্র পূর্ব বাংলার পাকিস্তানী ঔপনিবেশিক শাসকগোষ্ঠীর লুণ্ঠন ও শোষণের যন্ত্রকে বিকল করে দেয়।

ঔপনিবেশিক সামরিক ফ্যাসিস্টরা জনগণের জাতীয় মুক্তির শান্তিপূর্ণ সংগ্রাম দমন করার জন্য বাংলার রাজধানী ঢাকার বুকে চরমতম ফ্যাসিবাদী বর্বরতা প্রদর্শন করে এবং অন্যান্য শহরে সৈন্য মোতায়েন করে হত্যা, লুট, অগ্নিসংযোগ ও গ্রেফতার চালায়।

যেখানেই অত্যাচার সেখানেই বিদ্রোহ-বিপ্লব। অহিংস-অসহযোগের ভুল পথ পরিত্যাগ করে জনসাধারণ ফ্যাসিবাদী বর্বর হামলার বিরুদ্ধে অস্ত্রহাতে বিদ্রোহী দেশপ্রেমিক বেঙ্গল রেজিমেন্ট, ইপিআর, পুলিশ, আনসার, সরকারী কর্মচারী, ছাত্র, শ্রমিক, কৃষক, বুদ্ধিজীবি অর্থাৎ পূর্ব বাংলার সমগ্র জনসাধারণ অস্ত্রহাতে রুখে দাঁড়ায় এবং অধিকাংশ জেলা দখল করে নেয়, সামরিক দস্যুদের সেখানে খতম করে এবং ক্যান্টনমেন্ট ঘেরাও করে।

পাকিস্তানের ঔপনিবেশিক সামরিক ফ্যাসিস্টরা পুনরায় সমগ্র পূর্ব বাংলায় তাদের দখল কায়েমের জন্য বিরাট শক্তি নিয়ে ঝাঁপিয়ে পড়ে এবং হত্যা, লুট, অগ্নিসংযোগ এবং ধর্ষণের তান্ডবলীলা শুরু করে। বিশেষ করে হিন্দু জনসাধারণের উপর তারা যে অত্যাচার চালায় তা হিটলারের ইহুদীবিরোধী তৎপরতাকে ম্লান করে দিয়েছে। এভাবে তারা পৃথিবীর বুকে অত্যাচারের নির্মমতম নজীর স্থাপন করে। সঠিক নেতৃত্ব ও পথে পরিচালিত না হওয়ায় সশস্ত্র দেশপ্রেমিক প্রতিরোধ ভেঙ্গে পড়ে, সামরিক দস্যুরা সমগ্র পূর্ব বাংলাব্যাপী তাদের ফ্যাসিস্ট ঔপনিবেশিক দখল করতে সক্ষম হয়।

২

পূর্ব বাংলার শ্রমিক আন্দোলন প্রতিনিয়ত আওয়ামী লীগ ও তার নেতৃত্বে মুক্তিবাহিনী, সকল দেশপ্রেমিক পার্টি ও জনসাধারণের প্রতি ঐক্যবদ্ধ হয়ে সঠিক পথে সংগ্রাম পরিচালনা করতে আহবান জানায়। বরিশাল জেলার ঝালকাঠির মুক্তিবাহিনী ও আওয়ামী লীগের দেশপ্রেমিকরা আহবানে সাড়া দেয়। তাদের অংশগ্রহণসহ অন্যান্য দেশপ্রেমিকদের নিয়ে স্থানীয় ভিত্তিতে জাতীয় মুক্তিফ্রন্ট গঠন করা হয়।

ঐক্যবদ্ধ মুক্তিবাহিনী তফসিলী হিন্দু সম্প্রদায় অধ্যুষিত পূর্ব বাংলার বৃহত্তম পেয়ারা বাগান কুরিয়ানা, ডুমুরিয়া, ভীমরুলী এলাকায় গেরিলা যুদ্ধ পরিচালনা করে।

এই গেরিলা যুদ্ধের রূপ হয় প্রধানত জাতীয় শত্রুখতম করা। অতি অল্প সময়ের মধ্যেই কয়েক শত জাতীয় শত্রুখতম করা হয় ; পাক সামরিক দস্যুদের একখানি লঞ্চ আক্রমণ করা হয় এবং প্রায় তিরিশজন সামরিক দস্যুকে খতম করা হয়, দুজন পুলিশসহ দুই ইঞ্জিন বিশিষ্ট একটি স্পীড বোট দখল করা হয়।

মে মাসের প্রথম থেকে শুরু করে প্রায় দেড়মাস সময়কালীন এ অঞ্চলের গেরিলা যুদ্ধে পাকিস্তানী সামরিক দস্যুরা এত ভীতসন্ত্রস্ত হয় যে, তারা বরিশাল জেলার প্রায় সমস্ত সৈন্য এবং অনেক থানার পুলিশ নিয়ে এ অঞ্চল ঘেরাও করে। তারা জলপথে কারফিউ জারী করে, গানবোট, স্পীডবোট, লঞ্চ দিয়ে দিনরাত পাহারা দেয়, বরিশাল জেলার কয়েক হাজার মুসলিম জনসাধারণকে হত্যার ভয় দেখিয়ে পেয়ারা গাছ কাটা, মুক্তিবাহিনীকে খোঁজ করা, হিন্দুদের বাড়ি লুট করা, তাদেরকে খতমের জন্য নিয়ে আসে।

এ অঞ্চলের সমস্ত ঘরবাড়ি তারা জ্বালিয়ে দেয়, লুট করে, শত শত লোককে হত্যা করে, পেয়ারা গাছ কেটে ফেলে-কিন্তু মুক্তিবাহিনীর সন্ধান তারা পায়নি। মুক্তিবাহিনী তাদের ঘেলাও পার হয়ে বরিশাল জেলার বিভিন্ন স্থানে জাতীয় শত্রুখতমের মাধ্যমে গেরিলা যুদ্ধ চালিয়ে যাচ্ছে। কোন শক্তিই তাদেরকে ধ্বংস করতে পারবে না। বরিশালের গেরিলা যুদ্ধের সমর্থনে পূর্ব বাংলার অন্যান্য স্থানে জাতীয় শত্রুখতমের মাধ্যমে গেরিলা যুদ্ধ চলছে।

৩

পূর্ব বাংলার জাতীয় প্রশ্ন নিয়ে মার্কিন সাম্রাজ্যবাদ ও সোভিয়েট সামাজিক সাম্রাজ্যবাদীরা আন্তর্জাতিক ষড়যন্ত্রে মেতেছে। তারা লুণ্ঠন-শোষণ বজায় রাখা এবং চীন জনগণ কমিউনিজম বিরোধিতার জন্য গোটা পাকিস্তান ও ভারত যৌথ সামরিক জোট বা পূর্ব বাংলা-ভারত যৌথ সামরিক জোট স্থাপনের দ্বিমুখী লক্ষ্য সামনে রেখে, তাদের সমর্থকদের নেতৃত্বে পূর্ব বাংলার জাতীয় সংগ্রামকে ব্যবহার করছে। পাকিস্তান যাতে তাদের হাতছাড়া না হয় এ জন্য তারা একে সাহায্য ও সহায়তা করছে। এ উদ্দেশ্যে তারা নিজেদের মাঝে সহযোগিতা করছে আবার পাকিস্তান-ভারত-বাংলাদেশের উপর একচেটিয়া প্রভাব স্থাপনের জন্য নিজেদের মাঝে প্রতিদ্বন্দ্বিতাও করছে।

মার্কিন সাম্রাজ্যবাদ, সোভিয়েট সামাজিক সাম্রাজ্যবাদ, আমলাতান্ত্রিক পুঁজিবাদ ও সামন্তবাদ এই চার পাহাড়ের শোষণের প্রতিনিধিত্বকারী ভারতীয় প্রতিক্রিয়াশীল শাসকগোষ্ঠী তাদের সমর্থকদের নেতৃত্বে পূর্ব বাংলার মুক্তিসংগ্রাম সমর্থন ও সহায়তা করছে। তাদের উদ্দেশ্য হলো পূর্ব বাংলায় এই চার পাহাড়ের শোষণ ও লুণ্ঠন কায়েম করা এবং চীনবিরোধী, জনগণ ও কমিউনিস্ট বিরোধী বাংলা-ভারত যৌথ সামরিক জোট স্থাপন করা।

অতীতে নেতাজী সুভাষ বোস ভারতের আনয়নের জন্য জাপানী ফ্যাসিস্টদের সহায়তায় আজাদ হিন্দু ফৌজ ও সরকার গঠন করে এবং জাপান-জার্মান ফ্যাসিস্টদের মিত্র হিসেবে কাজ করে। জাপানী ফ্যাসিস্টদের সহায়তার প্রকৃত উদ্দেশ্য ছিল আজাদ হিন্দু ফৌজ ও সরকারকে নিজের সাহায্যকারী শক্তি হিসেবে ব্যবহার করা এবং বৃটিশদের উৎখাত করে নেতাজীর নেতৃত্বে পুতুল সরকার গঠন করে ভারতকে তাদের সাম্রাজ্যভুক্ত করা। দ্বিতীয় মহাযুদ্ধের পরাজয় জাপানীদের এ স্বপ্ন নস্যাৎ করে দেয়। এভাবে প্রতিক্রিয়াশীলদের সহায়তায় ভারতকে মুক্ত করার প্রচেষ্টা ব্যর্থ হয়।

অতীত ও বর্তমান বিশ্বের ঘটনাবলী আমাদের শিক্ষা দেয় মার্কিন সাম্রাজ্যবাদ, সোভিয়েট সামাজিক সাম্রাজ্যবাদ ও ভারতীয় প্রতিক্রিয়াশীলদের সহায়তায় কখনই পূর্ব বাংলা বা বিশ্বের অন্য কোন দেশ, জাতি ও জনগণের সত্যিকার মুক্তি আসতে পারে না। এদের সহায়তা জাতীয় মুক্তিসংগ্রামকে হয় বানচাল করবে বা জাতীয় মুক্তির নামে চার পাহাড়ের শোষণ ও লুণ্ঠন পূর্ব বাংলায় কায়েম করবে।

পূর্ব বাংলার দেশপ্রেমিক জনগণ ও বিশ্বের বিপ্লবী জনগণ পূর্ব বাংলার জাতীয় প্রশ্নে সাম্রাজ্যবাদ, সামাজিক সাম্রাজ্যবাদ ও ভারতীয় সম্প্রসারণবাদের এ সকল জঘন্য চক্রান্তকে কখনই সমর্থন করতে পারে না।

কাজেই পাকিস্তানের ঔপনিবেশিক শাসকগোষ্ঠীকে উৎখাত করার সাথে সাথে মার্কিন সাম্রাজ্যবাদ, সোভিয়েট সামাজিক সাম্রাজ্যবাদকেও পূর্ব বাংলা থেকে উৎখাত করতে হবে এবং ভারতীয় সম্প্রসারণবাদের মাধ্যমে চার পাহাড়ের শোষণ কায়েমের বিরোধিতা করতে হবে এবং প্রতিক্রিয়াশীল শক্তির সাহায্যের উপর ভিত্তি না করে নিজেদের শক্তির উপর নির্ভর করে সংগ্রাম পরিচালনা করতে হবে।

৪

গত কয়েক মাসের অভিজ্ঞতা প্রমাণ করেছে পূর্ব বাংলার জনগণের মহান জাতীয় মুক্তিসংগ্রাম সঠিকপথে পরিচালিত করার জন্য একটি বিপ্লবী রাজনৈতিক পার্টির প্রয়োজন। এইরূপ একটি বিপ্লবী পার্টি প্রতিষ্ঠার জন্য পূর্ব বাংলা শ্রমিক আন্দোলন গত সাড়ে তিন বৎসর ধরে বিপ্লবী কাজ করে আসছে। এ সময়কার বিপ্লবী অনুশীলনে পূর্ব বাংলা শ্রমিক আন্দোলনের রাজনৈতিক, সাংগঠনিক, সামরিক লাইনের সঠিকতা ঐতিহাসিকভাবে প্রমাণিত হয়েছে। পক্ষান্তরে মণি সিং-মোজাফফর সংশোধনবাদী, হক-তোয়াহা নয়া সংশোধনবাদী দেবেন-মতিন ট্রটস্কি-চে'বাদী, কাজী-রনো ষড়যন্ত্রকারী বিশ্বাসঘাতক চক্র রাজনৈতিক, সামরিক ও তত্ত্বগত ক্ষেত্রে সম্পূর্ণরূপে পরাজিত হয়েছে। পূর্ব বাংলা শ্রমিক আন্দোলনের কর্মীরা জাতীয় মুক্তির গেরিলা যুদ্ধ সূচনা ও পরিচালনা করার মাধ্যমে জাতীয় মুক্তিবাহিনী গড়ে তুলছে; দেশপ্রেমিক জনসাধারণকে ঐক্যবদ্ধ করে জাতীয় মুক্তিফ্রন্ট গড়ে তুলছে; বিপ্লবী অনুশীলনের প্রক্রিয়ার মতাদর্শগত ক্ষেত্রে পুনর্গঠিত হচ্ছে। এভাবে সর্বহারা রাজনৈতিক পার্টি প্রতিষ্ঠার যথাযথ অবস্থার সৃষ্টি হয়েছে।

এ কারনে পূর্ব বাংলা শ্রমিক আন্দোলন তার ঐতিহাসিক ভূমিকা সমাপ্ত করে পূর্ব বাংলার সর্বহারা পার্টি প্রতিষ্ঠা করেছে। ইহা পূর্ব বাংলার সর্বহারা শ্রেণীর রাজনৈতিক পার্টি এবং এর পথপ্রদর্শক তাত্ত্বিক ভিত্তি হলো মার্কসবাদ লেনিনবাদ মাও সেতুঙ চিন্তাধারা। ইহা হচ্ছে বিশ্বের বিপ্লবী সংগ্রামের অভিজ্ঞতার সার সংকলন, ইহা বিপ্লবের বিজ্ঞান। ইহার প্রয়োগের মাধ্যমেই পূর্ব বাংলার বিপ্লব বাস্তবায়িত হবে।

পূর্ব বাংলার বাঙালী জাতির অস্তিত্ব আজ বিপন্ন; পূর্ব বাংলার সকল সংগ্রামরত দেশপ্রেমিক রাজনৈতিক পার্টি, ব্যক্তি, গোষ্ঠী, ধর্মীয়, ভাষাগত উপজাতীয় সংখ্যালঘু, মুক্তিবাহিনী, বিভিন্ন শ্রেণী, স্তর, অর্থাৎ পূর্ব বাংলার সমগ্র জনগণ ঐক্যবদ্ধ হোন; বরিশালের দৃষ্টান্ত অনুসরণ করে জাতীয় মুক্তিফ্রন্ট গঠন করুন; নিজেদের শক্তির উপর নির্ভর করে জাতীয় শক্তি খতমের মাধ্যমে গেরিলা যুদ্ধ চালিয়ে যান; জাতীয় শত্রুর অস্ত্রে নিজেদেরকে সজ্জিত করুন: গ্রামসমূহ থেকে পাকিস্তানের ঔপনিবেশিক সরকারের দালালদের উৎখাত করুন; গ্রামকে মুক্ত করুন; সুবিধামত পেলে সামরিক ও পুলিশ দস্যুদের খতম করুন; তাদের অস্ত্রে নিজেদেরকে সজ্জিত করুন- এভাবে পূর্ব বাংলার ভূমিতে নিজেদের শক্তির উপর নির্ভর করে পাকিস্তানী সামরিক দস্যুদের পরাজিত ও ধ্বংস করুন; পূর্ব বাংলাকে মুক্তি করে স্বাধীন গণতান্ত্রিক, শান্তিপূর্ণ, নিরপেক্ষ, প্রগতিশীল, পূর্ব বাংলার প্রজাতন্ত্র কায়েম করুন।

পূর্ব বাংলার সর্বহারা পার্টি-জিন্দাবাদ।
জাতীয় মুক্তিফ্রন্ট-কায়েম করুন।
জাতীয় মুক্তিবাহিনী-জিন্দাবাদ।
জাতীয় মুক্তিযুদ্ধ-জিন্দাবাদ।

পাকিস্তানী ঔপনিবেশিক সামরিক দস্যু ও তাদের দালাল জাতীয় শত্রুদের খতম করুন। মণি সিং-মোজাফফর সংশোধনবাদী, হক-তোয়াহা নয়া সংশোধনবাদী, দেবেন-মতিন ট্রটস্কি-চে'বাদী, কাজী-রনো ষড়যন্ত্রকারী-ধ্বংস হোক।

শিরোনাম	সূত্র	তারিখ
কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের সদস্য শাজাহান সিরাজের বক্তৃতা	বাংলাদেশ কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের দলিল	২৫ জুন, ১৯৭১

বাংলাদেশ কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ

BANGLADESH CENTRAL STUDENT'S ACTION COMMITTEE

বাংলাদেশের মুক্তিকামী ভাই-বোনেরা,

বিশ্বের ইতিহাসের জঘন্যমত গণহত্যাকারী, রক্তলোলুপ, খুনী, লম্পট, মদখোর, পিশাচ ইয়াহিয়া ও তার পাকিস্তান সেনাবাহিনী বুলেট, বেয়নেট, ট্যাঙ্ক, কামান, আর পাশবিক অত্যাচারে বাংলার সাড়ে সাত কোটি মানুষের গণজীবন আজ সম্পূর্ণ বিপর্যস্ত। বাংলার সাড়ে সাত কোটি মানুষের অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিব ও তাঁর প্রাণের চেয়েও প্রিয় বাংলাদেশ ও বাঙালী জাতিকে পৃথিবীর ইতিহাস থেকে নিশ্চিহ্ন করার জঘন্য ষড়যন্দ্রকারী খুনী ইয়াহিয়া ও তার হানাদার বাহিনী বিনা নোটিশে বাংলার নিরস্ত্র মানুষের উপর সশস্ত্র হামলা চালিয়েছে। যুদ্ধের সমস্ত আইনকানুন উপেক্ষা করে ২৫শে মার্চ রাতের অন্ধকারে ঘুমন্ত বাংলার শহর, বন্দর, গ্রামের নিরস্ত্র মানুষের উপর অতর্কিতে সশস্ত্র হামলা চালিয়ে লক্ষ লক্ষ মানুষকে হত্যা করেছে। হানাদার বাহিনীর সৈন্যরা আজও জ্বালিয়ে পুড়িয়ে ছারখার করছে গ্রামের পর গ্রাম, বিশ্ববিদ্যালয়, স্কুল-কলেজ, মসজিদ-মন্দির, হাট-বাজার, দোকানপাট। বাংলাদেশের একের পর এক তল্লাশী করে সক্ষম যুবকদের মেশিনগানের শিকারে পরিণত করছে। লক্ষ লক্ষ নিরীহ পরিবারকে করছে গৃহহারা। বর্বর সেনাবাহিনীর অত্যাচার এখানেই শেষ নয়। বাংলাদেশের মা-বোনেরাও রক্ষা পায়নি তাদের পাশবিক অত্যাচারের হাত থেকে। পিতার সামনে যুবতী মেয়েকে, স্বামীর চোখের সামনে স্ত্রীকে নিয়ে পাশাবিক অত্যাচার চালাচ্ছে। শত শত মা-বোনকে ধরে নিয়ে তাদের ইজ্জত নষ্ট করে তাদেরকে উলঙ্গ করে ফেলে রাখছে পথে-প্রান্তরে। প্রতিদিন শত শথ যুবকের রক্ত নিয়ে মৃতদেহ নদীতে ভাসিয়ে দিচ্ছে। এই বর্বরতা থেকে রেহাই পায় না দুধের শিশু আর বৃদ্ধরাও।

কিন্তু মাতাল ইয়াহিয়া বাহিনীর এই পাশবিক অত্যাচার পারেনি বাংলার স্বাধীনতা সংগ্রামকে স্তব্দ করতে। ২৫শে রাতে গ্রেফতারের পূর্বে স্বাধীন বাংলার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিব ''স্বাধীন গণতান্ত্রিক বাংলাদেশ'' ঘোষণা করেছেন। নেতার নির্দেশ বাংলার প্রতিটি আনাচে-কানাচে পৌঁছানোর সাথে সাথে ইস্ট বেঙ্গল রেজিমেন্ট, ই পি আর বাহিনী, পুলিশ, আনসার, মুজাহিদ ও মুক্তিবাহিনী এক হয়ে পাকিস্তানী সেনাবাহিনীকে বাংলার মাটি থেকে নিশ্চিহ্ন করতে সশস্ত্র যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছে। বাংলার সাড়ে সাত কোটি কৃষক, শ্রমিক, বুদ্ধিজীবি, মেহনতি মানুষও পাকিস্তান উপনিবেশবাদের শৃঙ্খল থেকে বাংলাদেশকে মুক্ত করার নিয়েছে এক ইস্পাতকঠিন শপথ। পৃথিবীর যে-কোন বৃহৎ শক্তিকেই বাংলার এই মুক্তিসংগ্রামের কাছে মাথা নত করতে হবে। কারণ এ সংগ্রাম বাঙালী জাতির বাঁচার সংগ্রাম, এ সংগ্রাম সত্যের সংগ্রাম। দিনের পর দিন জনতার মুক্তি মিছিল এগিয়ে চলেছে সাফল্যের স্বর্ণশিখরের দিকে। আমাদের মুক্তিযোদ্ধারা বীরবিক্রমে পাকিস্তানী সেনাবাহিনীকে প্রতিহত করে চলেছে। প্রতিদিন মুক্তিযোদ্ধা ও গেরিলাদের আক্রমণে শত শত পাকিস্তানী হানাদার শত্রু নিহত হতে চলেছে। ইতিমধ্যে প্রায় বিশ হাজার পাকিস্তানী শত্রুসেনাকে খতম করা হয়েছে।

বাংলার প্রতিটি ছাত্র-ছাত্রী ভাই-বোনদের মনে রাখতে হবে শেখ মুজিব আমাদের সাথে বিশ্বাসঘাতকতা করতে পারে নাই। ইচ্ছা করলে তিনি বাংলার স্বার্থকে বিসর্জন দিয়ে কুচক্রী ইয়াহিয়ার সাথে হাত মিলিয়ে প্রধানমন্ত্রী হতে পারতেন। কিন্তু তা তিনি করেননি। জালেম ইয়াহিয়ার কাছে মাথা নত করেননি বলেই ২৫শে মার্চের সেই নারকীয় বিভীষিকার রাতে জেল-জুলুম আর মৃত্যুকে হাসিমুখে বরণ করে সরাসরি বাংলার স্বাধীনতা

ঘোষণা করেন। নেতা আজ নরখাদক ইয়াহিয়ার কারাগারে কোথায় কিভাবে আছেন তা আমরা জানি না। কিন্তু বঙ্গবন্ধুর মহান আদর্শ ও তাঁর বজ্রকণ্ঠ আজ প্রতিটি বাঙালীর মনে সদা জাগ্রত। যুব সমাজের উপর যে বিশ্বাস স্থাপন করে তিনি স্বাধীনতা ঘোষণা করেছেন আমরা যুবকেরা যেন তা ভুলে না যাই। আমরা যেন বিশ্বাসঘাতকতা না করি।

ভাই-বোনেরা আমার- মনে রাখতে হবে আমাদের সকলের পরিচয় আজ একটি- আমরা মুক্তিযোদ্ধা। অতীতের বিদ্বেষ, ভবিষ্যতের মোহ সবকিছু বিসর্জন দিয়ে আজ আমরা লক্ষ লক্ষ যুবক যদি প্রতিটি পাকিস্তানী ফৌজ খতম করতে প্রতিজ্ঞাবদ্ধ হই, পৃথিবীর কোন শক্তিই বাংলার স্বাধীনতাকে রুখতে পারবে না। বঙ্গবন্ধুকেও আমরা কারগার থেকে ছিনিয়ে আনতে পারব। আজ তাই যুবকেরা যেখানেই যে আছেন নিকটবর্তী ট্রেনিং ক্যাম্পে ট্রেনিং নিন। ইতিমধ্যেই লক্ষাধিক যুবক ট্রেনিং ক্যাম্পে ভর্তি হয়ে পাকিস্তানী হানাদারদের বাংলার মাটি থেকে নিশ্চিহ্ন করার কলাকৌশল শিক্ষা গ্রহণ করছে, কিছুদিনের মধ্যেই হানাদার বাহিনীর উপর ঝাঁপিয়ে পড়ে তাদের নিশ্চিত হত্যা করবে।

কৃষক, শ্রমিক, মেহনতি ভাইয়েরা- বাংলাদেশের শতকরা ৮০ জন আপনারা কৃষক ও শ্রমিক। আপনাদেরও আজ শত অত্যাচারের মুখে বাংলার এই মুক্তিযুদ্ধে অংশীদার হতে হবে। আপনাদের সক্রিয় সহযোগিতা ছাড়া এ যুদ্ধে জয়লাভ করা সম্ভব নয়। আপনারা আজ নিরস্ত্র। শত্রুর মোকাবেলা করার মত অস্ত্র আজ আমাদের হাতে নেই। কিন্তু বুলেট-বেয়নেটের চাইতেও আমাদের বড় অস্ত্র আপনাদের হাতে রয়েছে। অসহযোগ ও আত্মনির্ভরশীলতাই আজ আপনাদের বড় অস্ত্র। ইয়াহিয়া সরকারের কোন আইন আপনারা মানবেন না। বাংলাদেশের উপর আইন প্রয়োগ করার কোন অধিকার তাদের নেই। খাজনা, ট্যাক্স দেওয়া সম্পূর্ণ বন্ধ করে দিন। যদি কেউ খাজনা নিতে আসে, তাকে ধরে শাস্তি দিন। আমাদের অর্থ দিয়ে আমাদের ধ্বংস করার গুলি যাতে না কিনতে পারে তার জন্য পশ্চিম পাকিস্তানের সকল প্রকার দ্রব্যসামগ্রী কেনা বন্ধ করুন। বৈদেশিক মুদ্রা অর্জন করতে পারে এমন দ্রব্যাদি যেমন পাট, চা, চামড়া ইত্যাদির উৎপাদন সম্পূর্ণ বন্ধ করে দিন। প্রত্যেকটি গ্রামে আজ সম্পূর্ণ আত্মনির্ভরশীল সমাজ গড়ে তুলুন। খাদ্যের অভাব যাতে দেখা না দেয় তার জন্য ধানের চাষ বৃদ্ধি করুন। মনে রাখতে হবে পরনির্ভরশীলতাই আপনাদের বড় শত্রু।

আপনাদের আজ সর্বপ্রথম কর্তব্য- যে সকল জামাত-মুসলিম লীগের দালালেরা পাকিস্তানী হানাদার বাহিনীকে সাহায্য করছে, যারা আপনাদের ধনসম্পদ লুট করছে, যারা শত্রুসেনাদের কাছে খবরাখবর আদান-প্রদান করছে তাদের হত্যা করা। তাদের নামের তালিকা করে মুক্তিযোদ্ধাদের কাছে দিন। মুক্তিযোদ্ধারা আপনাদের আশেপাশেই আছে। ইতিমধ্যেই শত শত দালালদের হত্যা করা হয়েছে।

প্রত্যেকটি গ্রাম থেকে যাতে মুক্তিযোদ্ধারা অনায়াসে শত্রুসেনাদের আক্রমণ করতে পারে তার জন্য আপনারা প্রত্যেকটি গ্রামবাসী মুক্তিযোদ্ধাদের আশ্রয়, খাওয়া ও যোগাযোগের সম্পূর্ণ ব্যবস্থা করে দিন।

কৃষক, শ্রমিক, মেহনতি ভাইয়েরা- মনে রাখবেন এ যুদ্ধ শুধু বাংলার ভৌগোলিক স্বাধীনতাই এনে দেবেন না। এ যুদ্ধের ফলশ্রুতি হিসাবে আপনাদের জন্য প্রতিষ্ঠিত হবে এক শোষণহীন সমাজব্যবস্থা।

পাকিস্তানী কুকুর বাহিনীর নৃশংস তাড়নায় বাংলাদেশের ৬০ লক্ষ মানুষ আজ ভারতে গিয়ে আশ্রয় নিয়েছেন। শরনার্থী ভাইবোনদের একটি কথা স্মরণ রাখতে হবে। আপনারাও শত্রুর বিরুদ্ধে লড়াই করতে গিয়ে দেশত্যাগ করতে বাধ্য হয়েছেন। তাই আপনারাও এ যুদ্ধের অংশীদার। আপনাদের যে সমস্ত ঘরবাড়ি, ধনসম্পদ ফেলে এসেছেন তা আবার আপনারা ফিরে পাবেন। পাকিস্তানী হানাদারদের দয়ার উপর নয়, কোন বৃহৎ শক্তির চাপ সৃষ্টির মাধ্যমে নয়- হাতে আমরা অস্ত্র নিয়েছি, রক্ত আমরা দিতে জানি- তাই যুদ্ধ করেই শত্রুর মোকাবেলা করে বাংলাদেশের মাটিতে আপনাদের ফিরিয়ে নেব। পাকিস্তানী সেনাবাহিনীর সাথে বাংলাদেশের যে দালালরা আপনাদের ধনসম্পদ কেড়ে নিয়েছে, মনে রাখবেন, আপনাদের চোখের সামনেই তাদের একমাত্র শাস্তি

হবে মৃত্যুদন্ড। শরনার্থীদের মধ্যে ঢুকে কেউ যাতে কোন প্রকার সাম্প্রদায়িক বিদ্বেষ সৃষ্টি করতে না পারে তার জন্য আপনারা অবশ্যই সজাগ থাকবেন। ৬০ লক্ষ শরনার্থীর প্রতি ভারত সরকার ও ভারতের জনগণ যে মানবতাবোধ দেখিয়েছেন বিশ্বের মুক্তিকামী মানুষ ও বাংলার জনগণ তা চিরদিন শ্রদ্ধার সাথে স্মরণ করবে। বাংলাদেশে পৈশাচিক ইয়াহিয়ার নরহত্যা আজ যখন পৃথিবীর ইতিহাসকে স্তব্ধ করে দিয়ে এক নতুন কলঙ্কের ইতিহাস সৃষ্টি করেছে তখন বিশ্বের বৃহৎ শক্তিবর্গ নীরব ভূমিকা পালন করছে। বিশ্বের কোন কোন বৃহৎশক্তি আজ পাকিস্তান হানাদার বাহিনীকে সাহায্য করছে। আমরা সেইসব বৃহৎশক্তিবর্গকে স্পষ্ট করে জানিয়ে দিতে চাই আমরা আজ বাংলার স্বাধীনতার যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছি, কোন প্রকার আপসের মাধ্যমে এর সমাধান করা যাবে না কারণ স্বাধীনতা কোন আপস মানে না। স্বাধীনতা ভিক্ষা করে আসে না। আমরা তাই কারো কাছে ভিক্ষা চাই না। তবে আমাদের এই মুক্তিসংগ্রামের বিরোধিতা যারা করবেন, বিশ্বের জাগ্রত বিবেকের সামনে লক্ষ লক্ষ মানুষকে হত্যা করে একটি জাতিকে নিশ্চিহ্ন করছে দেখেও যারা নীরব আছেন, ইতিহাস তাদের ক্ষমা করবে না, ইতিহাসের পাতায় তাদেরকেও পাকিস্তানী জালেমশাহীর সমান কলঙ্কের বোঝা বহন করতে হবে, মানবতার শত্রু হয়ে চিহ্নিত থাকতে হবে।

খুনী ইয়াহিয়া-জানি লক্ষ লক্ষ মানুষের রক্ত নিয়েও তোমার পিপাসা আজও মেটেনি। কিন্তু তুমি জেনে রাখ, যেসব পাঞ্জাবী, পাঠান, বেলুচ, সিন্ধী সেনাবাহিনীকে দিয়ে তুমি বাংলার লক্ষ লক্ষ নিরপরাধ, নিরস্ত্র নারী-পুরুষকে নির্বিচারে হত্যা করে চলেছ বাংলাদেশকে পুড়ে ছারখার করছ, তাদের একটিকেও আমরা বাংলাদেশ থেকে ফিরে যেতে দেব না। একটি একটি করে তাদের হত্যা করব। বঙ্গোপসাগরের তীরে দাঁড়িয়ে স্বচক্ষে প্রতিটি পাকিস্তানী সেনার লাশ তোমাকে দেখতে হবে। জানি বাংলাদেশ থেকে তুমি অনেক দূরে আছ। বাংলাদেশ থেকে তোমার পোষা হানাদারদের হত্যা করে শেষ করলেই যুদ্ধ শেষ হবে না। সেদিন বেশী দূরে নয় বাংলাদেশ থেকে তোমার পশ্চিম পাকিস্তানে গিয়ে তোমাকে আর তোমার সেনাবাহিনীকে খতম করব। তোমার সাধের পশ্চিম পাকিস্তানকে ভেঙ্গে চুরমার করে পৃথিবীর ইতিহাস থেকে পাকিস্তানের নাম নিশানা মুছে ফেলবো।

আমরা যারা মুক্তিযোদ্ধা তাদের একটি দৃঢ় আত্মবিশ্বাস থাকতে হবে। স্বাধীনতা আমাদের ভোগ করার জন্য নয়। আমাদের রক্তের বিনিময়ে আমাদের উত্তরসূরীদের জন্যই এ স্বাধীনতা। আমরা মায়ের কাছ থেকে শেষ বিদায় নিয়ে এসেছি। হয়তো আমরা কেউ আর মায়ের কোলে ফিরে যাব না কিন্তু যারা আমার বোনের ইজ্জত নষ্ট করেছে, যারা লক্ষ লক্ষ মানুষকে হত্যা করছে তাদের প্রতিশোধ যদি আমরা নিতে না পারি তাহলে ইতিহাসের পাতায় আমাদের মীরজাফর হয়ে বেঁচে থাকতে হবে- আজীবন পাঞ্জাবের গোলাম হয়ে থাকতে হবে। পিঠে বুলেট খেয়ে আমরা যেন বিশ্বাসঘাতকতা না করি। আমরা প্রতিটি মুক্তিযোদ্ধা বুকে বুলেটবিদ্ধ হয়ে শহীদ হব। এতে যদি একটি একটি করে আমাদের সবাইকে শহীদ হতে হয় তাহলেও সে রক্ত বৃথা যাবে না। শহীদের রক্তে রঞ্জিত প্রতিটি ধূলাকণা সেদিন এক একটি বুলেট হয়ে শত্রুদের খতম করবে। বাংলাদেশের মায়েরা-জানি তোমাদের কোল আজ খালি হয়েছে। নিষ্ঠুর হানাদার বাহিনী লাখ লাখ সন্তানকে তোমাদের কোল থেকে কেড়ে নিয়ে হত্যা করেছে। আমাদের দৃঢ়বিশ্বাস, বাংলার এই স্বাধীনতা রক্ষার যুদ্ধে যে মায়ের সন্তান শহীদ হয়েছে সে মা কাঁদবে না, সে মায়ের চোখের অশ্রু হবে বারুদ- যে বারুদ পুড়ে ছারখার হবে ইয়াহিয়া ও তার সেনাবাহিনী। বাংলাদেশের মানুষের পক্ষ থেকে লাখ লাখ সালাম ও শ্রদ্ধা জানাই বীর শহীদদের। জয় আমাদের হবেই। জয় বাংলা।

শাজাহান সিরাজ
সাধারণ সম্পাদক,
ছাত্রলীগ কেন্দ্রীয় সংসদ;
সদস্য
স্বাধীন বাংলাদেশ কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ।

শিরোনাম	সূত্র	তারিখ
পশ্চিমবঙ্গে বাংলাদেশের প্রবাসী বুদ্ধিজীবিগণ কর্তৃক যুক্তরাজ্যের পার্লামেন্টারী প্রতিনিধিদলের কাছে প্রদত্ত স্মারকলিপি	পশ্চিমবঙ্গে প্রবাসী বুদ্ধিজীবি	২৯ জুন, ১৯৭১

MEMORANDUM BEFORE THE BRITISH PARLIAMENTARY DELEGATION ON BEHALF OF BANGLADESH REFUGEE INTELLECTUALS NOW IN WEST BENGAL

Sirs,

In the face of desperate attempts by the Govt. of Pakistan to justify before the world community its forcible military occupation of Bangladesh and to cover up their acts of genocide there, we take this opportunity to appraise you. Honorable Members of the British Parliament, of the circumstances under which the democratic and peace-loving people of Bangladesh were driven to the path of armed struggle for securing the independence of their country.

On the midnight of March 25, 1971 the Pakistan military Junta, i.e. the so-called government of Pakistan cracked down on Bangladesh to crush the democratic will of the people expressed in the general elections of December 1970. In these elections the people gave a clear mandate to the Awami League to redefine East Bengal's political and economic relationship with West Pakistan through the League's six-point Programme. The Awami League won 167 of the 169 seats from Bangladesh in a House of 313 which meant a clear majority for it in the National Assembly. The successful candidates of the Awami League received 80% of the popular vote cast in Bangladesh.

Yahya Khan started negotiations with the Awami League Leader Sheikh Mujibur Rahman for a political settlement in mid-March but actually only used this as a cover for military preparations and dispatch of troops from West Pakistan to Bangladesh. When in the course of these negotiations hopes were raised for a settlement within the framework of a united Pakistan for which the Sheikh tried till the last moment the Pakistan Army struck, in an act of treachery unparalleled in contemporary history. Guns, tanks and planes were used against unarmed civilians to carry out a programme of mass slaughter of Bengalis.

While hundreds and thousands of people were being killed, the police, the Bengali
members of the East Pakistan Rifles and men and officers of the East Bengal Regiment rose in a heroic resistance, which was later joined by thousands of the sons and daughters of Bangladesh.

It is in this background of spontaneous resistance of the people against the army of West Pakistan that the Democratic Republic of Bangladesh was born on April 10, 1971. It derives its sanction from a people's inalienable right to live in security, which was threatened by the bad faith and genocidal attack of the Military Junta on the unsuspecting Bengalis on the night of March 25.

Pakistan is now dead and buried under a mountain of corpses. The hundreds and thousands of people murdered by the West Pakistani troops in Bangladesh will act as an impenetrable barrier between West Pakistan and the people of Bangladesh. It is Yahya Khan and his Junta therefore who have dug grave of Pakistan.

On their orders the West Pakistan troops committed acts of inhuman savagery and sadism. Professional West Pakistani soldiers, under orders from their commanders violated the code of military honor and were seen as beats of prey who indulged in an orgy of murder, rape. loot, arson and destruction unequalled in the annals of civilization. Foreign newsmen were driven out of Bangladesh to avoid international publicity. But even some journalists taken on a guided tour of Bangladesh in May reported genocide and inhuman atrocities. And now, we have the gruesome talc of Pak. Army's programme as reported in "The Sunday Times" by Mr. Antony Mascarenhas an erstwhile Pakistan journalist from Karachi. These atrocious acts clearly indicate the concept of two nations and two countries was already very deeply rooted in the minds of Yahya and his associates who would not conceive of committing such atrocities of their own countrymen. This is an alien occupation army full of racial hatred towards the people of Bangladesh whom it wanted to subdue and enslave. This is why the situation in Bangladesh is radically different from civil wars in other countries including that of the USA. In such cases two parts of one people fought over certain issues and could still achieve reconciliation and reunion based on a sense of common identity. From its very inception, Pakistan was an unusual slate, unique in modern history, with its two wings separated by more than one thousand miles of foreign territory. Linguistically and culturally, Bangladesh is completely different from West Pakistan.

The people of Bangladesh, despite all this asked for autonomy on the basis of the Awami League's six-point formula within the framework of Pakistan. But their sincere efforts to maintain the unity of Pakistan through justice to ail its units were frustrated by a large-scale massacre of the people of Bangladesh. A point of no return has consequently been reached. The sovereign and independent Republic of Bangladesh is now on the map of the world. The treacherous attack on, and the continuing slaughter of people whose only sin was to demand a change in their colonial status in Pakistan through constitutional means, clearly rule out all possibility of a return to the position before March 25.

The Government of Democratic Republic of Bangladesh has been constituted by the elected representatives of the people who alone represent the legitimacy, legal and moral authority in the Country.

The West Pakistan, military junta which is illegally and immorally occupying the urban centers of Bangladesh cannot and should not be considered as the lawful govt. of the land.

The people and government of the democratic world should come out on the side of democracy in Bangladesh as against the military dictatorship of Yahya and his junta. Britain as the mother of the democratic parliamentary system should act immediately and show others the way. We appeal to you and through you to the government of Britain to take the following steps immediately:

1. Recognize the government of the Democratic Republic of Bangladesh.
2. Put pressure on Islamabad to secure the release of Sheikh Mujibur Rahman and other political prisoners of Bangladesh.
3. Give all help to Bangladesh to defend freedom and democracy.
4. Stop all aid to Pakistan, including aid in the pipeline.
5. Several trade and economic relations with Pakistan.
6. Force Yahya to stop genocide.
7. Establish an International Commission of Jurists to enquire into the acts of genocide and traffic in women committed by the Pakistan troops, and punish the culprits.

BONGAON
JUNE 29, 1971

Your faithfully.
On behalf of Bangladesh intellectuals
now in West Bengal.

শিরোনাম	সূত্র	তারিখ
পাকিস্তানের সাথে আপসের বিরোধিতা করে মওলানা ভাসানী	দি হিন্দুস্তান টাইমস (নয়াদিল্লী)	৩০ জুন,১৯৭১

NO COMPROMISE WITH YAHYA ON INDEPENDENCE: BHASANI
Press statement oil June 29,1971

Maulana Bhasani, the National Awami Party leader, today made it emphatically clear that there could not be any compromise regarding the political settlement of the Bangladesh issue.

In a Press statement, Maulana Bhasani reiterated that, however, deep the conspiracy against the freedom of Bangladesh might be, it was bound to fail.

The people of Bangladesh, he said, would not accept a hoax in the name of a political settlement when they had lost their most valuable assets, when the honour of their women had been violated, when they had lost their health and homes and had been driven out from their own country and when they had sacrificed one million valuable lives.

U. S. Criticized

"They are determined either to have full independence or to choose death. There can be no compromise or hotchpotch solution. Any party, which ignores the demand for full independence and joins hands with Yahya; will be hated more than the anti-people Muslim League. Their political death is inevitable."

The Maulana vehemently criticized the arms supply by America and said not only the people of free Bangladesh but also the democratic and peaceful people of the world, including those of America, had repeatedly appealed to the US Government not to extend arms or monetary help by the "most-hated Yahya Government."

He regretted that the U.S. Government had ignored the world opinion and was giving modern weapons and planes, more in quantity than before, to Pakistan. "They have thus exposed their own character which is against humanity. The Nixon Administration must bear the consequences of this policy," Maulana Bhasani added.

Since the last great war, the imperialist U.S. Government was indulging in a conspiracy and was trying to perpetrate its domination and exploitation in the Afro-Asian and Latin American countries. But the American Government should realise that though they might give the aggressor Yahya all the arms, they could not succeed in crushing the struggle of the 75 million Bengalis to liberate their country from the hands of the aggressors.

Maulana Bhasani said the population of Vietnam was much less than that of Bangladesh. Yet the Nixon Government was unable to crush the peoples' movement there, even though it was spending Rs. 50 million per day. "Those countries, including the U.S., China, and Britain, who would give arms and monetary aid to Yahya to perpetrate his regime in free Bangladesh, will one day be accused by history."

শিরোনাম	সূত্র	তারিখ
বিশ্বের বিদ্যোৎসাহী সমাজের কাছে স্বাধীনতা যুদ্ধের জন্য সাহায্য প্রার্থনা করে বাংলাদেশ শিক্ষক সমিতির আবেদন	বাংলাদেশ শিক্ষক সমিতি	১ জুলাই, ১৯৭১

BANGLADESH SIKSHAK SAMITI

(Bangladesh Teachers' Association)

Darbhanga Building, Calcutta University, Calcutta-12, India.

Dear friend, July 1, 1971

Perhaps you are aware that in the lace of unparalleled atrocities committed by the Pakistan Army on the people of East Pakistan, now Bangladesh, a large number of teachers of all levels has crossed into India. Since the community of teachers had played a significant role for over two decades, in the movement for democracy, secularism and a just social order in the country, its members became naturally enough a special target of the Pakistan Army. Many teachers have been killed, others who are trapped in the occupied zones are being harassed and persecuted, a few have been forced at gunpoint to issue statements in support of the action of the Pakistan Army. As a result, members of this harassed community are tracking into India every day. The teachers from Bangladesh, now in temporary exile in India, have formed an association of their own, on whose behalf we are writing you to-day.

About 100 university teachers. 1000 college teachers and 3000 schoolteachers have registered their names with us. Several thousand others in different bordering states of India are yet to make contract with the Association. Most of the teachers have come with their families and all are without any means to support themselves.

Having regard to the contribution that this community has made in the past and their expectant role in the reconstruction of society as and when the country achieves freedom, it is felt that we make all efforts to save it from impending doom. We have drawn up a number of schemes for providing the teachers with temporary academic occupation- research, publications and teaching the evacuee children in the refugee camps. The execution of this programme will require financial assistance from non-governmental sources, in addition to what the government of India and the government of Bangladesh may be in a position to make.

In the circumstances, we appeal to you-the members of the academic community the world over-to contribute generously to the funds of our Association. Contributions may be sent to the Bangladesh Sikshak Samiti. Darbhanga Building, Calcutta University, Calcutta-12, India.

Sincerely yours.
(Dr. A. R. Mallick)
Vice-Chancellor.
University of Chittagong
and
President.
Bangladesh Sikshak Samiti.

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশ বুদ্ধিজীবি মুক্তি সংগ্রাম পরিষদের পক্ষে জহির রায়হানের একটি আবেদন	বাংলাদেশ বুদ্ধিজীবি মুক্তিসংগ্রাম পরিষদ	৬ জুলাই, ১৯৭১

BANGLADESH LIBERATION COUNCIL
OF THE INTELLIGENTSIA
বাংলাদেশ বুদিজীবি মুহিসংগ্রাম পরিষদ

July 6, 1971.

Dear

Teachers, writers, painters, artists and journalists of Bangladesh those who have been forced to take temporary refuge in India have recently formed an organisation entitled Bangladesh Liberation Council of the Intelligentsia. Our aims and objectives are explained in an appeal enclosed. Further information about, our organisation can be obtained from the address given below.

At present we are in desperate need of financial and material help from an fraternal organizations and sympathetic individuals around the world. We hope you would be in a position to extend all possible help and co-operation in our efforts.

Any monetary contribution may be sent to :
Dr. A. R. Mallick
President. Bangladesh Liberation Council
of the Intelligentsia
17, Sundari Mohan Avenue
Calcutta-14, India.

With best regards.
Yours truly.
(Zahir Raihan)
General Secretary.

শিরোনাম	সূত্র	তারিখ
সংসদ সদস্যদের সমাবেশে অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলামের ভাষণ	বাংলাদেশ সরকার	৬ জুলাই, ১৯৭১

বাংলাদেশ পরিষদ সদস্যবর্গের সমাবেশে অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলামের ভাষণ

স্বাধীন বাংলাদেশের মাননীয় পরিষদ সদস্যবর্গঃ

আপনারা আমার সংগ্রামী অভিনন্দন ও শুভেচ্ছা গ্রহণ করুন। বাংলাদেশের স্বাধীনতা ঘোষণার পর আমরা সবাই একসঙ্গে মিলিত হবার সুযোগ পেয়েছি। আজ জাতির ক্রান্তি-লগ্নে আমাদের এই সম্মেলনের গুরুত্ব অপরিসীম। আমাদের মুক্তিফৌজের বীর নওজোয়ানেরা অপূর্ব বীরত্বের সাথে এখন শত্রুর মোকাবেলা করছে। হাজার হাজার যুবক পবিত্র মাতৃভূমির স্বাধীনতা রক্ষার সংকল্পে দৃঢ়প্রতিজ্ঞ। আত্মোৎসর্গের মহান আদর্শে তারা বলীয়ান।

মাননীয় সদস্যবৃন্দ, আপনারা জনগণের নির্বাচিত প্রতিনিধি। বাংলার সাড়ে সাত কোটি মানুষ বিশ্বাস করে তাদের দায়িত্ব আপনাদের অর্পণ করেছিল। আপনারা সবাই বাঙালীর স্বাধীনতা যুদ্ধের সৈনিক বৈ আর কিছু নন। আমাদের মহান নেতা শেখ মুজিবুর রহমানের দীর্ঘদিনের সহচর হিসাবে তাঁর জীবনব্যাপী আদর্শ আর সংগ্রামের আমরা ধারক ও বাহক। আদর্শের জন্য, নীতির জন্য, নেতার কাছে আর বাংলার মানুষের কাছে দেওয়া প্রতিজ্ঞা রক্ষার জন্য এই ধরনের অটুট মনোবল আর কোন দেশের জনপ্রতিনিধিরা দেখাতে পেরেছেন কিনা তার নজীর আমার জানা নেই। আপনাদের বীরত্ব, আদর্শনিষ্ঠা, মনোবল ও ত্যাগের জন্য আমি অভিনন্দন জানাই। আপনারা গৃহহারা সর্বহারা হয়ে বাংলার স্বাধীনতা সংগ্রামে আত্মোৎসর্গ করেছেন- তাই আপনাদের প্রতি আমার অকুণ্ঠ আন্তরিক সালাম আর অভিনন্দন।

বন্ধুরা আমার, নির্বাচন-উত্তরকালে রমনার রেসকোর্স ময়দানে আমাদের মহান নেতা আপনাদেরকে শপথবাণী উচ্চারণ করিয়েছিলেন। সেদিন সাক্ষী ছিল রেসকোর্স ময়দানের লক্ষ লক্ষ সংগ্রামী জনতা আর বাংলার নির্যাতিত নিপীড়িত মানুষ। আমি আজ গর্বের সঙ্গে বলব, মহান নেতার হাত ধরে আমরা যে প্রতিজ্ঞা করেছিলাম যে প্রতিজ্ঞায় আমরা অটুট এবং অটল রয়েছি। আপনাদের অসীম মনোবল বিগত কয়েক মাস যাবৎ স্বাধীনতা সংগ্রামকে জিইয়ে রেখেছে। অবশ্যি সঙ্গে সঙ্গে এই কথা বলতে হবে, আমাদের যে সমস্ত বীর সৈনিকেরা, মুক্তিফৌজের যে তরুণ সংগ্রামীরা মাতৃভূমির স্বাধীনতার জন্য অস্ত্র হাতে তুলে নিয়েছেন তাঁদের অপূর্ব বীরত্ব বাংলার মানুষের জন্য এক গর্বের বস্তু। আর ভবিষ্যৎ ইতিহাসের জন্য তা এক অপূর্ব বীর গাঁথা।

৬-দফা ভিত্তিক শাসনতন্ত্র রচনার জন্য আপনারা জনগণের কাছে যে প্রতিশ্রুতি দিয়ে নির্বাচিত হয়েছিলেন তা পালন করতে আপনাদের নেতা এবং তার সহকর্মীবৃন্দ কী কী প্রচেষ্টা চালিয়েছেন, তা আপনাদের জানা আছে।

জাতীয় পরিষদের সদস্যগণ জানেন, একটা খসড়া শাসনতন্ত্র প্রণয়ন করে আপনাদের সামনে পেশ করা হয়েছিল। সেই খসড়া শাসনতন্ত্র পর্যালোচনা ও পরীক্ষার জন্য ৩০ সদস্য বিশিষ্ট সাব-কমিটি যখন আলাপ-আলোচনা চালাচ্ছিল, তখনই মার্চ মাসের সেই ১লা তারিখে হঠাৎ জনাব ইয়াহিয়া খান সাহেব ভুট্টো সাহেবের পরামর্শে আর তাঁর অভিমান রক্ষার জন্য জাতীয় পরিষদের অধিবেশন বন্ধ করে দেন। সারা পৃথিবী জানে, আজকে পাকিস্তান দ্বিধাবিভক্ত হওয়ার যদি কোন মূল আর সঙ্গত কারণ থাকে, তাহলে সে অবস্থা সৃষ্টি আমরা

করি নাই, করেছেন ইয়াহিয়া খান সাহেব আর ভুট্টো সাহেব। আর এর জন্য দায়ী পশ্চিম পাকিস্তানের শোষকেরা, যারা ২৩ বছর পর্যন্ত বাংলার গরীব-চাষী মজুরের রক্ত শোষণ করে পাহাড় গড়ে তুলেছে।

আওয়ামী লীগের মাননীয় সদস্যবৃন্দ, আমরা কি অপরাধ করেছি? আমাদের একমাত্র অপরাধ ২ বছর পর্যন্ত আমরা পাকিস্তানের অখন্ডতা রক্ষা করার জন্য চেষ্টা করেছিলাম। আমরা বলেছিলাম, বাংলার মানুষকে শোষণ করে, বাংলার চাষী-মজুরের রক্ত শোষণ করে কায়েমী স্বার্থবাদীরা আর পশ্চিম পাকিস্তানের পুঁজিবাদীরা যারা বাংলাকে আজ রিক্ত করেছে, শূন্য করেছে, তারাই পাকিস্তানকে ধ্বংস করতে চায়। নিয়মতান্ত্রিক উপায়ে সেই সমস্যার সমাধান করতে চাইলাম বলে আমরা নির্বাচনে অংশগ্রহণ করেছিলাম। আমাদের নেতা নির্বাচন পরবর্তীকালেও একটার পর একটা চেষ্টা চালিয়েছিলেন। কিন্তু যারা কায়েমী স্বার্থবাদের দালাল, পশ্চিম পাকিস্তানের একচেটিয়া পুঁজিবাদের দালাল, পশ্চিম পাকিস্তানের সামন্ত প্রভুদের দালাল- আজ যারা পশ্চিম পাকিস্তানের সামরিক জান্তাদের ছত্রচ্ছায়ায় রাজনীতি করে শুধু বিলাস আর ভোগ করতে চায়, তারাই বঙ্গবন্ধুর গণতান্ত্রিক প্রচেষ্টায় বাধা হয়ে দাঁড়ালো। আওয়ামী লীগের আন্তরিকতাকে তারা দুর্বলতা মনে করে তাকে বানচাল করতে চেষ্টা করলো।

১লা মার্চের পর থেকে প্রতিটি ঘটনা যে কত দ্রুতগতিতে অগ্রসর হয়েছিল সে আপনারা নিজের চোখে দেখেছেন। আমার স্পষ্ট মনে আছে- যেদিন ইয়াহিয়া খান সাহেব জাতীয় পরিষদের অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মুলতবী ঘোষণা করলেন, সেদিন পূর্বাণী হোটেলে আমরা সম্মেলনে আর একবারের মত বসেছিলাম। সেখানে বঙ্গবন্ধুকে সামনে রেখে আমি ব্যক্তিগতভাবে একটার পর একটা প্রতিজ্ঞাবাণী উচ্চারণ করেছিলাম। আর আপনারা সেই প্রতিজ্ঞা প্রতিধ্বনিত করে আবার বলেছিলেন বাংলার মানুষের কাছে- আপনারা বিশ্বাসঘাতকতা করবেন না। দেশবাসী জানে বিশ্বাসঘাতকতা আপনারা করেন নাই। জঙ্গীশাহীর অত্যাচার, ইয়াহিয়ার প্রলোভন কোন কিছুই আপনাদের টলাতে পারে নাই। ইতিহাস এই কাহিনী একদিন স্বর্ণাক্ষরে লিখে রাখবে বলে আমার নিশ্চিত বিশ্বাস।

আপনারা নিজ নিজ এলাকায় ছড়িয়ে পড়েছিলেন- অসহযোগ আন্দোলনের বাণী নিয়ে বাংলাদেশের হাটে, মাঠে, ঘাটে, বাংলাদেশের সরকারী আদালতে। বাংলার দেশ-প্রেমিক ছাত্র-জনতার সাহায্যে আপনারা যে অভূতপূর্ব অসহযোগ আন্দোলন সৃষ্টি করেছিলেন, ইতিহাসে তার নজীর নেই। সেই অসহযোগ আন্দোলনের সময়ে যখন আমরা একটা থেকে একটা সঙ্কটের মুখে উত্তরণ লাভ করেছিলাম, তখন ইয়াহিয়া খান সাহেব ১৫ই মার্চ ঢাকায় আলোচনা করতে এসেছিলেন। ইয়াহিয়া খান সাহেবের সঙ্গে বঙ্গবন্ধুর আলোচনা শুরু হলো। ইয়াহিয়া খান সাহেব, আপনি যদি বিন্দুমাত্র সত্য কথা বলেন, আজকে না হোক, কবরে গিয়েও যদি জবাব দেন- তাহলে অস্বীকার করতে পারবেন না যে, বঙ্গবন্ধুর সঙ্গে প্রথম আলোচনাতেই আপনি স্বীকার করেছিলেন, জনগণের হাতে ক্ষমতা ফিরিয়ে দেবেন, মার্শাল ল' উঠিয়ে নেবেন এবং ৬-দফার ভিত্তিতে একটা অন্তবর্তীকালীন শাসনতন্ত্র জারী করে ক্ষমতা আওয়ামী লীগের হাতে তুলে দেবেন। এর ভিত্তিতে আলোচনা হলো। বঙ্গবন্ধুর আদেশে এবং নির্দেশে আমি এবং প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দিন সাহেব, আলোচনা শুরু করলাম। জনাব ইয়াহিয়া খান সাহেবের পক্ষে ছিলেন লেঃ জেঃ পীরজাদা, প্রাক্তন বিচারপতি কর্নেলিয়াস, আর অর্থনীতিবিদ বাংলার মানুষের চিরশত্রু এম, এম, আহম্মদ। ২৪ শে মার্চ পর্যন্ত আলোচনা হলো। ডকুমেন্টও তৈরী হলো। জাষ্টিস কর্নেলিয়াস সাহেব উপস্থিত ছিলেন। উনি যদি একজন সৎ-খ্রীস্টান হয়ে থাকেন তাহলে তাকে এ কথা স্বীকার করতে হবে।

বন্ধুরা আমার, আপনারা বলতে পারেন, নিরস্ত্র মানুষকে কেন তারা গুলি করে মারলো? কেন পরিষদ সদস্যদের বাড়িঘরে কামান চালানো হলো?

সেই ২৫শে মার্চের রাতের আঁধারে এই বীভৎস ঘটনার প্রতিবাদে আপনারা রুখে দাঁড়ালেন। বাংলার নির্বাচিত গণপ্রতিনিধিরা মফঃস্বল শহরে, জেলা শহরে, গ্রামে, বন্দরে রাজনৈতিক নেতৃত্ব দেওয়ার জন্য রুখে

দাঁড়িয়েছিলেন। আমি শ্রদ্ধার সঙ্গে স্বীকার করবো আমাদের ও বেঙ্গল রেজিমেন্টের বীরত্ব আজকের ইতিহাসের এক উজ্জ্বল অধ্যায়। ই পি আর, আমাদের পুলিশ বাহিনী, আমাদের আনসার, আমাদের মোজাহিদরাও বাংলার মানুষের পাশে এসে দাঁড়াল। বন্দুক আর কামান তুলে নিন। আজ তারা সংগ্রামের পুরোভাগে। বাংলার গ্রামে, বন্দরে, গঞ্জে আপনারা দাঁড়ালেন। আমি কিভাবে যে আপনাদের শ্রদ্ধা জানাব তা আমি ভাষায় প্রকাশ করতে পারি না। যে সমস্ত মিথ্যাবাদী বলে আওয়ামী লীগের নেতারা আর সদস্যরা সংগ্রামের পুরোভাগে ছিল না তাদের আমি জবাব দিতে চাই। বাংলার মানুষ জানে আপনারই রয়েছেন পুরোভাগে। আমি জানি চট্টগ্রামে, ময়মনসিংহে, যশোরে, রংপুরে, খুলনায়, বরিশালে, ঢাকায়, ফরিদপুরে বাংলার সর্বত্র আপনাদের নেতৃত্বেই সংগ্রাম হয়েছে। নিজের প্রাণের মায়া ত্যাগ করে আপনারা গ্রামে-বন্দরে ঘুরে বেড়িয়েছেন। বাংলার সৈনিকদের পাশে পাশে আপনারা রয়েছেন। অকুতোভয় আপনারা লড়েছেন। বাংলার সৈনিকেরা যখন বুকের তাজা রক্ত মাতৃভূমির জন্য ঢেলে দিচ্ছেন এর পরে বাংলার স্বাধীনতা ঘোষণা না করে আর কি পথ ছিল? স্বাধীনতার জন্য লড়াই্ না করে আর কি উপায় ছিল? মূলতঃ এবং বাহ্যত বঙ্গবন্ধু গ্রেপ্তার হওয়ার মুহূর্তে স্বাধীনতা ঘোষণার বাণী রেখে যান। আমরা জানতাম বঙ্গবন্ধু যদি গ্রেপ্তার হন, তবে স্বাধীনতা ঘোষণা তিনিই করে যাবেন। আর এই স্বাধীনতা রক্ষা করার জন্যই আমাদের সংগ্রাম করে যেতে হবে।

প্রিয় বন্ধুরা আমার, ২৫শে মার্চের রাতের পরে আমরা বিছিন্ন হয়ে পড়েছিলাম। তাই স্বাধীন বাংলাদেশ সরকার গঠনের ঘোষণা করতে আমাদের একটু বিলম্ব হয়েছিল।

আমরা যে পাঁচজন শেখ সাহেবের পাশে ছিলাম এবং যাদের কাছে কথিত, লিখিত, অলিখিত সর্বপ্রকারের দায়িত্ব বঙ্গবন্ধু দিয়ে গিয়েছিলেন- ১৩ই এপ্রিল তারিখে বাংলার পূর্ব অঞ্চলে সর্বপ্রথমে একত্রিত হলাম। পরিষদের সদস্যবৃন্দ যারা উপস্থিত ছিলেন তাদের সামনে সেদিন আমি আমার সহকর্মীবৃন্দের তরফ থেকে স্বাধীনতা কার্যকরী করার জন্য পরিকল্পনা পেশ করেছিলাম। তখন যোগাযোগহীন অবস্থায় আপনাদের বেশীর ভাগই ছিলেন বাংলাদেশে শত্রুর দখলীকৃত এলাকার অভ্যন্তরে। অথচ একটা সরকার গঠন না করলে স্বাধীনতা সংগ্রামকে পরিচালনা করা যাচ্ছিল না। সেইহেতু সেদিনের উপস্থিত বন্ধুদের কাছেই আমরা পরিকল্পনা পেশ করেছিলাম।

১৯৫৭ সালে পলাশীর আম্রকাননে আমাদের স্বাধীনতা সূর্য অস্তমিত হয়েছিল। আর ১৯৭১ সালে বাংলাদেশের আর একটি আম্রকাননে দাঁড়িয়ে আমরা বাংলাদেশের সাড়ে ৭ কোটি মানুষ এবং বঙ্গবন্ধুর তরফ থেকে স্বাধীনতা ঘোষণা করেছি।

স্বাধীনতা ঘোষণা করেই ১৭ই এপ্রিল সারা পৃথিবীর মানুষকে যা বলেছিলাম, আমরা বিশ্বাস করি তা অন্তরের বাণী। বিশ্বাস করি- ১৭ই এপ্রিলের এই ঘোষণা বাংলার সাড়ে সাত কোটি মানুষের অন্তরের অন্তঃস্থলের মর্মবেদনার এক অগ্নিস্ফুলিঙ্গের বিরাট বিস্ফোরণ।

স্বাধীনতা ঘোষণার পর আমি আমার সহকর্মী জনাব তাজউদ্দিন আহম্মেদকে প্রধানমন্ত্রীর দায়িত্ব দিয়েছিলাম। তাঁর পরামর্শে এবং বঙ্গবন্ধুর পূর্বতম নির্দেশের বলে আমি জনাব খোন্দকার মোস্তাক আহম্মদকে পররাষ্ট্রমন্ত্রী, জনাব মনসুর আলী সাহেবকে অর্থমন্ত্রী আর জনাব কামরুজ্জামান সাহেবকে স্বরাষ্ট্রমন্ত্রীর পদে নিযুক্ত করেছিলাম। আমরা জানতাম, আপনারা যে প্রয়োজনে তাঁদেরকে দীর্ঘকাল নেতৃত্বের আসনে বসিয়েছেন, আমি আপনাদের সবার সঙ্গে পরামর্শ না করেও নিঃসঙ্কোচে আর বিনা দ্বিধায় তাঁদেরকে সরকারের দায়িত্ব দিতে পারি।

তাঁদেরকে দায়িত্ব দেওয়ার পরে তিন মাস চলে গিয়েছে। এই তিন মাস যাবৎ আমি আপনাদের কাছে অকপটে স্বীকার করব- যা করার ছিল অনেক কিছু করা সম্ভবপর হয় নাই।

কিন্তু আপনাদেরকে আমি একটি কথা বলব, জনাব তাজউদ্দিন আহম্মদ এবং তাঁর মন্ত্রিসভার সদস্যরা আন্তরিকতার সঙ্গে কাজ করার চেষ্টা করেছেন। আমাদের সৌভাগ্য যে আমাদের সরকারের জন্মমুহূর্ত থেকেই,

কর্নেল এ, জি, ওসমানীর মত একজন স্বনামধন্য দেশপ্রেমিক সমরবিশারদকে সেনাবাহিনীর প্রধান সেনাপতিরূপে পেয়েছি। আপনারা জানেন, অত্যাধুনিক সমরাস্ত্রে সুসজ্জিত পাকিস্তান বাহিনীর বিরুদ্ধ জলে, স্থলে, অন্তরীক্ষে আমাদের বীর মুক্তিবাহিনী অসীম বীরত্বের সাথে একটি অসম লড়াই লড়ে যাচ্ছেন।

রণক্ষেত্রে পশ্চাদপসরণ পরাজয় নয়। যুদ্ধের প্রয়োজনে পশ্চাদপসরণ করতে হয় এবং যাতে পুনরায় তীব্র আক্রমণে জয়লাভ করা যায়। যেদিন হিটলারের বাহিনী ফরাসীদেশ আক্রমণ করেছিল সেদিন হাজার হাজার বছরের পুরাতন সভ্যতা ও সংস্কৃতির উত্তরাধিকারী ফরাসী সরকারকেও হিটলারের কাছে মাথা নোয়াতে হয়েছিল। মাত্র ৩ দিনে সব ধ্বংস করে হিটলারের ট্যাংক বাহিনী প্যারিসের উপকণ্ঠে উপস্থি হয়েছিল। ফরাসী দেশের বীরনায়ক জেনারেল দ্য গল মাত্র মুষ্টিমেয় সৈন্য নিয়ে ইংলিশ চ্যানেল পার হয়ে ইংল্যান্ডে চলে গিয়েছিলেন। পরবর্তীকালে জেনারেল দ্য গল শক্তি সঞ্চয় করে যেদিন ইংলিশ চ্যানেল পার হয়ে ফ্রান্সে অবতরণ করেছিলেন সেদিন হিটলারের বাহিনী তাঁর সামনে টিকতে পারেনি।

বৃটিশের মত শক্তিশালী সেনাবাহিনীকেও সিঙ্গাপুর থেকে হটে এসে বর্মা ত্যাগ করতে হয়েছিল। যুদ্ধে পশ্চাদপসরণ করতে হয় যুদ্ধের কলাকৌশল প্রয়োজনে। তাই বাংলার মুক্তিবাহিনী আজকে সাময়িকভাবে যদি কোন রণাঙ্গন থেকে পশ্চাদপসরণ করে তবে তাকে পরাজয় মনে করবেন না। আমাদের বীর মুক্তিযোদ্ধারা পরাজিত হওয়ার জন্য রণক্ষেত্রে অস্ত্রধারণ করেনি। বীর মুক্তিযোদ্ধারা জয়লাভ করার জন্যই অস্ত্রধারণ করেছি। জয় আমাদেরই হবেই।

আমি জানি, আজকে বাংলার ঘরে ঘরে কী হাহাকার! আমি জানি নির্বাচিত প্রতিনিধি হিসাবে আপনাদের বুকের মধ্যে কী ক্রন্দনের রোল! আপনারা যখন শোনেন, আপনার শহরে, আপনার গ্রামে, আপনার গঞ্জে যারা একদিন বিশ্বাস করে, ভালবেসে, আপনাদের ভোট দিয়েছিল তাদের ঘরবাড়ি আজকে জ্বালিয়ে দেয়া হচ্ছে, তখন কী মর্মবেদনায় আপনারা পীড়িত হন! আপনার প্রতিবেশী নারীদেরকে বর্বর পশুরা ইজ্জতের হানি করছে জেনে আপনাদের কলিজা ফেটে যায়। এই ধরনের অত্যাচার পৃথিবীর ইতিহাসে কোন সৈন্যবাহিনী কোন দিন করে নাই। নারীর ইজ্জত লুণ্ঠিত হচ্ছে আজ আবার বাংলাদেশে, হত্যা করা হয়েছে দশ লক্ষ নারী, পুরুষ আর শিশুকে। মসজিদ, মন্দির আর গীর্জা ধ্বংস হয়েছে। বাংলার ফসল আজকে মাঠে মাঠে লুটিয়ে পড়েছে। আমাদের তরুণদের আজকে হত্যা করা হচ্ছে, গুলি করে মারা হচ্ছে।

এই কাহিনীর মর্মবেদনা আপনাদের বুকের ভেতর যেমন বাজে, আমার বুকে যেমন বাজে আর সকলের বুকেও তেমনি বাজে। যদি বঙ্গবন্ধু আজ আমাদের মধ্যে উপস্থিত থাকতেন, তার প্রিয় দেশবাসীর এই মর্মন্তুদ দুঃখে তিনি অধীর হয়ে যেতেন তাদের মুক্তির জন্য। তাই বন্ধুরা! আপনাদের ব্যথা বিশ্ববাসীকে বলার জন্য মন্ত্রীসভার সদস্যরা আপ্রাণ চেষ্টা করে চলেছেন। তাঁরা কি পর্যন্ত সফল হয়েছেন তার বিচার করবেন আপনারা। কিন্তু একটা জিনিস আপনাদেরকে আমি স্পষ্ট করে বলে দিতে চাই- আপনারা সমালোচনার সঙ্গে সঙ্গে কিভাবে কাজের অগ্রগতি সম্ভব তার পথ দেখিয়ে দিন।

বিশ্ববাসীর কাছে সারা পৃথিবীর পত্র-পত্রিকা আর কূটনৈতিক কার্যকলাপের দ্বারা আমরা এই কথা প্রমাণ করতে সক্ষম হয়েছি যে বাংলাদেশে আজ গণহত্যা চলছে। আজকে আপনাদের মন্ত্রিসভা নিরলস চেষ্টা দ্বারা সারা পৃথিবীর কাছে প্রমাণ করতে সক্ষম হয়েছে যে ইয়াহিয়া ভুল আর ভ্রান্ত, আর আমরা সঠিক পথে চলেছি। আজকে সারা পৃথিবীর পত্র-পত্রিকা তা গ্রহণ করেছে।

আজকে লন্ডনের ''অবজারভার'' ''সানডে টাইম'' বা যে-কোন পত্র-পত্রিকা দেখুন, ইয়াহিয়ার বর্বরতার নিন্দায় তারা মুখর। যে আমেরিকা সারা পৃথিবীর রাজনীতি নিয়ন্ত্রণ করে, ''নিউইয়র্ক টাইম'' এবং অন্যান্য সমস্ত প্রভাবশালী পত্রিকাগুলি ইয়াহিয়াকে ধিক্কার দিচ্ছে। শুধু তাই নয়, ফরাসীদেশে, ইটালীতে, জার্মানীতে, স্ক্যান্ডিনেভিয়ান দেশগুলোতে এমন কি আরবেরও কোন কোন অঞ্চলে বিশেষ করে বৈরুতের আর সুদানের পত্রিকাগুলি আপনাদের পক্ষে আজকে মত প্রকাশ করে চলেছে।

আপনারা জিজ্ঞেস করতে পারেন যে এখন পর্যন্ত এই রাষ্ট্রের এই সরকারের স্বীকৃতি কেন লাভ করা সম্ভবপর হয় নাই? কূটনৈতিক প্রশ্নে বৃহৎ শক্তিবর্গ পৃথিবীতে নিজস্ব স্বার্থের কারণে অনেক কিছু করে।

কিন্তু জেনে রাখুন বিশ্বের জনমত আপনার পক্ষে সেখানে বিশ্বের রাষ্ট্রগুলি আপনাকে স্বীকৃতি দেবেই। আমাদের বন্ধু ও প্রতিবেশী ভারতবর্ষ আমাদের লক্ষ লক্ষ শরনার্থীকে শুধু আশ্রয়ই দেয় নাই আমদের দাবীর ন্যায্যতাকে স্বীকার করে নিয়ে সাহায্য করার জন্য স্বেচ্ছায় আজকে এগিয়ে এসেছে। সেই জন্য ভারত সরকারের কাছে আমরা কৃতজ্ঞ।

বন্ধুরা আমার, মুক্তিসংগ্রামে, স্বাধীনতা সংগ্রামে একদিকে যেমন সৈন্যবাহিনীকে প্রস্তুত করতে হয় চরম আঘাত হানার জন্য, তেমনি আর একদিকে কূটনৈতিক আক্রমণের দ্বারা শত্রুকে পর্যুদস্ত করতে হয়। তৃতীয়তঃ দেশের অভ্যন্তরে মানুষের মনোবলকে শক্ত রাখতে হয়। আর শত্রুর মনোবল ভাঙ্গতে হয়।

বিদেশে কূটনৈতিক প্রচার চালিয়েছেন আপনার সরকার। মুক্তিফৌজকে সুসংগঠিত করার জন্য আপ্রাণ চেষ্টা করেছেন। হাজার হাজার ছেলে আজ মুক্তিফৌজে যোগ দেওয়ার জন্য, মাতৃভূমির স্বাধীনতা রক্ষা করার জন্য এগিয়ে আসছে। সবাইকে সমানভাবে সৈনিকের শিক্ষা দানের বন্দোবস্ত করা সম্ভব হয় নাই। তার একমাত্র কারণ আমাদের সীমিত সামর্থ।

এই সরকারের আয়ের কোনরকম সুনির্দিষ্ট বন্দোবস্ত নেই। শুধুমাত্র দান, খয়রাত, ঋণ আর কিছু বান্ধব মারফত টাকা সংগ্রহ করে কোনমতে সরকার চলছে। তাই যারা মুক্তিযুদ্ধে নাম লেখাবার জন্য ট্রেনিং গ্রহণ করতে বিভিন্ন অঞ্চলে এগিয়ে আসছেন, তাদের সবাইকে ট্রেনিং-এর সুবন্দোবস্ত করা সম্ভবপর হয় নাই। কি করে এই সীমিত সামর্থ্যের মধ্যে ভাল ট্রেনিং-এর বন্দোবস্ত ও মুক্তিবাহিনীকে আরও জোরদার করা যায় আপনাদের মন্ত্রিসভার সদস্যরা তা আপনাদের সঙ্গে আলোচনা করবেন। আমি বিশ্বাস রাখি, দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে আপনারা গঠনমূলক সমালোচনা দ্বারা ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণ করবেন। মনে রাখবেন বর্তমান মুহূর্তে যুদ্ধের সবচেয়ে বড় প্রয়োজন ঐক্যের। সারা পৃথিবীর মানুষ যেন দেখতে পায় আওয়ামী লীগ, বঙ্গবন্ধুর সহকর্মীরা, বঙ্গবন্ধুর শিষ্যরা, বাংলার স্বাধীনতা সংগ্রামের নায়করা এক প্রাণ এক মন হয়ে বাংলার স্বাধীনতার জন্য সংগ্রাম করে যাচ্ছেন। ঐক্যে কোনরকম ফাটল ধরলে তার ফল হবে মারাত্মক। কেউ কেউ বাইরে থেকেও নানা প্রকার প্ররোচনায় আমাদের মধ্যে ফাটল ধরাতে চেষ্টা করতে পারে। সেই সমস্ত প্রচেষ্টাকে আমাদের বানচাল করে দিতে হবে। আমি আপনাদের আশ্বাস দিতে পারি আমার মন্ত্রীসভার সদস্যরা মনেপ্রাণে এক। তাদের প্রতিনিয়ত চিন্তা মাতৃভূমির স্বাধীনতাকে কি করে ত্বরান্বিত করা যায়। যে অটুট ঐক্য আজকে সরকারের মধ্যে বজায় আছে সেই অটুট ঐক্য আজকে আওয়ামী লীগের প্রতিটি নির্বাচিত সদস্য ও কর্মীদের মধ্যে গড়ে তুলতে হবে।

আমাদের প্রধান সেনাপতির বর্তমান রণকৌশল আমাদেরকে গেরিলা যুদ্ধের পদ্ধতি অবলম্বন করতে হয়েছে। এবং গেরিলা যুদ্ধের সবচেয়ে বড় জিনিস হলো জনসাধারণের অকুণ্ঠ সমর্থন ও সহযোগিতা। আপনারা যারা প্রতিনিধি, আপনাদের কাছে আমার আকুল আবেদন আমাদের গেরিলা যোদ্ধারা যে রণনীতি আর কৌশলে যুদ্ধ করে চলেছে, এই রণনীতি আর কৌশলে আপনারাই তাদের সর্বাধিক সাহায্য করতে পারে- জনগণের মনোবল অটুট রেখে আর সমর্থন বজায় রেখে। বন্দুক নিয়ে যারা লড়াই করছে তারাও যেমন মুক্তিযোদ্ধা, আপনারাও তেমন মুক্তিযোদ্ধা। এটা জনযুদ্ধ, ভাড়াটিয়া সৈন্যদের যুদ্ধ নয়। এটা হচ্ছে People's War-এই People হচ্ছে সবচেয়ে Important factor.

আর সেই People-কে সংঘবদ্ধ করার দায়িত্ব জনসাধারণের প্রতিনিধিদের। প্রতিটি সৈনিককে জনতার বন্ধু ভাবতে হবে। নির্যাতিত, নিপীড়িত ও লাঞ্ছিত বাংলার মানুষ যেন ভাবে তাদের নির্বাচিত প্রতিনিধিরা, তাদের প্রিয় প্রতিষ্ঠান আওয়ামী লীগের কর্মীরা, সৈনিকেরা তাদের বন্ধু। যদি আমরা জনগণের এই সমর্থনকে বজায় রাখতে পারি তাহলে, আমি আপনাদেরকে আশ্বাস দিতে পারি যে, আপনাদের বীর সৈনিকেরা, পৃথিবী যা ভাবছে তার চেয়ে বহু আগে বাঙলার স্বাধীনতা অর্জন করবে।

বন্ধুরা আমার, জনগণের সমর্থন আদায় করতে হলে আমাদের প্রত্যেকের কার্যকলাপে জনগণের বন্ধু, জনতার বন্ধু, নির্যাতিত চাষীর বন্ধু বলে নিজেদের প্রমাণ করতে হবে। অত্যাচারী মিল মালিকের বিরুদ্ধে আমরা নির্যাতিত শ্রমিকের বন্ধু। বাংলার মধ্যবিত্ত বুদ্ধিজীবির আমরা বন্ধু। এই বন্ধুত্ব প্রকাশের প্রধান উপায় হলো আওয়ামী লীগের প্রণীত ম্যানিফেষ্টোকে বার বার জনগণের সামনে তুলে ধরা। আওয়ামী লীগ ভোট পেলে যে সমস্ত প্রতিশ্রুতি পালন করবে বলে প্রতিশ্রুতি দিয়েছিল, সে সমস্ত প্রতিশ্রুতি আমরা পালন করব। এই মুহূর্তে মুক্তিসেনানীরা যে অঞ্চলকে শত্রুমুক্ত করবে সেই অঞ্চলের রাজনৈতিক নেতারা, অর্থনৈতিক, সামাজিক সংস্কারের যে প্রতিশ্রুতি আমরা দিয়েছি, তাকে বাহ্য রূপ দেওয়ার জন্য সক্রিয়ভাবে কাজে নামবেন। মনে রাখতে হবে, সেনাবাহিনী যুদ্ধে জয়লাভ করে যে স্বাধীনতাকে তারা অর্জন করে দেবে, সেই স্বাধীনতাকে রাজনৈতিক, সাংস্কৃতিক ও সামাজিক পটভূমিকায় রূপে দেওয়ার দায়িত্ব আপনাদের।

তাই বন্ধুরা, নির্বাচিত প্রতিনিধিরা, আমাদের নীতি আদর্শে আপনারা অটল থাকবেন। বঙ্গবন্ধুর আদর্শ হচ্ছে আমাদের আদর্শ। বিশ বছরের ক্রমাগত সংগ্রামের মধ্যে পরীক্ষা-নিরীক্ষার ভিতর দিয়ে এই আদর্শকে আমরা আজকে পৃথিবীর সামনে তুলে ধরছি। অসাম্প্রদায়িকতা বা 'সেকুলারিজমের' মহান আদর্শ বহু পরীক্ষা-নিরীক্ষার ভিতর দিয়ে এই আদর্শকে আমরা আজকে পৃথিবীর সামনে তুলে ধরছি। অসম্প্রাদায়িকতা বা 'সেকুলারিজমের' মহান আদর্শ বহু পরীক্ষা-নিরীক্ষার পর আমরা বিশ্বের কাছে তুলে ধরেছি। এই একটি বিষয়ে আপনাদের স্পষ্ট থাকতে হবে। কোন প্রকারে সাম্প্রদায়িকতার মালিন্যে যেন আওয়ামী লীগের সদস্যবৃন্দের নাম কলঙ্কিত না হয় সে বিষয় আপনাদের লক্ষ্য রাখতে হবে। গণতন্ত্র অর্থই হলো অসাম্প্রদায়িকতা। যেখানে সাম্প্রদায়িক ভেদবুদ্ধি সেখানে গণতন্ত্র কোনদিন কার্যকর হতে পারে না।

আজ আমরা গণতন্ত্রে বিশ্বাস করি বলেই অসাম্প্রদায়িকতা বা সেকুলারিজমে বিশ্বাস করতে হবে। বাংলার প্রতিটি হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খ্রীস্টানেরা মনে প্রত্যয় জন্মাতে হবে যে আপনারা সবারই বন্ধু আর ভবিষ্যৎ বাংলার সুখ আর সমৃদ্ধিকে সবাই আপনারা রূপ দিতে যাচ্ছেন।

অর্থনৈতিক ক্ষেত্রে, গণতান্ত্রিক কাঠামোতে সমাজতান্ত্রিক অর্থনৈতিক পদ্ধতি আমরা বহু পূর্বেই গ্রহণ করেছি। এ প্রশ্নে কারো মনে সন্দেহ থাকা উচিত নয়। যুদ্ধবিধ্বস্ত দেশকে গড়ে তুলতে ব্যক্তিগত মালিকানা হ্রাস করতেই হবে। এই যুদ্ধবিধ্বস্ত অর্থনীতিকে গড়ে তুলতে রাষ্ট্রীয় পর্যায়ে অর্থনৈতিক মালিকানা অর্জন করে সমাজতান্ত্রিক অর্থনীতির মাধ্যমে আপনাদেরকে দেশ গঠনের কাজে অগ্রসর হতে হবে।

বন্ধুরা আমার, আদর্শের উপর ফাটল যেন না হয়। বাংলার স্বার্থে পৃথিবীর যে দেশের সঙ্গে যে কোন জায়গায় বন্ধুত্ব করা দরকার তা আমরা করব। নিরপেক্ষ পররাষ্ট্র নীতি আমাদের অবলম্বন। বিশ্বের নির্যাতিত মানুষের স্বাধীনতার জন্য আমরা সেই সমস্ত জাতির পাশেই দাঁড়াব। বহু রক্তের বদলে, বহু দুঃখের রজনী পার করে আমরা জেনেছি স্বাধীনতার লড়াই কি। আমরা জেনেছি সাম্রাজ্যবাদীরা যারা এখনো পৃথিবীর দিকে দিকে বিভিন্ন জাতিকে পদানত করে রেখেছে, সেই সমস্ত পদদলিত জাতির বুকের মর্মজ্বালা কি। একদিন আমেরিকাকে বৃটিশ রাজ্যের অধীন থেকে স্বাধীনতার জন্য লড়াই করতে হয়েছিল। বোস্টনের বন্দরে যেদিন জাহাজ ডুবিয়ে দিল, আমেরিকার স্বাধীনতা সংগ্রামীদের এবং জর্জ ওয়াশিংটনের অসি ঝলসে উঠল বোস্টনের তীরে তীরে। আর জেফারসনের বলিষ্ঠ কণ্ঠ যেদিন মানবতার জয়গান গাইল, সেদিনের আমেরিকা সাম্রাজ্যবাদের বিরুদ্ধেই সংগ্রাম করেছিল। তাহলে কেন আজ সাম্রাজ্যবাদী ইয়াহিয়ার জন্য অস্ত্র আসছে? আমি প্রেসিডেন্ট নিক্সনের কাছে আপনাদের তরফ থেকে মনের বেদনা প্রকাশ করেছি, প্রতিবাদ জানিয়েছি পাকিস্তানকে অস্ত্র সরবরাহের বিরুদ্ধে। বহু সংগ্রামের ভিতর দিয়ে সোভিয়েত রাশিয়াকে তার জাতীয় স্বাধীনতা পুনরুদ্ধার করতে হয়েছিল। জারের অত্যাচার, সাম্রাজ্যবাদীদের চক্রান্ত, পরবর্তীকালে হিটলারের আক্রমণের বিরুদ্ধে সংগ্রাম করে বীর রুশ জাতি স্বাধীনতার স্বর্ণশিখরে উপস্থিত হয়েছিল। আপনাদের মাধ্যমে আর একবার আমি মহান রুশ জাতির কাছে আবেদন জানাই, তারা এই স্বাধীনতা সংগ্রামে আমাদের পাশে এসে দাঁড়াক। চিরকাল বাংলার মুক্তিকামী মানুষ সোভিয়েত রাশিয়ার মানুষকে স্মরণ করবে।

আমাদের প্রতিবেশী চীনের বর্তমান নায়কেরা ইয়াহিয়ার সঙ্গে মিতালী গড়ে তুলেছেন। জানি না পিছনে রাষ্ট্রগত স্বার্থ ছাড়া আর কি থাকতে পারে। আমরা তো চীনকে এই দৃষ্টিভঙ্গিতে দেখি নাই। চীনের বর্তমান নায়কেরা যাই বলুন না কেন মহান জাতি চীনের প্রতি কোন অবিশ্বাস আমরা পোষণ করি না। চীনের সাধারণ মানুষকে আমরা আমাদের ভালবাসাই দেই। আর আবেদন জানাই, আপনারা আপনাদের নায়কদের বাধ্য করুন- যেখানে কৃষক-শ্রমিক মরছে, যেখানে একটা জাতি নির্যাতনে নিষ্পেষিত হচ্ছে সেখানে একটা অত্যাচারী সাম্রাজ্যবাদী সরকারকে তাঁরা সমর্থন যেন না জানায়। একটা সাম্রাজ্যবাদী সরকারকে কী করে আজকে আপনাদের নায়কেরা সমর্থন করেছেন। তা একবার আপনারা দেখুন।

বন্ধুরা, মনে রাখতে হবে আমাদের স্বাধীনতা অন্য কেউ এনে দেবে না। নিজেদের স্বাধীনতা নিজেদেরকেই অর্জন করতে হবে। বাইরের কোন রাষ্ট্র স্বাধীনতার ফল এনে দেবে, এ ধারণা ভুল। দশ লক্ষ বাঙ্গালী রক্ত দিয়েছে। বঙ্গবন্ধু বলেছিলেন রক্ত যখন আমরা দিতে শিখেছি তখন রক্ত আরো দেবো, বাংলার মানুষকে মুক্ত করে ছাড়বো। দশ লক্ষ বাঙ্গালীর বীর যারা প্রাণ দিয়েছে তাদের কসম দিয়ে আপনাদেরকে বলছি, আজকে স্বাধীনতার লড়াই-এ প্রয়োজন পড়লে আরো আমরা প্রাণ বিসর্জন দিব। তবু আপোস করব না। ইয়াহিয়া খান সাহেব তার শেষ বেতার ভাষণে আমাদের হুমকি দিয়েছেন। এই ইয়াহিয়া খান বাংলার নির্বাচিত জনগণের প্রতিনিধিদের সদস্যপদ বাতিলের ব্যবস্থা করেছেন। ইয়াহিয়া খাঁন পশ্চিম পাকিস্তান থেকে আমরা নির্বাচিত সদস্য নই। বাংলার মানুষ আমাদেরকে নির্বাচিত করেছে। তাদের কাছে দেওয়া প্রতিশ্রুতি রক্ষা করার জন্যই আজ আমরা গৃহহারা, সর্বহারা, আজ আমরা বনে জঙ্গলে ঘুরছি। কে তুমি ইয়াহিয়া? তোমাকে সরকার পরিচালনার দায়িত্ব কে দিয়েছে? পশ্চিম পাকিস্তানের জনগণও তোমাকে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব দেয় নাই। নির্যাতিত পাঠান, বেলুচ, সিন্ধিদেরকেও তুমি শাসন করে চলেছো। পাঞ্জাবের চাষী-মজুরদের উপর অত্যাচারে তুমি জমিদারদের সহায়তা করেছো। তোমার হুমকি ও ঔদ্ধত্যের উত্তর রণক্ষেত্রে আমাদের বীর সৈনিকেরা দেবে।

সর্বশেষে আপনাদেরকে বলি সংকল্পে অটুট থাকতে হবে ! দুর্বলতা কোনভাবে যেন আমাদের মনে স্থান না পায়। পরিপূর্ণ স্বাধীনতাই আমাদের লক্ষ্য। স্বাধীন সার্বভৌম বাংলার বিকল্প কোন প্রস্তাব, আপনাদের কাছে, বাংলার মানুষের কাছে গ্রহণযোগ্য নয়। তৎসত্ত্বে ইয়াহিয়া খান সাহেবের কাছে বলেছিলাম, আহবান জানিয়েছিলাম যুদ্ধ বন্ধ করুন। আমরা দশ লক্ষ মরেছি, তোমার ১৫ হাজার সৈনিককে তো ইতিমধ্যে মুক্তি বাহিনীর লোকেরা খতম করেছে। ২৫ থেকে ৩০ হাজার সৈন্য আহত হয়েছে। শুধু বাংলার ঘরে ঘরে মা-বোনেরা কন্দন রোল নয়, পাঞ্জাবের ঘরেও তো ক্রন্দনের রোল। সেখানেও বিধবার মর্মভেদী হাহাকার তোমার কানে কি পৌঁছে না? তাই যুদ্ধ বন্ধ করে শান্তিপূর্ণ উপায়ে সমস্যা সমাধান কর।

(১) বাংলা স্বাধীনতা স্বীকার কর। (২) বঙ্গবন্ধুকে মুক্তি দাও। (৩) সমস্ত সেনাবাহিনী প্রত্যাহার কর। আর (৪) যে ক্ষতি করেছ তার ক্ষতিপূরণ দাও। এই চারটি শর্ত আমি দিয়েছিলাম শান্তিপূর্ণ মীমাংসার জন্য। ইয়াহিয়া খান প্রত্যুত্তর দিয়েছেন আটাশে জুন তারিখে। আটাশের পর থেকে শান্তিপূর্ণ আলাপ-আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের পথ রুদ্ধ হয়েছে। এখন বাংলার ভবিষ্যৎ নির্ধারিত হবে বাংলার মাঠে, প্রান্তরে, পদ্মা, মেঘনা, যমুনার কূলে যুদ্ধের মাধ্যমে।

আপনাদের সুযোগ প্রধান সেনাপতির নির্দেশে তার সৈন্যবাহিনী রক্ত ঢেলে দিচ্ছে। তাদের সেই তপ্ত লহু আজ আপনাদের সংকল্পকে আরো দৃঢ় করুক। বাংলার যে শত শত সতী নারী তাদের ইজ্জত দিয়েছে, তাদের ইজ্জতের শপথ-ইয়াহিয়া বাহিনীকে নির্মূল না করা পর্যন্ত, বাংলার স্বাধীনতা অর্জন না হওয়া পর্যন্ত আমাদের বিশ্রাম নাই। আপনারা সংকল্পবদ্ধ হউন, আপনারা শপথ করুন, মুক্তিযুদ্ধে যে কোন অবস্থায়, যে কোন অধ্যায়ে আপনারা ঝাঁপিয়ে পড়বেন।

দীর্ঘকাল বহু সুখে-দুঃখে আমরা আপনাদের পাশে পাশে ছিলাম। আমার প্রিয়তম নেতা শেখ মুজিবর রহমান স্নেহ করতেন, ভালবাসতেন, আপনারা দীর্ঘকাল দিয়েছেন, স্নেহ দিয়েছেন, কোনদিন কে আমরা আপনাদের বিশ্বাসের অমর্যাদা করেছি? বঙ্গবন্ধুর বিশ্বাস, আপনাদের স্নেহ-ভালবাসার বিনিময়ে আমরা কি কোনদিন আপনাদের আদর্শ থেকে বিচ্যুত হয়েছি? ২০-২২ বছরের ইতিহাস যদি একথা বলে সুখে-দুঃখে জয়-পরাজয়ে গৌরবে-অগৌবরে আপনাদের পাশে পাশে ছিলাম। আপনাদের বিশ্বাসের অমর্যাদা করি নাই। আজ আপনাদের কাছে আকুল আবেদন জনাব আবার আপনারা বিশ্বাস করুন। দেখুন আমরা কি করতে পারি, যদি না পারি তবে শুধু আপনাদের কাছে নয় অনাগত ভবিষ্যতের কাছে আমাদের কি জবাবদিহি করতে হবে না? আমার বিশ্বাস আমার মন্ত্রিসভার সদস্যরা এবং আমার প্রধান সেনাপতিও এ সম্বন্ধে সজাগ।

১৯৬৬ সাল থেকে ১৯৬৯ সালে এই তিন বছর আমি আপনাদের পরিচালনার দায়িত্ব লাভ করেছিলাম। বঙ্গবন্ধু এই তিন বছর কারাগারে ছিলেন। আইয়ুব-শাহীর দাপট আর অত্যাচারের বিরুদ্ধে আমি দেখেছি তখনও আপনারা অধৈর্য হন নাই। আমি কোনদিন ধৈয্য হারাই নাই। বহুবার আপনাদের বলেছি, সংগ্রামে জয়ী হতে হলে ধৈর্যের প্রয়োজন। বহুবার সংগ্রামের বহু কৌশল নিয়ে আপনাদের সাথে আমার মতবিরোধ হয়েছে। আজ আমি গর্বের সাথে বলতে পারি আমার প্রবর্তিত কৌশলের ফলে আমরা ১৯৬৯ সালে বঙ্গবন্ধুকে মুক্ত তথা আইয়ুবশাহীকে খতম করেছিলাম।

বিশ্বাসের বলে আপনারা আমাকে বঙ্গবন্ধুর সহকর্মী হিসেবে প্রধান সহ-সভাপতি করেছিলেন। এই বিশ্বাসের বলে আপনারা আমাকে জাতীয় পরিষদে ডেপুটি নেতা করেছিলেন। আমি জানি, এই বিশ্বাসের বলে বঙ্গবন্ধুর অনুপস্থিতিতে আবার আপনারা আমাকে অস্থায়ী রাষ্ট্রপতির দায়িত্ব দিয়েছেন। আমার ভাগ্য এই যে, আমার নেতা, আমার ভাই, আমার প্রিয়তম বন্ধু শেখ সাহেব যখনই যান, তার অসমাপ্ত কাজের দায়িত্ব গাড়ে পড়ে যায়। সেই কাজ চিরকাল আপনাদের পাশে পাশে থেকে করেছি। আজও আপনাদেরকে আমি প্রতিশ্রুতি দিচ্ছি-যদি বিশ্বাসঘাতকতা করি, যদি সংকল্পে কোনরকম মলিনতা দেখেন, যদি আপনাদের নীতি ও আদর্শ থেকে কোনদিন বিচ্যুতি দেখেন, আপনারা আঁস্তাকুড়ে নিক্ষেপ করবেন। কিন্তু বাংলার এই সংকট মুহূর্তে, জাতির স্বাধীনতার এই ক্রান্তিলগ্নে যেখানে শত শহীদের রক্তে আজকে ইতিহাস লেখা হয়েছে, আর যেখানে হাজারে হাজারে সৈনিক আজকে বনে-প্রান্তরে ইতিহাস লিখে চলেছে, সেই মুহূর্তে আর একবার আপনারা আস্থা স্থাপন করুন। আমার বন্ধু তাজউদ্দিন সাহেব দীর্ঘদিন আপনাদের পাশে পাশে সংগ্রাম করেছে, বহু জেল খেটেছে। আমার ভাই মোস্তাক সাহেব, মনসুর সাহেব, কামরুজ্জামান সাহেব দীর্ঘকাল সংগ্রামের পরীক্ষিত সেনাপতি। তাঁদের উপর আপনারা আস্থা স্থাপন করুন। একথা আমি বলব না, নির্বাচিত প্রতিনিধি হিসাবে সমালোচনা আপনারা করবেন না। সমালোচনার উদ্দেশ্য হবে একটি- কী করে স্বাধীনতা সংগ্রামকে জোরদার করা যায়।

আর যদি বাংলার স্বাধীনতা এই মন্ত্রীসভার নেতৃত্বে একদিন অর্জিত হয়, সেই গৌরব আপনারা নেবেন, আওয়ামী লীগের কর্মীরা নেবেন, বাংলার সাড়ে সাত কোটি মানুষ নেবেন, মুক্তিযোদ্ধারা নেবেন। আর সেদিন যদি শুধু কিছু ধন্যবাদ, মন্ত্রিসভার সদস্যদের দেন, তবে আমি কৃতার্থ হব। আপনাদের সবাইকে জানাই আমার আন্তরিক ধন্যবাদ।

-জয় বাংলা

শিরোনাম	সূত্র	তারিখ
পশ্চিমবঙ্গের বাংলাদেশের প্রবাসী বুদ্ধিজীবিগণ কর্তৃক কানাডীয় পার্লামেন্টারী প্রতিনিধিদলের কাছে প্রদত্ত স্মারকলিপি	পশ্চিমবঙ্গে প্রবাসী বুদ্ধিজীবি	৭ জুলাই, ১৯৭১

MEMORANDUM TO THE VISITING MEMBERS OF THE CANADIA PARLIAMENT FROM REFUGEE INTELLECTUALS OF BANGLADESH

Sirs,

We take this opportunity to express our deep sense of gratitude for the moral support and sympathy shown by the Government and people of Canada for the cause of Bangladesh. We deeply appreciate your government's embargo on arms supply to the military overlords in Pakistan and also for your advocacy of a political settlement acceptable to the people of Bangladesh. We gratefully acknowledge your contribution to the relief undertaken for more than seven million unfortunate refugees who have taken shelter in India.

You are no doubt aware of the circumstances in which the People's Republic of Bangladesh emerged as the eighth largest sovereign state of the world on April 12, 1971.

From its very inception Pakistan was an unusual state, unique in modern history in that its two wings were separated by more than one thousand miles of foreign territory- with a common religious belief as the only binding- factor. The Pakistan Resolution- of 1940 which spelled out the aspirations of the Muslims of undivided India conceived of "Sovereign Stales" in the two Muslim majority areas of the sub continent.

In their sincere desire and enthusiasm to build a unified state the people of East Pakistan surrendered their right to sovereignty as visualized in that resolution and accepted the structure of one Pakistan. They tried t6 make- this dream work but, did not succeed owing to (the) undemocratic manoeuvres. Taking advantage of the goodwill of the people of East Bengal. They, evolved a political and economic system in which the Bengalis had an inferior position. The misery, suffering, and exploitation of the people of Bangladesh by the West Pakistani ruling clique over the last twenty three years finally brought home to them the realization that they could not survive with honor and dignity unless autonomy of the regions as visualized in the Pakistan Resolution of 1940 became a political reality. The six point programme of Awami League formulated by Sheikh Mujibur Rahman sought to end regional exploitation while preserving the unity of Pakistan. The massive support given to this programme by the people of Bangladesh in the first general elections held in Pakistan in December 1970" was the last desperate attempt by them to force a realization on the ruling circles of West Pakistan of the seriousness of the situation. But the- military rulers never meant to give up their colonial exploitation of Bangladesh nor were they prepared to let democracy function. The tragic happenings since March 25, 1971 have proved that the military rulers want to hold on to power at all costs. The declaration of independence by the people of Bangladesh was therefore the only course left open to them.

The atrocities committed by the Pakistani soldiers clearly indicate that the concept of one nation and one country had never taken root in the minds of Yahya Khan and his associates because such acts could never be permitted by an army except on an alien people whom it wants to subdue and terrorize.

We appeal to you and through you to the Government of Canada to take the following steps immediately:

1. Recognize the Govt of the People s Republic of Bangladesh.
2. Put pressure on Islamabad to secure the release of Sheikh Mujibur Rahman and all other political prisoners in Bangladesh.
3. Give all possible help to Bangladesh in defense of freedom and democracy.
4. Stop an aid to Pakistan, including aid in the pipeline.
5. Sever all trade and economic relations with Pakistan.
6. Force Yahya to stop his campaign of genocide.
7. Establish an International Commission of Jurists to enquire into the acts of genocide and traffic in women committed by the Pakistan troops and to punish the culprits.

BANGAON
July 7. 1971.

Yours faithfully,
On behalf of Bangladesh Intellectuals
now in West Bengal.'

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশ রেডক্রস সোসাইটি কর্তৃক কানাডীয় পার্লামেন্টারী প্রতিনিধিদলের কাছে প্রদত্ত স্মারকলিপি	বাংলাদেশ রেডক্রস সোসাইটি	৭ জুলাই, ১৯৭১

MEMORANDUM BEFORE THE CANADIAN PARLIAMENTARY DELEGATION ON BEHALF OF BANGLADESH RED CROSS SOCIETY :

Sirs,

This short memorandum is being submitted to you on behalf of Bangladesh Red Cross Society formed after 25th March, 1971 by the doctors, nurses and volunteers who have been lucky enough to escape the carnage of the Pakistan Army. We are here today as international refugees in India, which country has very kindly offered us temporary shelter and assistance. We are here patiently waiting for time when resistance within the country and international pressure from outside will force Pakistan to withdraw its troops from Bangladesh and enable us to go back. We want to go back when we have an international guarantee for our safety on return or when Bangladesh is free.

We are here, Sir, today not because we "had anything to do with active politics or with the democratic protests of the people against the military junta in Pakistan, but simply because we are Bengalis. Our students, between the age of 15 and 30 are being systematically picked up and eliminated by the Pakistan Army, not because they broke any of their declared and undeclared regulations, but simply because they are considered as potential elements of opposition and resistance to Pakistan's military rule in Bangladesh. The twentieth century is witnessing in Bangladesh one of the worst criminal acts of racial subjugation and planned genocide and yet few Governments of the world have shown enough concern about it.

We do not wish to recount all the horrors of the continuing repression in Bangladesh as these have been fully documented and reported in the world press. It distresses us to find that the world powers have done nothing effective to stop genocide in Bangladesh while some of them are actually abetting it and contributing to it by supply of arms and economic aid.

We had hoped very much that the Government of the Canadian deleg*f»on, the oldest democracies in the world would not be a silent witness to the suppression of the elected representatives of the people of Bangladesh by means of brute force.

May we urge, you Sirs, to try and persuade your Government to initiate steps, as a signatory of the genocide convention, through the United Nations, to stop genocide in Bangladesh. May we also request you to help create conditions for our return to our country by recognizing the justness of our cause and the legitimacy of the People's Republic of Bangladesh, founded as it is on the wishes of her people.

BANGAON
July 7, 197'

Yours faithfully.
On behalf of Bangladesh
Red Cross Society.

শিরোনাম	সূত্র	তারিখ
জাতীয় ও প্রাদেশিক পরিষদ সদস্যদের যৌথ সভার উপর লিখিত আওয়ামী লীগের মুখপত্রের সম্পাদকীয়	জয় বাংলা	১৬ জুলাই, ১৯৭১

যুক্ত বৈঠকের ঐতিহাসিক গুরুত্ব

চলতি মাসের ৫ই ও ৬ই তারিখে মুজিবনগরে বাংলাদেশ আওয়ামী লীগের জাতীয় ও প্রাদেশিক পরিষদ সদস্যদের যে অধিবেশন হয়ে গেল- তার ঐতিহাসিক গুরুত্ব ইতিমধ্যেই আমাদের জাতীয় জীবনে প্রতিভাত হতে শুরু করেছে। শুধু জাতীয় জীবনে নয়, আন্তর্জাতিক ক্ষেত্রেও এই বৈঠকে বাংলাদেশের মুক্তি সংগ্রাম ও তার গণপ্রতিনিধিত্বমূলক চরিত্রের একটা যথার্থ প্রেক্ষিত তুলে ধরবে তাতে সন্দেহ নেই। এতে রণাঙ্গনে সংগ্রামরত আমাদের বীর মুক্তিবাহিনী ও গেরিলা যোদ্ধাদের মনোবল ও আক্রমণ ক্ষমতা যেমন আরো বাড়বে, তেমনি বাংলাদেশের মুক্তি সংগ্রামে যেসব বন্ধুরাষ্ট্র অকৃপণভাবে সমর্থন জোগাচ্ছেন, তাদের এই সমর্থনের নৈতিক ভিত্তি আরো দৃঢ় হবে। কারণ, রণাঙ্গনের বীর মুক্তিযোদ্ধারা যেমন জানেন তাদের সংসদীয় প্রতিনিধিরা ঐক্যবদ্ধভাবে তাদের পাশেই রয়েছেন, তেমনি বিশ্বের মানবতাবাদী ও শান্তিকামী বন্ধু দেশগুলোও জানবে, বাংলাদেশের মুক্তি সংগ্রামে সকল স্তরের মানুষের ঐক্য অটুট ও অনড় রয়েছে। ভুলভ্রান্তি মানুষ মাত্রেই হয়। বাংলাদেশের মানুষের উপর আকস্মিকভাবে চাপিয়ে দেয়া এই যুদ্ধে প্রাথমিক প্রস্তুতির ক্ষেত্রেও ক্ষেত্রবিশেষে ভুলভ্রান্তি ঘটতে পারে। বিপ্লবের ইতিহাসে স্বাধীনতার যুদ্ধে প্রাথমিক প্রস্তুতির ক্ষেত্রে এই ধরনের মানবিক ভুলভ্রান্তি- সব দেশে সব যুগেই ঘটতে দেখা গেছে। এই ভুলভ্রান্তি বড় কথা নয়। বড় কথা অটুট গণঐক্য, জাতীয় ঐক্য এবং শত্রুর উপর আঘাত হানার ক্রমবর্ধমান মনোবল। গত তিনমাসে বাংলাদেশের মানুষ প্রমাণ করেছে, তারা নিরস্ত্র এবং অপ্রস্তুত থাকা সত্ত্বেও আধুনিক সমরাস্ত্রে সজ্জিত পাঁচ ডিভিশনের এক বিশাল ও বর্বর দস্যু বাহিনীর বিমান, ট্যাঙ্ক ও গানবোটের ত্রিমুখী আক্রমণতারা সাফল্যের সঙ্গে প্রতিরোধ করে চলেছে। তাদের বড় অস্ত্র অটুট মনোবল ও দেশের সর্বস্তরের মানুষের মধ্যে ঐক্য। বাংলাদেশের একজন মানুষ, তিনি বুদ্ধিজীবি, চাকররিজীবি, ব্যবসায়ী, কিম্বা গণপ্রতিনিধি হোন, অথবা ক্ষেতের চাষী ও কারখানার মজুর হোন, নিদেন দিনমজুর হোন, আজ একটিমাত্র লক্ষ্যে তারা সকলেই উদ্দীপিত ও অবিচল, তা হল বাংলাদেশের মুক্তি ও স্বাধীনতা। ষোড়শ ও সপ্তদশ শতকের প্যটার্নে ইয়াহিয়ার জঙ্গীচক্র বাংলাদেশে যে ঘৃণ্য ঔপনিবেশিক শাসন কায়েম করতে চায়, তার শৃঙ্খল ভেঙ্গে মুক্তির উদয়াচরে- নতুন মুক্তিসূর্যের প্রত্যাশায় ভোরের অরুণিমার মত তাজা বুকের লহু ঢালছে দেশের বীর মুক্তিবাহিনী। এই রক্তদান বৃথা যেতে পারে না। মুজিবনগরের বৈঠকে সম্মিলিত হয়ে আওয়ামী লীগের সংসদীয় সদস্য ও নেতারা সমস্বরে এ কথাই ঘোষণা করেছেন, বিশ্ববাসীকে জানিয়ে দিয়েছেন। এই ঐতিহাসিক বৈঠকে আরো স্পষ্ট করে তুলল, এই মুক্তিযুদ্ধে জনগণের ও জনপ্রতিনিধিদের ঐক্য কত অকৃত্রিম নিবিড়।

ফ্যাসিস্ট আইয়ুবের রাজনৈতিক জারজপুত্র জুয়াড়ি ইয়াহিয়া বাংলাদেশের রাজনীতিতে একটি নতুন জুয়ার চাল চালতে চেয়েছিলেন। তিনি বিশ্ববাসীকে বোঝাতে চেয়েছিলেন যে, আওয়ামী লীগকে রাজনৈতিক প্রতিষ্ঠান হিসাবে তিনি নিষিদ্ধ করেছেন বটে, তবে আওয়ামী লীগের পরিষদ সদস্যদের সদস্যপদ তিনি নষ্ট করেননি, এমন কি গত ডিসেম্বরের মাসের নির্বাচনকেও তিনি বানচাল করতে চান না। সাধু! সাধু! এ না হলে 'নির্ভেজাল গণতন্ত্রী' আর কাকে বলে! দুনিয়া দেখুক, ইয়াহিয়া চক্র গণতন্ত্রের কত বড় পূজারী! তিনি জনগণের দল নিষিদ্ধ ঘোষণা করেন, কিন্তু দলের সদস্যদের হাতছাড়া করতে চান না। তিনি নির্বাচন বানচাল করতে চান না, চান নির্বাচনে জনগণের রায় বানচাল করে দিতে। তারপর যারা তার হাতে বয়েৎ হবে তাদের দিয়ে একটা পুতুল সরকার গঠন করে নিজেদের ইচ্ছামত এমন একটা শাসনতন্ত্র তৈরী করা, যে শাসনতন্ত্র জনগণের প্রতিনিধিদের দ্বারা রচিত এই মর্মে অপপ্রচার চালিয়ে বিশ্ববাসীর চোখে ধুলা দেয়া যাবে এবং অন্যদিকে যে শাসনতন্ত্রে নানা

The Bangladesh Teachers' Association consider all these actions of the Govt. of U.S.A. as abetment to the act of genocide now being perpetrated by Pakistan Army in Bangladesh. They find it difficult to believe that the American people are willing to offer assistance to a ruthless Military regime for crushing the Liberation struggle of the people of Bangladesh. The association, therefore, appeals to the people and Govt. of U.S.A. in the name of justice, humanity and freedom to :

(a) stop all aid, military and economic, to General Yahya's Government;

(b) put pressure on the Govt. of Pakistan to stop further atrocities in Bangladesh and release the great leader Sheikh Mujibur Rahman unconditionally; and

(c) recognize the Government of the sovereign state of Bangladesh.

Yours truly,
Dated, Calcutta, August 21, 1971. (A. K. Roy)
General Secretary,
Bangladesh Teachers' Association.

The Consul General of the
United States of America,
Calcutta.

শিরোনাম	সূত্র	তারিখ
মার্কিন প্রশাসনের সমালোচনা করে বাংলাদেশ শিক্ষক সমিতির বিবৃতি	বাংলাদেশ শিক্ষক সমিতি	১১ সেপ্টেম্বর, ১৯৭১

PRESS STATEMENT ISSUED BY DR. A. K. ROY, SECRETARY, BANGLADESH SIKSHAK SAMITI ON BEHALF OF THE BANGLADESH SIKSHAK SAMITI.

The recent utterances of Prof Galbraith, the noted Economist and the former Ambassador to India, regarding the solution of Bangladesh problem, made on his arrival in Calcutta during the course of his interview with the Press at Dum Dum Airport (vide Statesman September 9, 1971) has drawn our attention. Professor Galbraith has suggested that the only solution of Bangladesh problem is to grant Bangladesh' Self Government or Autonomy in some form or other. Obviously Professor Galbraith is still thinking in terms of united Pakistan of which Bangladesh would be an autonomous zone. If the learned Professor still thinks such a solution would be acceptable to seventy five million people of Bangladesh, he is very much mistaken. To-day nothing short of Independent Bangladesh will be acceptable to people of Bangladesh. We have sacrificed and are ready to sacrifice more and prepared to fight till we drive out the occupying army of West Pakistan from the sacred soil of Bangladesh. The sacrifices made by people of Bangladesh is too high a price for mere autonomous zone of Bangladesh within the frame of one Pakistan. While appreciating his humanitarian and sympathetic attitude towards the suffering millions of evacuees, who have taken shelter temporarily in India, we appeal to him to exert his personal influence to create public opinion in his country in support of Bangladesh Liberation Movement, so that Nixon Administration may be forced, under public pressure, to change their present policy towards Bangladesh and recognize the democratically constituted Government of Bangladesh. We have firm belief that peace-loving democratic Americans cannot allow Nixon Administration to supply arms and ammunitions to Pakistan for killing Bangalees in the name of saving Islam and integrity of Pakistan in one hand and to assist the refugees on the other hand, who would be driven out by the Pakistani Army equipped with those American arms and ammunitions.

We want to take this opportunity to draw the attention of Professor Galbraith to the fact that the Bangladesh Teachers Association have been viewing with grave concern the continuous supply of arms and ammunitions by the Government of U.S.A. to the Government of Pakistan. The United States Government and the great people of U.S.A. should be aware that such arms and ammunitions would be: used by the Pakistan Army in its act of genocide in Bangladesh. The people of the World including ourselves have protested against this action. But this protests do not seem to have had any effect on U.S.A. Government, till now. The Association had voiced about a month ago their feelings on the subject in their memoranda submitted to Senator Kennedy, to President Nixon through the United States Consulate in Calcutta. A news item appeared recently in

a section of the Press to the effect that American arms and military equipments in Vietnam are now being shipped or are proposed to be shipped to Pakistan and that the services of American experts on Guerrilla warfare, are being placed at the disposal of General Yahya for imparting training to Pakistan Army personnel to fight the Bangladesh Liberation Army. Our voice of resentment has also been communicated to the Consul General of U.S.A., Calcutta, through a Memorandum submitted by the Secretary, on behalf of the Association, a few days back. We also deplore the similar action taken by the Chinese Government. We find it difficult to believe that the American people are willing to offer assistance to a ruthless Military regime for crushing the Liberation struggle of the people of Bangladesh. The Association, therefore, appeal to the people and Government of U.S.A. and the Chinese people and their Government in the name of justice, humanity and freedom to :

(a) stop all aid. military and economic, to General Yahya's Government;

(b) put pressure on the Government of Pakistan to stop further atrocities in Bangladesh and release the great leader Sheikh Mujibur Rahman unconditionally and other political prisoners including Teachers and Intellectuals;

(c) recognize the Government of the sovereign state of Bangladesh.

Dated, Calcutta
September 11, 1911.

(A. K. ROY)
General Secretary
Bangladesh Teachers' Association.

শিরোনাম	সূত্র	তারিখ
আওয়ামী লীগ, কমিউনিস্ট পার্টি, ন্যাপ ও কংগ্রেস সমবায়ে সংযুক্ত কমিটি গঠন	মুক্তিযুদ্ধ	১২ সেপ্টেম্বর, ১৯৭১

আওয়ামী লীগ, কমিউনিস্ট পার্টি, ন্যাপ ও কংগ্রেস সমবায়ে সংযুক্ত কমিটি গঠন সংগ্রামী ঐক্য প্রতিষ্ঠার পথে শুভ পদক্ষেপ

॥ বিশেষ প্রতিনিধি ॥

বাংলাদেশের জাতীয় মুক্তির সংগ্রাম আরও সুষ্ঠুভঅবে পরিচালনার উদ্দেশ্যে গত বুধবার পাঁচটি সংগ্রামী দলের প্রতিনিধিদের সমবায়ে মন্ত্রিসভার পরামর্শদাতা কমিটি গঠিত হইয়াছে। এই কমিটিতে রহিয়াছেন বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দিন আহমদ ও পররাষ্ট্রমন্ত্রী খোন্দকার মুশতাক আহমদ, ন্যাশনাল আওয়ামী পার্টির অধ্যাপক মোজাফফর আহমদ, কমিউনিস্ট পার্টির কমরেড মণি সিং, জাতীয় কংগ্রেসের শ্রীমনোরঞ্জন ধর ও ভাসানী ন্যাপের মওলানা ভাসানী। আওয়ামী লীগের দুইজন প্রতিনিধি এই কমিটিতে অন্তর্ভুক্ত হইবেন। তাঁহাদের নাম এখনও ঘোষণা করা হয় নাই। জনাব তাজউদ্দিন এই কমিটির আহবায়ক নির্বাচিত হইয়াছেন।

গত বুধবার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দিন আহমদের আহবানে মুজিবনগরে উপরোক্ত দলগুলির নেতৃবৃন্দের দুই দফা বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে পরামর্শদাতা কমিটি গঠনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। বৈঠকে যোগদান করেন জনাব তাজউদ্দিন আহমদ, খোন্দকার মুশতাক আহমদ, ক্যাপ্টেন মনসুর আলী, জনাব কামরুজ্জামান ও জনবা আবদুস সামাদ (আওয়ামী লীগ), কমরেড মণি সিং, অধ্যাপক মোজাফফর আহমদ, মওলানা ভাসানী ও শ্রীমনোরঞ্জন ধর।

এখানে উল্লেখযোগ্য যে, বাংলাদেশের জাতীয় মুক্তির সংগ্রাম আর সুষ্ঠুভাবে পরিচালনা এবং সংগ্রামী রাজনৈতিক দলগুলির তৎপরতা সমন্বয় সাধনের উদ্দেশ্যে একটি ঐক্যবদ্ধ জাতীয় মুক্তিফ্রন্ট গঠনের জন্য কমিউনিস্ট পার্টি ও ন্যাশনাল আওয়ামী পার্টি প্রথমাবধি দাবি জানাইয়া আসিতেছিল। 'পরামর্শদাতা কমিটি' জাতীয় মুক্তিফ্রন্টের সমার্থক না হইলেও ইহাকে সঠিক পথে এক ধাপ অগ্রগতি বলা যায়। ঐক্যফ্রন্টের সপক্ষে প্রয়োজনীয়তা উপলব্দি করেন।

বুধবারের সর্বদলীয় বৈঠক খুবই আন্তরিকতাপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়। আশা করা যায় যে, ইহার ফল সুদূরপ্রসারী হইবে এবং বাংলাদেশের মুক্তিসংগ্রামের ইতিহাসে এই দিনটি উজ্জ্বল হইয়া থাকিবে।

প্রস্তাবাবলী

সর্বদলীয় বৈঠকে গৃহীত এক প্রস্তাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্টপ্রধান শেখ মুজিবর রহমানের অবিলম্বে ও বিনাশর্তে মুক্তি দাবি করা হয়। অপর এক প্রস্তাবে বাংলাদেশের মুক্তি সংগ্রামে আত্মদানকারী নাম জানা না-জানা সকল শহীদের স্মৃতির উদ্দেশ্যে গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়। বাংলাদেশের মুক্তিসংগ্রামে অকুণ্ঠ সমর্থন

* বাংলাদেশের কমিউনিস্ট পার্টির সাপ্তাহিক মুখপত্র।

দান এবং বাংলাদেশের বাস্তুত্যাগীদের আশ্রয় ও সাহায্য দানের জন্য ভারতের জনগণ, ভারত সরকার ও অন্যান্য সাহায্য- সমর্থনদানকারী দেশের সরকার ও জনগণের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করিয়া একটি প্রস্তাব গ্রহণ করা হয়।

অপর এক প্রস্তাবে বাংলাদেশের স্বাধীনতার স্বীকৃতি ব্যতীত অন্য কোন ভিত্তিতে রাজনৈতিক সমাধান গ্রহণযোগ্য নয় বলিয়া দৃঢ় অভিমত ব্যক্ত করা হয়। আর একটি প্রস্তাবে পশ্চিম পাকিস্তানের নিপীড়িত জনগণের সহিত সংহতি জ্ঞাপন করা হয় এবং গণতন্ত্র ও স্বায়ত্তশাসনের দাবিতে তাঁহাদের আন্দোলনের প্রতি সমর্থন ঘোষণা করিয়া তাঁহাদের প্রতি বাংলাদেশের মুক্তিসংগ্রামে সমর্থন দানের আহবান জানান হয়।

শিরোনাম	সূত্র	তারিখ
সর্বদলীয় উপদেষ্টা কমিটির উপর আওয়ামী লীগের সাপ্তাহিক মুখপত্রের সম্পাদকীয়	জয়বাংলা	১৭ সেপ্টেম্বর, ১৯৭১

সর্বদলীয় উপদেষ্টা কমিটি

(সম্পাদকীয়, জয় বাংলা)

বর্তমান মুক্তিযুদ্ধকে সফল সমাপ্তির পথে এগিয়ে নিয়ে যাওয়ার কাজে গণপ্রজাতন্ত্রী সরকারকে উপদেশ দানের জন্য বাংলাদেশের চারটি প্রগতিশীল রাজনৈতিক দলের সমন্বয়ে যে উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে, তার খবর দেশ-বিদেশের সংবাদপত্রে ইতিমধ্যেই প্রকাশিত হয়েছে এবং এ সম্পর্কে অনেক উৎসাহী আলোচনাও মুদ্রিত হয়েছে। বস্তুতঃ এই সর্বদলীয় উপদেষ্টা কমিটি গঠিত হওয়ার জাতীয় মুক্তি সংগ্রামে জাতির যে নিবিড় ও অটুট ঐক্য আরেকবার প্রমাণিত হল, তাতে বাংলাদেশের ভিতরে মুক্তিসংগ্রামীরা যেমন অনুপ্রাণিত হবেন, তেমনি বাইরে বাংলাদেশের শুভাকাংক্ষী ও বন্ধু দেশগুলোও উৎসাহী হবেন। বস্তুতঃ এই উপদেষ্টা কমিটি গঠনের গুরুত্ব এইখানেই যে, বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে অনৈক্য সৃষ্টির জন্য সাম্রাজ্যবাদী চক্রান্ত এবং উগ্র তত্ত্বসর্বস্বদের সুবিধাবাদী ভেদনীতি অঙ্কুরেই বিনষ্ট হল এবং জাতীয় স্বাধীনতা ও গণতন্ত্রের লক্ষ্যে অবিচল চারটি প্রগতিশীল দল বাংলাদেশের জনগণের নির্বাচিত প্রতিনিধিত্বশীল সরকারের প্রতি তাদের ঘোষিত সমর্থন আরো কার্যকর ও সক্রিয় করে তুললেন। এ ব্যাপারে এই দলগুলোর ভূমিকার যেমন প্রশংসা করতে হয়, আওয়ামী লীগেরও। আওয়ামী লীগ গত সাধারণ নির্বাচনে বাংলাদেশে প্রায় শতকরা নিরানববইটি আসনে জয়লাভ করে জাতিকে নেতৃত্ব দানের অবিসম্বাদিত অধিকার লাভ করা সত্ত্বেও মুক্তিসংগ্রাম পরিচালনায় অন্যান্য প্রগতিশীল দলের সমর্থন ও উপদেশ গ্রহণে সিদ্ধান্ত দ্বারা দলীয় স্বার্থের উর্ধেব জাতীয় স্বার্থের প্রতি তাদের আনুগত্য বলিষ্ঠভাবে প্রমাণ করেছেন।

সর্বদলীয় উপদেষ্টা কমিটিতে যারা রয়েছেন, তাদের রাজনৈতিক মত ও পথে পার্থক্য থাকলেও সকলেই পরীক্ষিত দেশপ্রেমিক। কমিটিতে ভাসানী ন্যাপের প্রতিনিধিত্ব করছেন মওলানা ভাসানী, বাংলাদেশের কমিউনিস্ট পার্টির প্রতিনিধিত্ব করছেন শ্রী মণি সিং, বাংলাদেশ জাতীয় কংগ্রেসের শ্রী মনোরঞ্জন ধর এবং মুজাফফর ন্যাপের অধ্যাপক মুজাফফর আহমদ। এ ছাড়া এই কমিটিতে আওয়ামীলীগের দু'জন সদস্যকে অন্তর্ভূক্ত করা হবে। বর্তমানে বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী এই কমিটিতে রয়েছেন। প্রধানমন্ত্রী কমিটির বৈঠক আহবান ও পরিচালনা করবেন।

মুজিবনগরে অনুষ্ঠিত এই উপদেষ্টা কমিটির প্রথম বৈঠকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারই যে বাংলাদশের একমাত্র বৈধ সরকার এবং বঙ্গবন্ধু শেখ মুজিব বাংলাদেশের অবিসংবাদিত জাতীয় নেতা এ সত্যটির অকুণ্ঠ অভিব্যক্তি দেখা গেছে। জাতীয় মুক্তি-সংগ্রামে জাতীয় দৃষ্টিভঙ্গির এই সমঝোতা ও অভিন্নতা একটি গুরুত্বপূর্ণ ঘটনা।

বাংলাদেশের গণপ্রজাতন্ত্রী সরকার এবং এই সর্বদলীয় উপদেষ্টা কমিটির মধ্যে স্বাভাবিক চরিত্রগদ পার্থক্য রয়েছে, কিন্তু রয়েছে উদ্দেশ্য ও লক্ষ্যগত ঐক্য। এই লক্ষ্য হল বাংলাদেশের পূর্ণ জাতীয় স্বাধীনতা। চরিত্রগত পার্থক্যের ক্ষেত্রে বলা চলে, গণপ্রজাতন্ত্রী সরকার সরকার জনগণের ভোটে নির্বাচিত একমাত্র সংস্থা, জনগণের পক্ষ থেকে সিদ্ধান্ত গ্রহণের ও তা কার্যকর করার সম্পূর্ণ এখতিয়ার তার। অন্যদিকে জনগণের পক্ষ থেকে এই সিদ্ধান্ত গ্রহণ ও তা কার্যকর করার ব্যাপারে সাহায্য ও সুপরামর্শ দান হবে উপদেষ্টা কমিটির কাজ। তাই এই উপদেষ্টা কমিটির গঠনের উদ্যোগ গ্রহণ করা গণপ্রজাতন্ত্রী সরকার মুক্তিযুদ্ধকে জোরদার করার কাজে একটি বলিষ্ঠ ও সময়োপযোগী পদক্ষেপ নিয়েছেন বলা চলে। এই ব্যবস্থার ফলে বাংলাদেশের সকল এলাকার স্বাধীনতা এবং হানাদার দস্যুদের চূড়ান্ত পরাজয়ের দিনটি অবশ্যই ত্বরান্বিত হবে।

শিরোনাম	সূত্র	তারিখ
শিক্ষা দিবস উপলক্ষে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের সদস্য শাজাহান সিরাজের ভাষণ	বাংলাদেশ কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ	১৭ সেপ্টেম্বর, ১৯৭১

বাংলাদেশ কেন্দ্রীয় ছাত্রসংগ্রাম পরিষদ

BANGLADESH CENTRAL STUDENTS' ACTION COMMITTEE.

সদর দপ্তরঃ ঢাকা *Head Office : DACCA*

বাংলাদেশের সাথী ভাইবোনেরা,

আজ মহান ১৭ই সেপ্টেম্বর। এ দিনটি বাংলার ছাত্রসমাজ ও গোটা বাঙালী জাতির ঐতিহাসিক ক্রান্তিক্ষণ। এ দিনের গায়ে আমাদের ভাই ওয়াজিউল্লা, বাবুল, গোলাম মোস্তফার বুকের তাজা খুন জড়ানো। আজ থেকে ন'বছর আগে এমনি সারা বাংলাদেশের প্রতিটি স্কুল, কলেজ, ভার্সিটির অঙ্গনে বিদ্রোহের অগ্নিলাভা জ্বলে উঠেছিল। লক্ষ হাতের বজ্রমুঠিতে জ্বলে উঠেছিল রক্তরাতুল লাল ঝান্ডা।

একদিন মীরজাফরের বিশ্বাসঘাতকতার ফলে পলাশীর আমবাগানে বাংলার স্বাধীনতাসূর্য ম্লান হয়ে যায়। ইস্ট ইন্ডিয়া কোম্পানীর বণিকেরা এ দেশে মনিব সাজে। অফিস-আদালত-রাজপটে, সকল শিক্ষা নিকেতনে ওদের ভাষা, সভ্যতা, সংস্কৃতির দুর্বহ পাথর চেপে বসে। ধীরে ধীরে এই পাথর "অহল্যার অভিশাপে" পরিণত হয়। পঙ্গু করার প্রচেষ্টা বাঙালী জাতির ভাষা, সভ্যতা ও কৃষ্টির সতেজ হৃৎপিন্ডকে। একমাত্র ইংরেজীই রাজভাষায় সমাসীন হয়। সাথে সাথে ফিরিঙ্গি শিক্ষাব্যবস্থা জোঁকের মত চেপে বসে আমাদের অস্তি মাংস হাড়ে হাড়ে।

ভারত ভাগ হয়ে তথাকথিত পাকিস্তানের জন্ম হল। জন্মলাভের শুরু থেকেই বাংলাদেশকে পাঞ্জাবের কলোনী করার হীন ষড়যন্ত্র শুরু হল। বাংলাদেশ ও বাঙালী জাতিকে পৃথিবীর ইতিহাস থেকে নিশ্চিহ্ন করার হীন ষড়যন্ত্রে উপনিবেশবাদী পশ্চিম পাকিস্তানী জঙ্গীশাহী বারবার বাংলাদেশের ছাত্রসমাজের উপর বুলেট, বেয়নেট ব্যবহার করে রাজপথকে লালে লাল করে দিয়েছে।....

শহীদের অতৃপ্ত আত্মার চিৎকার যায় নাই, যেতে পারে না। প্রতিবছর ছাত্রসমাজের পক্ষ থেকে আমরা প্রভাতফেরী, পুষ্পমাল্য, সভা, শোভাযাত্রার মাধ্যমে এই মহান দিবস পালন করে থাকি। কিন্তু বাংলাদেশ আক্রান্ত। পাঞ্জাবী সেনাদের রাইফেল, কামান, মেশিনগান আর মর্টারের আঘাতে বাংলার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান বিধ্বস্ত, লাখ লাখ শহীদের রক্তে বাংলার পথ প্রান্তর রক্তাক্ত। সারা বাংলাদেশ জ্বলে -পুড়ে ছারখার। আমরা আজ যুদ্ধে লিপ্ত। বঙ্গবন্ধু শেখ মুজিব বাংলার স্বাধীনতা ঘোষণা করেছেন। আর বিদেশে ছাত্র-ছাত্রী-যুবকেরা বাংলার স্বাধীনতা রক্ষার যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছে। আজকের এই মহান সুপ্রভাতে তাই কোন প্রভাতফেরী নেই, একগুচ্ছো ফুলের পরিবর্তে একমুঠো বুলেট, ফেস্টুন-প্ল্যাকার্ডের পরিবর্তে হাতে রাইফেল নিয়ে, মিছিলের পরিবর্তে দলে দলে মুক্তিযোদ্ধা গেরিলা হয়ে ছাত্র-ছাত্রী, ভাই-বোনেরা সারা বাংলার গ্রাম-গঞ্জে ওয়াজিউল্লা-বাবুল-মোস্তফার হত্যাকারী পাঞ্জাবী হানাদারদের হত্যা করে শহীদদের রক্তের প্রতিশোধ নিতে মৃতঞ্জয়ী অভিযান চালিয়েছে। অভিযান চালিয়েছে বাংলার স্বাধীনতাকে রক্ষা করতে।

মুক্তিযোদ্ধা গেরিলা ভাইয়েরা

বাংলার অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবের হাত ধরে শহীদদের নামে শপথ করে, বাংলার সাড়ে সাত কোটি মানুষের কাছে আমরা ওয়াদা করেছিলাম যে কোন ত্যাগের বিনিময়ে পাঞ্জাবীদের হত্যা করে

মাতৃভূমিকে আমরা মুক্ত করবই। আমরা সে ওয়াদা ভুলে যাই নাই। আমরা বিশ্বাসঘাতকতা করতে পারি না। মুক্তিযোদ্ধাদের প্রচন্ড আক্রমণে আজ পাক সেনাবাহিনীর ভীতসন্ত্রস্ত। প্রতিদিন মুক্তিযোদ্ধাদের প্রচন্ড আক্রমণে শত শত হানাদার খুন হতে চলেছে। ১৭ই সেপ্টেম্বরের এই মহান দিনের বিপবী অগ্নিলাভার রঙ চোখে-মুখে ছড়িয়ে পাক হানাদার বাহিনীর দস্যুদের খতম করার কাজে আসুন আমরা আরো কঠোর প্রত্যয়ে ঝাঁপিয়ে পড়ি। ওয়াজিউল্লা-বাবুল-মোস্তফার মত ব্যক্তিগত স্বার্থকে বিসর্জন দিয়ে বাংলাদেশ ও বাঙালী জাতির স্বার্থে নিজেদের আত্মোৎসর্গ করি।

কৃষক শ্রমিক মেহনতি ভাইয়েরা,

পাঞ্জাবী শত্রুসেনার বুলেটের আঘাতে আজও আপনারা প্রাণ দিচ্ছেন। রাজাকার বাহিনীর অত্যাচারে আপনাদের গণজীবন আজও বিপর্যস্ত। আপনাদের এ রক্তদান বৃথা যাবে না। আপনাদের সন্তান আপনাদের সন্তান হয়ে আপনাদের রক্ষা করার জন্য আমরা আজ হাতে অস্ত্র নিয়েছি। একটি পাঞ্জাবীকেও জীবিত অবস্থায় বাংলাদেশ ছেড়ে যেতে দেব না। রাজাকার বাহিনীতে যারা আছে তাদেরকে কেবল একটি কথাই বলতে চাই তোমরা অনেকেই বাঙালীর সন্তান। বাংলাদেশের স্বার্থের দিকে তাকিয়ে পাঞ্জাবীদের সাহায্য না করে মুক্তিযোদ্ধাদের কাছে আত্মসমর্পণ কর। অন্যথায় তোমাদেরকেও পাঞ্জাবীদের মত একটি একটি করে হত্যা করা হবে। মুক্তিযোদ্ধা গেরিলারা আজ বাংলাদেশের প্রতিটি গ্রামে ছড়িয়ে পড়েছে হানাদারদের খতম করতে। আপনারা গেরিলাদের সর্বপ্রকার সাহায্য ও সহযোগিতা করুন। কারণ তারা আপনাদেরই ভাই, আপনাদেরই বন্ধু। কিছু সংখ্যক দুষ্কৃতকারী তথাকথিত মুক্তিযোদ্ধা সেজে আপনাদের উপর অত্যাচার করছে। তাদের নামের তালিকা নিকটবর্তী মুক্তিযোদ্ধা শিবিরে পাঠিয়ে দেন।

বাংলাদেশের লাখ লাখ মানুষকে হত্যা করে, সারা বাংলাদেশকে জ্বালিয়ে-পুড়িয়ে ছারখার করে, হাজার হাজার মা-বোনের ইজ্জত নষ্ট করেও যখন মুক্তিযোদ্ধাদের প্রচন্ড আক্রমণে খুনী ইয়াহিয়ার কুকর বাহিনী বাংলার পথে-ঘাটে খুন হচ্ছে ও পরাজয় অবশ্যম্ভাবী বলে ভীতসন্ত্রস্ত হয়ে পড়েছে, ঠিক সেই মুহূর্তে মাতাল ইয়াহিয়া অভিনব পন্থায় স্বাধীন বাংলার জনক বঙ্গবন্ধুর বিচার প্রহসন শুরু করেছে। জল্লাদ ইয়াহিয়াকে শেষবারের মত একটি কথাই স্মরণ করিয়ে দিতে চাই- শেখ মুজিবের জীবনের উপর আঘাত আসলে তুমি টিক্কা বাহিনী বাংলাদেশ ছেড়ে যেখানেই যাও না কেন, সেখানেই গিয়ে তোমাদের হত্যা করা হবে। পাঞ্জাবের তখতে তাউসকে ভেঙ্গে খান খান করে ইতিহাস থেকে নাম-নিশানা মুছে ফেলা হবে।

সারা বিশ্বের মুক্তিকামী মানুষ যখন খুনী ইয়াহিয়ার এই গণহত্যার বিরুদ্ধে সোচ্চার কণ্ঠে প্রতিবাদ জানিয়ে স্বাধীন বাংলাদেশকে স্বীকার করে নিতে আমাদের পাশে এসে দাঁড়িয়েছে তখন বিশ্বের বৃহৎশক্তি ও সাম্রাজ্যবাদের দোসর চীন-মার্কিন সরকার জঙ্গীশাহীকে অস্ত্র দিয়ে সাহায্য করেও কোন ফায়দা না দেখে বাংলাদেশের শত্রু ডঃ মালিককে ক্ষমতায় বসিয়ে পাকিস্তানকে টিকিয়ে রাখার অভিনব প্রচেষ্টায় মেতে উঠেছে। আমরা সেই সকল শক্তিবর্গকে স্পষ্ট করে জানিয়ে দিতে চাই হিমালয় পাহাড় ধসে যেতে পারে, বঙ্গোপসাগর শুকিয়ে মরুভূমি হতে পারে, কিন্তু বাংলার সাড়ে সাত কোটি মানুষকে পাঞ্জাবের গোলাম করে রাখা যাবে না। আমরা তোমাদের কাছে ভিক্ষা চাই না। ভিক্ষা করে স্বাধীনতা অর্জন করা যায় না। যুদ্ধ করেই আমরা শত্রুসেনাদের খতম করে বাংলার স্বাধীনতা রক্ষা করব।

বাংলার ছাত্রসমাজ ও জনগণের পক্ষ থেকে আজকের এই পবিত্র দিনে গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশ সরকারের দৃষ্টি আকর্ষণ করে আমরা বলতে চাই- বাংলার ভৌগোলিক স্বাধীনতার সাথে সাথে বাংলার কৃষক-শ্রমিক-মেহনতি মানুষের অর্থনৈতিক অধিকার দিতে হবে। বঙ্গবন্ধু ঘোষণা করেছিলেন- আমি কৃষক-শ্রমিক রাজ কায়েম করব। লক্ষ লক্ষ মানুষের তাজা রক্ত আর ধ্বংসস্তূপের মধ্যদিয়ে যে নতুন বাংলাদেশ সৃষ্টি হতে যাচ্ছে তার অর্থনীতি অবশ্যই সমাজতান্ত্রিক হতে হবে। আমলাতান্ত্রিক শাসনব্যস্থাকে অবশ্যই নির্মূল করতে হবে। সাম্রাজ্যবাদ, সামন্তবাদ ও একচেটিয়া পুঁজিবাদী ব্যবস্থাকে ভেঙ্গে খান খান করে একটি শ্রেণীশোষণহীন

সমাজব্যবস্থা গড়ে তুলতে হবে। প্রতিষ্ঠিত করতে হবে বিজ্ঞানভিত্তিক গণমুখী শিক্ষাব্যবস্থা, যার মাধ্যমে প্রতিটি মায়ের সন্তান একই নীতিতে শিক্ষা গ্রহণ করতে পারে। পাঞ্জাবের ২২ পরিবারকে উৎখাত করে আবার নতুন করে কোন পুঁজিপতি বাংলাদেশে যাতে সৃষ্টি না হয়, জনগণের অর্থ-সম্পদ আত্মসাৎ করার কোন সুযোগ যাতে না থাকে তার বৈজ্ঞানিক নিশ্চয়তার ভিত্তিতে অবশ্যই ভাবী শাসনতন্ত্র রচনা করতে হবে।

ওয়াজিউল্লা, বাবুল, মোস্তফার রক্তে অনুপ্রাণিত আজকের স্বাধীনতা রক্তার যুদ্ধের ছাত্রলীগের অন্যতম নেতা চিশতি শাহ হেলালসহ লাখ লাখ শহীদের উত্তরসূরী হিসাবে বাংলার মাটি ও মানুষকে মুক্ত করার যে মহান দায়িত্ব নিয়ে আমরা ছাত্রসমাজ হাতে অস্ত্র তুলে নিয়েছি, তা আদায় না হওয়া পর্যন্ত আমরা ক্ষান্ত হবো না। মানব সভ্যতার অবসম্বাদিত খুনী ইয়াহিয়া-টিক্কার বাদশাহীর হেরেম ভেঙ্গ চুরমার করে আমরা আমাদের জন্মভূমির সকল প্রান্তে স্বাধীনতার বিজয় বৈজয়ন্তী ওড়াবো। বাংলার ছাত্রসমাজ ও জনগণের পক্ষ থেকে সংগ্রামী সালাম জানাই বীর শহীদ ভাইদের। জয় আমাদেরই হবেই। আফ্রো-এশিয়ার নির্যাতিত মানবগোষ্ঠীর মহান নেতা শেখ মুজিব দীর্ঘজীবি হোক। মহান ১৭ই সেপ্টেম্বর অমর হোক-

জয় বাংলা

শিরোনাম	সূত্র	তারিখ
উপদেষ্টা কমিটির উপর লিখিত সরকারের কাছে প্রদত্ত একটি প্রতিবেদন		সেপ্টেম্বর, ১৯৭১

The newly formed Consultative Committee consisting of leaders of major political parties has been a step forward for conducting deliberation struggle as a national war. Awami League, having the overwhelming support of the people and being the supreme vanguard of the people's movement in East Bengal, did not have to go for a Committee like this. But it was considered necessary for the greater interest of the people. The immediate effect of forming this Consultative Committee has been.

(a) a psychological impact to boost the morale of our people inside Bangladesh;

(b) a psychological impact upon the people and Governments of the world to show that the liberation war is conducted by all the major forces of the population;

(c) It will have an impact on Yahya Khan's Government and create a psychological pressure on them to accept the world pressure sooner.

It appears that Indian Government has played a role in bringing about this Consultative Committee. The apparent reasons are:

(a) this would contain the left political forces in West Bengal and will restrain them from doing anything that will jeopardize the interest and policy of the Central Government of India;

(b) the pressure of the Russian Government to include NAP (Muzaffar group) and the pro-Moscow Communist Party into the front;

(c) Moulana Bashani has no party as such and is fully committed now to Awami League and its leadership. Therefore, by including his name the overall impression both from national and international point of view has been improved psychologically.

A Section of Awami League considers that this will gradually take the independence movement away from its leadership and push it into the hands of the more leftist elements. But the operative part, of this Consultative Committee is limited to :

(a) that the Committee would only be available to the Government of Bangladesh for consultation on matters relating to the, liberation struggle;

(b) The Prime Minister would convene and conduct meetings of the Committee.

This means that in reality the Consultative Committee would be nothing but a mere Advisory Board completely under the control of the Bangladesh Government. They will be consulted only when the Prime Minister would deem it necessary. In one way this has been a triumph for Awami League. In one hand it has extended its arms to embrace other political forces and in other hand it retains the complete political leadership and initiative.

*উপদেষ্টা কমিটি সংক্রান্ত এই প্রতিবেদন সরকারী নথিপত্র থেকে সংগৃহীত।

From the pro-Moscow group point of view, it is considered to be a step forward for them and above all they are happy that after such a long time they have given some sort of formal recognition as a force to be a part of this liberation struggle.

This Consultative Committee has not included the other' factions of the liftist movement in our country. Duba groups perhaps would not have joined in any case. But the component parts of the 9-party coordinating committee for the liberation struggle would perhaps have joined the Consultative Committee, if they were invited. From their point of view who are basically Mao se-tung and Che Guevara, this Consultative Committee is also a step forward but it would have been wiser to include this group also into the Consultative Committee.

The main reason why the Bangladesh movement could not attack the support and attention of the younger generation of the world, who are mostly dominated by the radicals, is that this movement is viewed as not a liberation war in the classical sense. It is not considered to be a revolutionary national liberation war and this is why it could not arouse enough public opinion in the European, African and Latin American countries. Even in England, France, Germany and America the youths have neglected our cause. From this point of view the more we give our war a color of a broad-based national liberation war the more support and assistance we will get from the people and the countries who traditionally support the people's struggles.

However, ineffective the Consultative Committee may be in reality, the radical forces whether included in it or not will derive certain benefit. They will be able to move more freely, organize their bases more actively and will again a kind of security for their personal safety both in India and inside Bangladesh. They may consider it as a recognition of their right to infiltrate and integrate their own forces with others.

ASSESSMENT

The remaining forces should be included into this Consultative Committee in some form or the other keeping (he main functional structure of the Committee as it is now. This will increase the strength of the liberation struggle and on the other hand will counter-act the unnecessary criticism that the leftists are kept out of this Committee. Both nationally and internationally, our support will increase keeping at the same lime the leadership of Awami League intact.

শিরোনাম	সূত্র	তারিখ
স্বাধীনতা যুদ্ধে আপোষের বিরোধিতা করে ন্যাশনাল আওয়ামী পার্টির বিবৃতি	সংগ্রামী বাংলা	১৮ অক্টোবর, ১৯৭১

বাংলা আমার, জননী আমার, ধাত্রী আমার, আমার দেশ প্রাণপ্রিয় মাতৃভূমির পূর্ণ স্বাধীনতা অথবা মৃত্যু এটাই বাঙ্গালী জাতির শেষ কথাঃ বাংলাদেশ জাতীয় আওয়ামী দলের ঘোষণা

মওলানা ভাসানীর নেতৃত্বাধীন বাংলাদেশ জাতীয় আওয়ামী দলের তরফ থেকে সম্প্রতি এক প্রেস বিজ্ঞপ্তিতে আশঙ্কা প্রকাশ করা হয় যে বাংলাদেশের সশস্ত্র মুক্তিযুদ্ধ যখন দুর্বার গতিতে এগিয়ে চলেছে এবং এক নতুন রূপ পরিগ্রহ করতে যাচ্ছে, সেই মুহূর্তে কোন কোন শক্তির তরফ থেকে আপোসের যূপকাষ্ঠে এই স্বাধীনতা সংগ্রামকে বলি দেওয়ার চক্রান্ত চলছে। তবে কি এত রক্ত, এত ত্যাগ, এত সংগ্রামের এই শেষ পরিণতি?

বাংলাদেশ জাতীয় আওয়ামী দলের বিবৃতির পূর্ণ বিবরণঃ

বাংলাদেশের জনগণের মুক্তিসংগ্রাম যখন জনযুদ্ধে রূপান্তরিত হতে চলেছে ঠিক সেই মুহূর্তে বাংলাদেশের মুক্তি সংগ্রামকে কেন্দ্র করে আন্তর্জাতিক রাজনীতির সংগ্রাম শুরু হয়েছে। তথাকথিত 'রাজনৈতিক সমাধানের' নামে আজ বাংলাদেশের মুক্তিসংগ্রামের গতিরোধ করার এক ঘৃণ্য ষড়যন্ত্র চলছে। ন্যাশনাল আওয়ামী পার্টি এ সম্পর্কে বাংলার মুক্তিকামী জনগণকে হুঁশিয়ার করে দেওয়ার প্রয়োজন মনে করছে। বাংলার মুক্তিসংগ্রাম আজ এমন এক পর্যায়ে এসে পৌঁছেছে যেখানে শাসকচক্রের সঙ্গে কোন আপসের চিন্তাও করা যায় না। বাংলার মানুষ আজ নির্মম, নিষ্ঠুর সত্যের মুখোমুখি দাঁড়িয়ে তিক্ত অভিজ্ঞতার মধ্য দিয়ে এটাই বুঝতে পেরেছেন যে, বাংলার মুক্তি আপোষের সরল পথে আসবে না। হানাদার দস্যুদের বিরুদ্ধে সশস্ত্র লড়াই অব্যাহত রেখেই বাংলার মুক্তি সম্ভব।

বাংলার মুক্তি সংগ্রামকে নস্যাৎ করে দেওয়ার যে ষড়যন্ত্র চলছে, সে সম্পর্কে বাংলার মজলুম ও প্রবীণ জননেতা, ন্যাশনাল আওয়ামী পার্টির সভাপতি মওলানা ভাসানী ইতিপূর্বে ২৪শে জুন দ্ব্যর্থহীন কণ্ঠে ঘোষণা করেছিলেন- ''বাংলাদেশের জনগণ রাজনৈতিক সমাধানের নামে ধোঁকাবাজি কিছুতেই গ্রহণ করবে না। তাদের একমাত্র পণ- হয় দেশের পূর্ণ স্বাধীনতা, নয় মৃত্যু। এর সঙ্গে গোঁজামিলের কোন স্থান নাই।''

স্বাধীন বাংলার স্বীকৃতি প্রভৃতি চার দফা ছাড়া বাংলাদেশের সমস্যার কোন রাজনৈতিক সমাধান সম্ভব নয়- এ মর্মে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রধানমন্ত্রী ৮ই অক্টোবর যে ঘোষণা করেছেন তা সমস্ত বাংলার মানুষের মনোভাবেরই প্রতিধ্বনি।

বাংলাদেশের বীর মুক্তিযোদ্ধারাই রণাঙ্গনে বাংলাদেশের চূড়ান্ত ফয়সালা করবেন।

* মওলানা ভাসানীর পৃষ্ঠপোষকতায় প্রকাশিত পত্রিকা।

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশ শিক্ষক সমিতির শিক্ষা ও সমাজসেবা বিভাগের একটি চিঠি	বাংলাদেশ শিক্ষক সমিতি	২১ অক্টোবর, ১৯৭১

EDUCATION AND SOCIAL SERVICE DIVISION

P-3, Suhrawardy Avenue,
Calcutta-17.

No. PC-78

21/22 October, 1971.

Dr. AJOY K. ROY,
Secretary,
Bangladesh Teachers Association,
38/2, Elgin Road,
Calcutta-20

Dear Dr. ROY,

I wonder if you could please see me at this address for discussion about your work here. We need your counsel and assistance in preparing a couple of questionnaires-one for eliciting information about demobilized freedom fighters (students and non-students) and the other for victims of undesirable motherhood. Perhaps you could care to see me on receipt of this note.

Thanking you,

Yours Sincerely,
(K. S. Murshid)

শিরোনাম	সূত্র	তারিখ
''বাংলাদেশের পূর্ন স্বাধীনতাই সমস্যার একমাত্র সমাধান'' - আওয়ামী লীগের ওয়ার্কিং কমিটির ঘোষণা	জয়বাংলা	২৪ অক্টোবর, ১৯৭১

বাংলাদেশের পূর্ণ স্বাধীনতাই সমস্যার একমাত্র সমাধান

আওয়ামী লীগের ওয়ার্কিং কমিটির দ্ব্যর্থহীন ঘোষণাঃ বঙ্গবন্ধু আশু মুক্তির ব্যবস্থা ও বাংলাদেশ সরকারকে অবিলম্বে স্বীকৃতিদানের জন্য বিশ্বের রাষ্ট্রবর্গের প্রতি আবেদন

গত বৃহস্পতিবার মূলতবী হয়ে যাওয়ার পূর্বে নীতির পুনরুল্লেখ করে বাংলাদেশ আওয়ামী লীগের পক্ষ থেকে দ্ব্যর্থহীন ও স্পষ্টভাবে ঘোষণা করা হয় যে, পূর্ণ স্বাধীনতাই বাংলাদেশ সমস্যার একমাত্র সমাধান। ওয়ার্কিং কমিটি এই সংগ্রাম ত্বরান্বিত করার জন্য বলিষ্ঠ শপথ গ্রহণ করে।

ওয়ার্কিং কমিটির অপর এক প্রস্তাবে বাঙ্গালী জাতির অবিসম্বাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আশু মুক্তির জন্য প্রত্যক্ষ কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্বের প্রতিটি রাষ্ট্র ও জাতিসংঘের প্রতি আহবান জানান হয়।

ওয়ার্কিং কমিটি জনগণের বিপুল ভোটে নির্বাচিত আওয়ামী লীগ দলীয় সদস্যদের সদস্যপদ খারিজ করে তদস্থলে ইয়াহিয়ার উপ-নির্বাচন অনুষ্ঠান প্রচেষ্টাকে 'ধৃষ্টতার পরিচায়ক এবং বিশ্ব জনমতকে বিভ্রান্ত করার অপচেষ্টা' বলে অভিহিত করে এবং এ প্রসঙ্গে স্পষ্টভাবে ঘোষণা করে যে বাঙ্গালী জাতি ও আওয়ামী রীগ স্বাধীন বাংলায় জাতীয় জীবনে তথাকথিত পাকিস্তানীদের কোন হস্তক্ষেপই সহ্য করবে না।

ভারতসহ বিশ্বের যে সমস্ত রাষ্ট্র বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের মুক্তি ও স্বাধীনতার যুদ্ধের প্রতি অকুণ্ঠ সমর্থন জ্ঞাপন করেছেন, আওয়ামী লীগ ওয়ার্কিং কমিটির তাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন।

আওয়ামী লীগ ওয়ার্কিং কমিটির প্রস্তাবে বিশ্বের প্রতিটি মানুষ ও যে সমস্ত সংবাদপত্র প্রচার মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতার সংগ্রামকে সমর্থন দান করেছেন তাদের প্রতি সংগ্রামী অভিনন্দন জানান হয়। সাথে সাথে ওয়ার্কিং কমিটি বাংলাদেশ ইয়াহিয়া চক্রের নজীরবিহীন গণহত্যা, নারী নির্যাতন ও ধ্বংসযজ্ঞের বিরুদ্ধে মানবতার স্বার্থে সক্রিয় জনমত গঠনের জন্য বিশ্ববাসীর প্রতি আকুল আবেদন জানান।

ভারত সরকার ৯০ লক্ষাধিক শরনার্থীকে আশ্রয় দিয়ে ও তাদের বরণ-পোষণের দায়িত্ব নিয়ে মানবতার ইতিহাসে যে নজির সৃষ্টি করেছেন তজ্জন্য আওয়ামী লীগ ওয়ার্কিং কমিটি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন। সাথে সাথে ওয়ার্কিং কমিটি দ্ব্যর্থহীনভাবে ঘোষণা করেন যে, জাতি-ধর্ম নির্বিশেষে ভারতে আশ্রিত প্রতিটি শরনার্থীকে সসম্মানে বাংলাদেশ ফিরিয়ে আনার ব্যপারে আওয়ামী লীগ বদ্ধপরিকর।

শিরোনাম	সূত্র	তারিখ
মুক্তিসংগ্রামে ছাত্র ও যুব সম্প্রদায়কে অংশগ্রহণের জন্য বাংলাদেশ ছাত্রলীগ ও বাংলাদেশ ছাত্র ইউনিয়নের যৌথ বিজ্ঞপ্তি	বাংলাদেশ ছাত্র লীগ ও বাংলাদেশ ছাত্র ইউনিয়ন	৭ নভেম্বর, ১৯৭১

To
The News Editor,

Mujibnagar: 7th November, 1971.

Bangladesh Students' Union and Bangladesh Students' League the two traditional fighting organizations of the students of Bangladesh-the vanguard of all democratic movements have issued the radiant call of United Struggle against the reactionary ruling clique of Pakistan.

The representatives of these two main students organizations met to-day and issued the following statement on behalf of the students and youths of Bangladesh.

The signatories to the statement are :

* Noor-e-Alam Siddiquee.
President, Bangladesh
Students' league.

Nurul Islam
resident, Bangladesh
Students' Union

*Shahjahan Shiraj,
General Secretary,
Do

Mujahidul Islam Selim.
Do.General Secretary,

* A. S.M. AbdurRab,
Vice-President,
Dacca University Central Students' Union.

* Abdul Quddus Makhan,
General Secretary, Do.

Released By :

(Shahjahan Shiraj)
General Secretary,
Bangladesh Students' League. ,

(Mujahidul Islam Selim)
General Secretary,
Bangladesh Students' Union

PRESS RELEASE

The Statement:

The glorious freedom struggle of Bangladesh inspired by the ideal and conducted according to the instructions of Bangabandhu Sheikh Mujibur Rahman, the great leader of the Bengali Nation, is now seven months old. Our heroic freedom fighters are fighting a life and death battle and unhesitatingly shedding their blood for the liberation of their motherland. The fighting students of Bangladesh have long been unitedly fighting against the Ultra-reactionary ruling clique of Pakistan. In keeping with the past tradition of the students and youths of Bangladesh must forge iron-strong unity and canyon freedom struggle to liberate the motherland.

The students and youths must come forward and participate in the armed struggle.
We must keep in mind that the enemy of the 75 million people of Bangladesh- the savage Yahya clique is being nourished by the Chinese, Government, as well as the American Imperialists. We have therefore to fight against heavy odds.

Our struggle is a national liberation struggle for attaining the cherished goals of Bengali Nation and it is directed against imperialism and colonialism. This is a people's War. Therefore, all the fighting forces of Bangladesh should unite under the leadership of Bangladesh government.

We appeal to the youths and students of Bangladesh, particularly the workers of this two organizations to participate in the liberation struggle en masse against the freedom fighters unitedly, jointly boycott the administration in the Pak-occupied areas and destroy the invading army. We appeal to all fighting forces to advance under the leadership of the Bangladesh government that has been established according to people's verdict in order to accelerate our victory as well as to raise the demands for and secure the release of President of the People's Republic of Bangladesh Bangabandhu Sheikh Mujibur Rahman.

As the liberation forces are achieving new successes, the World conscious is more and more siding with us. We express our gratitude to the countries like India, Soviet Union which are in many ways helping and supporting us and we appeal to all freedom loving and democratic people and states, particularly the students and youths of the World, to extend support and assistance to our just struggle. We appeal to all States of the World to accord recognition to the Bangladesh Government headed by Bangabandhu Sheikh Mujibur Raqman.

We appeal to all strengthening united armed struggle with a view to establishing secular, democratic, progressive state by completely liberating Bangladesh, a state that will free from all kinds of exploitation and ensure peace and prosperity to the workers, peasants, middle class, students and youths.

There is nothing in the World more glorious than sacrificing our Jives in the struggle for liberating our motherland. Let us pledge to unitedly liberate the country from the clutches of the enemy. Our victory is certain. Joy Bangla.

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশ ছাত্রলীগ সভাপতি নূরে আলম সিদ্দীকির বক্তব্য	বাংলাদেশ কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ	১৭ নভেম্বর, ১৯৭১

স্বাধীনতার অগ্নিমন্ত্রে শুচিশুদ্ধ অনির্বাণ মুক্তিবাহিনী, অকুতোভয় ছাত্র-শ্রমিক ও আমার সংগ্রামী অভিভাবকমন্ডলী।

বাঙ্গালী জাতীয়তাবাদের মহানায়ক মুক্তিপাগল জাতির জনক বঙ্গবন্ধুর মহান আদর্শে উজ্জীবিত, তার অবিস্মরণীয় প্রেরণায় অনুপ্রাণিত ও তাঁর অমোঘ নির্দেশ পরিচালিত স্বাধীনতা সংগ্রামের ৭ মাস অতিক্রান্ত হয়েছে। এই সংগ্রামের প্রারম্ভে বাংলার নৃশংস আক্রমণের মুখে এক দুর্ভেদ্য প্রতিরোধ আন্দোলন গড়ে তুলেছিল। হত্যা, ব্যাভিচার, নৃশংসতা ও পাশবিকতারকাছে বাংলার গণদেবতা মাথা নত করে নাই, আর তাই, আমাদের আন্দোলন ক্রমে ক্রমে প্রতিরোধের মোহনা হতে প্রতিঘাতের প্রচন্ড উন্মত্ততায় মোড় নেয়। বাংলার প্রতিটি তরুণ বঙ্গবন্ধুর মহান আদর্শকে সামনে রেখে মায়ের কোল ছেড়ে বেরিয়ে আসে বাংলার প্রত্যন্ত অঞ্চলে। তারা সামরিক শিক্ষা নিতে থাকে শত্রুর বিষদাঁতগুলো উপড়ে ফেলা আর জননী বাংলাকে মুক্ত করার দৃপাত মানসে। তাই আজ আমরা দেখতে পাই, ২৪ ঘন্টায় বাংলাকে পর্যুদস্ত করার দুঃস্বপ্ন তাদের ভেঙ্গে চৌচির হয়ে গেছে, আমারা দেখতে পাই সূর্যসেনাদের তীক্ষ্ম আঘাতের বিপর্যস্ত পশ্চিমা পশুদের শায়িত লাশের স্তুপ। ঐক্যবদ্ধ বাঙ্গালীর সংগ্রামের ফলে শুধু পশ্চিমা ষড়যন্ত্রের প্রাসাদ প্রকম্পিত হয়ে ওঠে নাই, সারাবিশ্ব বুঝতে পেরেছে যে, বাঙালী নিঃস্ব নয়। বাঙালীরা পরাধীনতা মানে না।

আজ সারা বাংলার একটি পথ- সে পথ মুক্তির, সে পথ স্বাধীনতার। তাই মৃত্যুর ভ্রুকুটি নির্যাতনের খড়গাঘাত আমাদেরকে বিপর্যস্ত করতে পরেনি; বরং শত্রুর পাশবিকতা শত্রু হননের প্রতিহিংসায় আমাদের প্রজ্জ্বলিত করেছে। বাংলার মাটি আজ অপরাজেয়, বাঙালীর প্রতিটি ঘর দুর্ভেদ্য দুর্গ। সমঝোতার প্রলোভন তাদের কাছে প্রহসন ছাড়া কিছুই নয়। আন্দোলনের অনির্বাণ আদর্শ বঙ্গবন্ধু শেখ মুজিব, আর আন্দোলনের সম্পূর্ণ পরিচালনার দায়িত্ব আওয়ামী লীগের। বাংলার সংগ্রামী প্রতিষ্ঠানের পক্ষ থেকে গণম্যান্ডেন্টকে উপেক্ষা করার ঔদ্ধত্যের চ্যালেঞ্জ করে যখন স্বাধীনতার উদাত্ত আহবান ছাত্রসংগ্রাম পরিষদ জানায়, তখন তারা বঙ্গবন্ধুকে মহান জাতির নেতা হিসাবে সামনে রেখেই এ আন্দোলনের ডাক দিয়েছিল এবং দালাল ছাড়া বাংলার প্রতিটি মানুষ ঐক্যবদ্ধভাবে এ আন্দোলনের পাশে সে দাঁড়িয়েছিল দলমত নির্বিশেষে। আজ স্বাধীনতা আন্দোলনের ৭ মাস অতিক্রান্ত হয়েছে। বাংলাদেশের মাটিতে মুখচেনা দালাল, ডাস্টবিনের আবর্জনাকে তুলে এনে বিশ্বকে যখন বিভ্রান্ত করার প্রচেষ্টা করা হচ্ছে, তখন বাংলার প্রতিটি প্রগতিশীল মহলের সম্মিলিত পতাকার নিচে দাঁড়িয়ে এ দূরুভিসন্ধির চ্যালেঞ্জ মোকাবেলা করা উচিত। বিশ্বের মানুষ জানে বাংলার প্রগতিশীল রাজনৈতিক মহল দ্বিধাহীনচিত্তে বঙ্গবন্ধুর নেতৃত্বে আস্থা প্রকাশ করে এবং গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশ সরকারকে সমর্থন জানিয়ে অকুতোভয় সে চ্যালেঞ্জের মোকাবিলা করেছেন। এছাড়া আমি গর্বিত এবং আনন্দিত বাংলাদেশ ছাত্র ইউনিয়ন আমাদের সাথে এক যুক্ত বিবৃতির মাধ্যমে বাঙ্গালী জাতির মহানায়ক বঙ্গবন্ধুর আদর্শে, অনুপ্রেরণায় ও নির্দেশে পরিচালিত স্বাধীনতা সংগ্রামে ঐক্যবদ্ধ মুক্তি আন্দোলনের আহবান জানিয়েছে। তারা সর্বক্ষেত্রে বাংলাদেশ সরকারের প্রশাসন গড়ে তোলার দ্বিধাহীন ডাক দিয়ে বিশ্বকে পুর্নবার জানিয়ে দিলেন সমস্ত প্ররোচনায় মুখে বাঙালী জাতি এক ও অভিন্ন। স্বাধীনতার প্রশ্নে তারা হিমাচলের মত অটল। ... .আসুন, আমরা রাত্রির বৃন্ত হতে ছিঁড়ে আনি ফুটন্ত সকাল।

সংগ্রামী ভাইয়েরা, দখলকৃত বাংলায় সম্প্রতি উপ-নির্বাচনের নামে বিশ্বের প্রচন্ডতম হাস্যকর প্রহসন সৃষ্টি করা হয়েছে। ২৪ বছরের ইতিহাসে যাদের কুষ্ঠরোগীর মত দালালীর ক্ষতচিহ্নে ভরা, গত নির্বাচনে ঐক্যবদ্ধ গণচেতনার ভয়ে যারা রণভঙ্গ দিয়ে বিবি সাহেবের আচঁলের তলায় আশ্রয় নিয়েছিলো, এমন কি বিশ্বাসঘাতক সবুর ও নির্লজ্জ ফ-কা চৌধুরীর মত যারা তওবা করে ক্ষমা ভিক্ষা করে বিবৃতি দিয়ে বঙ্গবন্ধুর নেতৃত্বে আস্থা

স্থাপন করেছিলো- তাদের মত প্রায় ৬৭ জন দালালকে বিনাপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষনার স্পর্ধ। দেখিয়েছে বিশ্বাসঘাতক জালেম। আমরা জানি জালেম প্রায় সব জায়গায় নির্বাচন এড়িয়ে গেছে। কারণ কালবৈশাখীর ঝড়ের প্রচন্ডতায় বিক্ষুদ্ধ বাংলাকে সে চিনেছে। সে জানত নির্বাচনের ঝুঁকি নেওয়ার শক্তি আর দুঃসাহস তার নাই, তবুও স্বাধীন সার্বভৌম বাংলায় নাক গলিয়ে যে অপরাধ ইয়াহিয়া করেছে তার প্রতিশোধ হিটলারের দোসব আইকম্যানের মৃত্যুদন্ডের মতই নেওয়া হবে। আমরা নিঃসংশয় রণাঙ্গনের বুলেট এ প্রশ্নের উত্তর দেব। ....

গণতন্ত্রমনা বাঙালীর হৃদয়ের ঔদার্যকে এরা কাপুরুষতা ভেবেছিল। গত নির্বাচনের পর প্রচন্ড গণবিস্ফোরণের মুখে এদের পিষে মাটির সাথে মিশিয়ে দিতে আমরা পারতাম। ... এদের জন্যে বাংলার আলো-বাতাস-মাটি আজ হারাম। এদের স্পর্শে বাংলার মাটি ডুকরে কেঁদে ওঠে। এদের দূষিত নিঃশ্বাসে বাংলার বাতাস দূষিত হয়। আজ এদের জন্য কোন মায়া নাই, মমতা নাই, দয়া-দাক্ষিণ্য নাই, ক্ষমা নাই। আজ এদের একমাত্র প্রাপ্য হল মৃত্যু। মোনেম আর মোনেম ঘোষিত এমপিএ আমির হোসেনের পথ ধরেই এদেরকে বাংলার বুক হতে বিদায় নিতে হবে। মাটির বুকেও যদি এরা লুকাতে চায়, মাটি খুঁড়ে এদের বের করে টুকরো টুকরো করে কেটে গায়ে লবণ ছিটিয়ে উন্মুক্ত স্থানে টাঙ্গিয়ে রাখতে হবে। ভবিষ্যতে প্রতিটি দালাল যেন এদের পরিণতির দৃষ্টান্ত দেখে শিউরে কেঁপে ওঠে।

সংগ্রামী ভাইয়েরা আমার,

যেখানে যখন যে অবস্থায় এদের পাওয়া যাবে, মৃত্যুই এদের পাওনা। এদেরকে করায়-গন্ডায় পাওয়া বুঝিয়ে দিতে হবে। ..... আমাদের ধারণা, ভারতের বিরুদ্ধে এরা যুদ্ধের পাঁয়তারা করছে, এর দাঁতভাঙ্গা জবাব দেয়ার জন্য আপনারা প্রস্তুত হোন।

সংগ্রামী ভাই-বোনেরা আমার, আপনারা নিশ্চয়ই উপলব্দি করেছেন, আমাদের স্বাধীনতা সংগ্রাম যতই তীব্রতর হচ্ছে বিশ্ববিবেক, আজ ততই স্পষ্ট আমাদের সপক্ষে। বিশ্বের পথে-প্রান্তরে আজ স্বাধীনতার সপক্ষে অশান্ত মিছিল।.... গণতন্ত্রের পাদপীঠ আমাদের নিকটতম প্রতিবেশী ভারত প্রথম হতেই সাড়ে সাত কোটি মানুষের পক্ষে কার হৃয়মথিত সহানুভূতি উজার করে দিয়েছে। আমি আনন্দিত রাশিয়াও আমাদের সমর্থনে এগিয়ে এসেছে। কিন্তু সংগ্রামী বাংলা এখন মুক্তির সুতীক্ষ্ম আকাংক্ষায় উদগ্রীব। সারা বাংলা এখর প্রচন্ড শক্তিতে শত্রুকে আঘাত হানছে। আর বিশ্ববিবেক যখন চিৎকার কর বলছে বিচারের বাণী নিরবে-নিভৃতে কাঁদতে দেব না, তখন আন্তর্জাতিক রাজনীতির চোরাগলিতে সমঝোতায় কানাঘুষা আমাদের কানে আসছে। আমরা এই ব্যর্থ প্রয়াসে কেবল মর্মাহতই নই, বিস্ময়াভিভূতও হয়েছি। ... মানবতার আর্তনাদ তাদের কর্ণকুহরে পৌঁছে না, অসহায় মানুষের আকুতি এদের হৃদয়কে নাড়া দেয় না। বাৎকে বাৎ এরা গণতন্ত্রের কথা বলে, কিন্তু গণতন্ত্রের অমোঘ মন্ত্র এদেরকে আকর্ষণ করে নাই, আর তাই ক্ষমতার সতরঞ্জে এরা ষড়যন্ত্রের গুটি চেলে বাজিমাৎ করতে চান। বিশ্ববিবেকের কণ্ঠস্বর হয়ে দৃঢ়চিত্তে সত্যের প্রতিধ্বনি করার কথা ছিল- রাহুচক্রে তিনিও আজ দিশেহারা হয়ে ঘুরপাক খাচ্ছেন, নইলে সেলসবারীতে ২৫ জন শ্বেতাঙ্গ হত্যা করার জন্যে যখন জাতিসংঘে মানবতা রক্ষা দিবস পালন করা হয়, তখন পৃথিবীর জঘন্যতম নৃশংসতা, জঘন্যতম পাশবিকতা, ১০ লক্ষ মানুষ হত্যার পরও তারা স্পন্দনহীন নির্বিকার থাকেন কেমন করে। ভাবতে আমি অবাক হয়ে যাই বিশ্বের নির্মমতম নৃশংসতার পরও সমঝোতা, কবরের শান্তি আর ধৈয্য ধারণের স্তুতিবাক্য আওড়ান তাঁরা কোন লজ্জার মাথা খেয়ে। শক্তির প্রচন্ড দাম্ভিকতায় উন্মাদ বলেই কেরিয়া, আলজেরিয়া, কিউবার ইতিহাস এদের চক্ষুকে উন্মোচিত করে নাই। এই সব মূক, ম্লান, বধির শক্তিবর্গকে আমরা নিঃসংশয়চিত্তে জানিয়ে দিতে চাই, এবার আমরা শেষ সমঝোতার জন্যই বৈঠকে বসেছি, তবে সে বৈঠক আন্তর্জাতিক প্রাসাদ শীতাতপ নিয়ন্ত্রিত দরবার কক্ষের গোলটেবিলে ঘিরে বসে নাই, বসেছে জননী বাংলার চতুস্পার্শেবর রণাঙ্গনের ট্রেঞ্চে- সে বৈঠকের আলোচনা চালাচ্ছে বঙ্গবন্ধুর আদর্শে উজ্জীবিত সূর্যসেনা মুক্তিবাহিনীর নির্ভীক সেনানীরা। সে বেঠকের ভাষা স্বার্থের রাজনীতির পরিভাষার অনুলিপি নয়- তার ভাষা হল ব্যারেলের অগ্নিবর্ষী বুলেট। সে বৈঠকে সমঝোতা বা আপোষ-মীমাংসা হবে না- স্বাধীনতার

চূড়ান্ত সনদ লিখিত হবে। আর সে সনদ আমরা কলমের কালো কালিতে লিখতে চাই না, লিখব শত্রুর বুকের তাজা লাল টকটকে উত্তপ্ত রক্তে। আপনারা শুনে রাখুন, শত্রুর রক্ত নিক্তিতে মেপে আমরা পাওনা বুঝে নিতেই বৈঠকে বসেছি। এখানে রাজনৈতিক সওদাগরী ব্যর্থতার বেলাভূমিতে গুমরে মরবে।

আজও অসত্যের বুকে বিদীর্ণ করে সত্যের উদ্ভাসিত আলোকরশ্মি যেসব উপনিবেশবাদী শক্তি অবলোকন করতে পারেননি, শোষণ ও অবিচারকে যারা প্রতিবাদ করতে পারেননি, আজও দশ লক্ষ শহীদের আর্তনাদ যারা শোনেননি, সেইসব শক্তির প্রতিভূকে আমি একটিবার জিজ্ঞেস করতে পাই- এই শোষণের কষাঘাতে জর্জরিত হয়ে নিজের দেশ হইতে হিজরত করে আপনাদের জাতির কি জন্ম হয় নি?

বৃহৎ শক্তির প্রতিভূ আপনাকে একটি বার জিজ্ঞেস করতে চাই- দশ লক্ষ মানুষের মৃত্যু নয়, একটিবার আপনার সামনে যদি আমার জোয়ান ছেলেকে বুলেটের নির্মম আঘাতে শত্রুরা খুন করত, একটিবার আপনার চোখের সামনে আপনার অশীতিপর বৃদ্ধের বুক বেয়নেটের খোঁচায় চৌচির করে দিত, যদি একটিবারের জন্য আপনার চোখের সামনে আপনার মেয়েকে সম্পূর্ণ উলঙ্গ করে পাশবিক অত্যাচার করত, যদি আপনার সম্মুখে আপনার গর্ভবতী স্ত্রীর পেট চিরে তার গর্ভজাত সন্তানকে বেয়নেটের খোঁচায় বের করত, যদি আপনার বোনের কোল হতে তার তিন মাসের কচি শিশুকে কেড়ে নিয়ে তার সম্মুখেই টুকরো টুকরো করে খুন করত, যদি আপনার ঘর পুড়িয়ে ঘরছাড়া করে জোর করে পরে দেশে পরবাসী করত- তবে আপনি কি প্রতিহিংসার আগুনে জ্বলে উঠতেন না? আপনি কি ঐ জালেম জল্লাদের কবল হতে মুক্তি চাইতেন না? আপনার স্ত্রী অঝোরে কেঁদে বলত কিনা- ওগো এর প্রতিশোধ চাই। স্বজন হারানো শ্মশানে ওদের চিতা জ্বালাতে আপনি কি একটিবার চাইতেন না? শিশুর মৃত্যুকান্না ভেদ করে সমঝোতার সস্তা স্তুতিবাক্য কি আপনাকে সান্ত্বনা দিতে পারত? নিশ্চুপ কেন? উত্তর দিন। আপনি কি পারতেন শত্রুর রক্তে না রাঙিয়ে আপনার নিষ্পাপ সতীত্বহারা মেয়ের সামনে পিতৃত্বের অধিকার নিয়ে দাঁড়াতে। বৃহৎশক্তির প্রতিভূ! আপিনি যদি না পারে না পারেন তবে আমাদের পারতে বলবেন কোন লজ্জায়? কোন স্বার্থের তাগিদে? আজ আমি বিশ্বের উপনিবেশবাদী শক্তিসমূহের কাছে পরিষ্কার জানিয়ে দিতে চাই- আমরা আজ কেবল স্বাধীনতার জন্য লড়ছি না, লড়ছি মায়ের অশ্রু, পিতার আর্তনাদ, ভায়ের রক্ত, শিশুরকান্না, বোনের সতীত্ব হননের প্রতিশোধ নেওয়ার জন্য- লড়ছি শত্রুর রক্ত নিক্তিতে মেপে সব পাওনা বুঝে নেয়ার জন্য। এ যুদ্ধ সমঝোতার নয়, এ যুদ্ধ স্বাধীনতার। এ অস্ত্র কেবল বুলেটেই নয়, ন্যায় ও সত্যের মহান আদর্শ এর সঞ্জীবনী শক্তি। এর সেনা কেবল রণাঙ্গনে যোদ্ধারাই নয়, বাংলার সাড়ে সাত কোটি মানুষ।

আমি জানি, শক্তির দাম্ভিকতা যত প্রচন্ড হোক না কেন তারপরাজয় অবশ্যম্ভাবী। নইলে গত বিশ্বযুদ্ধে হিটলার পরাজিত হত না, মুসোলিনী হার মানত না। কোরিয়া, আলজেরিয়া, কিইবা মুক্ত হতো না। সর্বশেষ দৃষ্টান্ত আজকের চীন। আজ চীনের যে বিজয় তা পারমাণবিক শক্তির বিজয় নয়, সর্বহারা মানুষের বিজয়। তাই চীন স্বস্তি পরিষদে সর্বহারা ও স্বাধীনতাকামী মানুষের সমর্থনে এগিয়ে আসবে আমরা আশা করি।

ইতিহাস তুমি সাক্ষী রবে সাড়ে সাত কোটি মানুষর এই ন্যায়, সত্য ও স্বাধীনতার সংগ্রাম ব্যর্থ হবে না- হতে পারে না। ইনশাল্লাহ আমরা বিজয়ী হবই।

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলার কমিউনিস্ট পার্টি কর্তৃক উপস্থিত রাষ্ট্রীয় রূপরেখা ও কর্মসূচী	বাংলার কমিউনিস্ট পার্টি	৩০ নভেম্বর, ১৯৭১

বাংলাদেশের জনগণের সামনে উপস্থাপিত স্বাধীন সার্বভৌম জন গণতান্ত্রিক রাষ্ট্র ও সমাজব্যবস্থা রূপরেখা ও কর্মসূচী

ভূমিকা

পূর্ব বাংলা পাকিস্তানী ঔপনিবেশিক শক্তি তথা দস্যু হানাদার বাহিনীর কবলমুক্ত। দীর্ঘ নয় মাসের রক্তক্ষয়ী যুদ্ধ ও লক্ষ লক্ষ নরনারীর জীবন এবং বিনিময়ে অর্জিত হয়েছে এ মুক্তি। এ মুক্তিসংগ্রামে পূর্ব বাংলার সমগ্র শোষিত মেহনতি মানুষের রয়েছে সক্রিয় অবদান। বিশেষ করে বিভিন্ন নামে আখ্যায়িত মুক্তি ফৌজের সর্বজনস্বীকৃত। বাংলা মায়ের মুক্তিপাগল ঐ সেনানীদের জীবনাহুতি ছাড়া এ সংগ্রাম কিছুতেই সফল হতে পারত না, যদিও পাকিস্তানী ঔপনিবেশিক পশুশক্তিকে পরাজিত করার প্রশ্নে ভারত সরকার ও তার সেনাবাহিনীর ভূমিকাও এখানে জড়িত আছে। তবুও এ কথা দৃঢ়তার সাথে বলা চলে যে, পূর্ব বাংলার মেহনতি জনগণ ও তার সন্তানদের দ্বারা গঠিত মুক্তিবাহিনীই ছিল এ যুদ্ধের নিয়ামক শক্তি। আগামী দিনেও স্বাধীন-সুখী-সমৃদ্ধিশীল সার্বভৌম বাংলাদেশ গঠনে এরাই নিয়ামক শক্তি হিসেবে কাজ করবে।

দেশ আজ হানাদার-মুক্ত হলেও শত্রুমুক্ত নয়, নয় শোষক ও শোষকহীন। কেননা, বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের উপর কেবলমাত্র পাকিস্তানী শাসকরাই শোষণ চালায়নি- তাদের সাথে শোষণের শরিকদার ছিল (ক) দেশের অভ্যন্তরের জোতদার মহাজন বা সামন্তবাদী শ্রেণী (খ) বিদেশী সাম্রাজ্যবাদ বিশেষ করে মার্কিন সাম্রাজ্যবাদ, যদিও এ তিনের মধ্যে প্রধান শত্রুছিল পাকিস্তানী শাসকরা।

বাংলার মাটিতে আজ পাকিস্তানী শাসকরা না থাকলেও তাদের বহু কল-কারখানা, ব্যাঙ্ক, ইনস্যুরেন্স কোম্পানী ও ব্যবসায় প্রতিষ্ঠান রয়ে গেছে, রয়ে গেছে মার্কিনসহ বিভিন্ন সাম্রাজ্যবাদী দেশের পুঁজি-পাট্টা; তদুপরি জোতদার-মহাজনরা রয়েছে অক্ষত। অতএব ঐসব দেশী-বিদেশী শক্তির প্রত্যক্ষ ও পরোক্ষ শাসন ও শোষণ থেকে জনগণকে অবশ্যই মুক্ত করতে হবে, নতুবা আওয়ামী লীগ প্রধান শেখ মুজিবুর রহমান কর্তৃক বিঘোষিত শোষকহীন সমাজ হবে অর্থহীন।

গত নয় মাসের ঘটনাবলী কি প্রমান করে? প্রমাণ করে দেশের অভ্যন্তরের জোতদার-মহাজন ও তাদের দালালরাই ছিল পাকিস্তানী শাসকদের মূল খুঁটি; এদের প্রত্যক্ষ সহযোগিতায় পূর্ব বাংলার অসংখ্য গ্রামে সংঘটিত হয়েছে অগণিত 'মাইলাই' (ভিয়েতনাম) হত্যাকান্ড। আজো শেষ হয়নি দেশী-বিদেশী প্রতিক্রিয়াশীলদের ষড়যন্ত্র, ভাঙ্গেনি তাদের শোষণের বিষদাত।

তাছাড়া অর্থনৈতিক ব্যতীত রাজনৈতিক স্বাধীনতা অর্থহীন, তা পূর্ব বাংলার জনগণ গত চবিবশ বছর ধরে হাড়ে হাড়ে উপলব্দি করেছে, উপলব্দি করেছে বলেই বাংলার সাধারণ মানুষ সর্বাগ্রে স্বাধীনতার দাবী তুলেছে, সকলের আগে ধারণ করেছে অস্ত্র। এ জনগণই গত নয় মাসে সবচাইতে বেশী ত্যাগ স্বীকার করেছে। তাই এ জনগণকে সকল প্রকার শোষণ থেকে অবশ্যই মুক্ত করতে হবে। শুধু মুখের কথায় জনগণের মুখে হাসি ফুটবে

১৯৭১ সালের ৩০ ও ৩১ নভেম্বর এবং ১ ডিসেম্বর অনুষ্ঠিত পার্টির কংগ্রেসে গৃহীত রাজনৈতিক দলিলের ভিত্তিতে রচিত।

না, পেটে ভাত জুটবে না, বেকার পাবে না কাজ, ভূমিহীন পাবে না জমি, ঋণগ্রস্থ মানুষ হবে না, ঋণমুক্ত, রোগী পাবে না ঔষধপথ্য, শিক্ষার দ্বার হবে না সকলের জন্য খোলা।

এমতাবস্থায় দেশের সকল শ্রেণীর জনগনকে দেশী-বিদেশী সকল শাসন ও শোষণ থেকে মুক্ত করতে হলে সর্ব প্রথম তিনটি কাজের উপর বেশী গুরুত্ব দিতে হবে।

প্রথমত: দেশের সর্ব স্তরের জনগণের মধ্যে আনতে হবে স্বাধীনতা ও সার্বভৌমত্ব সম্পর্কে পূর্ন আস্থা। দেশের মাটিতে মিত্র বাহিনীর অবস্থানকে জনগণ ভীষণ আশঙ্কার চোখে দেখছে। যেহেতু আমাদের দেশের মানুষ ঘরপোড়া গরুর মত, তাই সিঁদুরে মেঘ দেখলেই তাদের ভয় জাগা স্বাভাবিক। এ অবস্থায় সরকারকে দৃঢ়ভাবে ঘোষণা করতে হবে-

পাকিস্তানী শাসক তথা বাইশ পরিবারের, বিদেশী সাম্রাজ্যবাদীদের এবং দেশীয় জোত-মহাজন শ্রেণীর যাবতীয় সম্পদ বাজেয়াপ্ত করা হবে। এ তিন শোষণের কবল থেকে জনগণ সম্পূন মুক্ত থাকবে।

দ্বিতীয়ত: সকল স্তরের মুক্তি ফৌজকে নিয়ে একটি নিয়মিত সেনাবাহিনী গড়ে তোলা এবং প্রাপ্তবয়স্ক ও কর্মক্ষম পুরুষদের সামরিক ট্রেনিং দানের জন্য মুক্তি ফৌজের উদ্যোগে দেশের বিভিন্ন অঞ্চলে ট্রেনিং কেন্দ্র স্থাপন করা ।

তৃত্বীয়ত: দেশের অভ্যন্তরে ছোট-বড় সকল রাজনৈতিক দলের সহযোগিতায় সমগ্র জাতির উন্নতি ও কল্যাণার্থে একটি সামগ্রিক কর্মসূচী প্রণয়ন করা ।

বাংলার কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে আমরা সমগ্র জাতির সামনে বিশেষ করে বাংলাদেশ সরকারের নিকট বিবেচনার জন্য উপরোক্ত উদ্দেশ্যে নিম্নোক্ত কর্মসূচী সবিনয় উপস্থিত করছি। আমরা দৃঢ়ভাবে মনে করি যে, একমাত্র এ কর্মসূচী বাস্তবায়ণের মাধ্যমেই বাংলার সমগ্র শোষিত ও মেহনতি জনগণের রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক মুক্তি আসতে পারে। আমরা এও দৃপ্তকণ্ঠে যোষণা করছি যে এ কর্মসূচী বাস্তবায়নের ক্ষেত্রের সরকারের সাথে বাংলার কমিউনিষ্ট পার্টি পূর্ণ সহযোগিতা প্রদান করবে।

প্রথমত: রাষ্ট্রের নাম হওয়া উচিত জনগনতান্ত্রিক পূর্ব বাংলা (People's Republic of Purba Bangla) । যেহেতু দুই বাংলা ছিল এক বাংলা, তাই 'বাংলাদেশ' নামটিতে সমগ্র বাংলাদেশ কে বুঝায় এবং এতে বিভান্তি থেকে যায়।

রাষ্ট্রের মুল নীতি সমূহ

(১) সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা গড়ে তোলার জন্য দেশকে অনুন্নত কৃষিপ্রধান দেশ হতে উন্নত শিল্প প্রধান দেশ রুপে গড়ে তুলতে হবে। দেশকে শিল্পায়িত দেশরুপে গড়ে তোলার জন্য সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থায় পূর্ব ধাপ গনতান্ত্রিক সমাজব্যবস্থা অবশ্যই গড়ে তুলতে হবে। গনতান্ত্রিক সমাজ ব্যবস্থা গড়ে তোলার পথে মূল বাধারুপে তিনটি শত্রুসমাজের উপর জগদ্দল পাথরের মত দাঁড়িয়ে আছে। এ তিনটি শত্রুহচ্ছে- (১) উপনিবেশবাদ ও নয়া-উপনিবেশবাদ , (২) দেশীয় সামন্তবাদ এবং (৩) আমলাতান্ত্রিক শোষণ।

পাকিস্তান উপনিবেশবাদ, আন্তর্জাতিক সাম্রাজ্যবাদ বা নয়া উপনিবেশবাদ, দেশীয় সামন্তবাদ (জোতদার-মহাজনী) ও এদের দালালদের সমস্ত সম্পদ এবং দেশীয় আমলাতান্ত্রিক পুঁজি গণতান্ত্রিক সরকার বাজেয়াপ্ত করবে।

(২) রাষ্ট্র হবে সম্পূর্ণ স্বাধীন ও সার্বভৌম। আনুপাতিক ভোট* ব্যবস্থার মাধ্যমে জনগণ তাদের শ্রেণীভিত্তিক প্রতিনিধি নির্বাচন করে পার্লামেন্ট গঠন করবে এবং এ পার্লামেন্ট হবে জনগণের সার্বভৌম ক্ষমতা কার্যকরী করার সর্বোচ্চ শক্তিশালী হাতিয়ার। ১৮ বছর ও তদূর্ধ্ব বয়সের প্রতিটি নর-নারীর ভোটাধিকার থাকবে।

(৩) সকলের জন্য কর্মসংস্থান, খাদ্য-বস্ত্র-বাসস্থান, শিক্ষা ও চিকিৎসা এবং বৃদ্ধকালীন ভাতা প্রদান করার নিশ্চয়তা (গ্যারান্টি) সম্মুখে রেখে সমস্ত পরিকল্পনা প্রণয়ন ও কার্যকরী করা হবে।

(৪) বাংলাদেশে বসবাসকারী সকল জাতি, উপজাতি, ধর্ম, বর্ণ, ভাষা এবং নারী-পুরুষ নির্বিশেষে সকল মানুষের সমান রাষ্ট্রীয় ও সামাজিক অধিকারের নিশ্চয়তা থাকবে।

(৫) এ রাষ্ট্র দেশের মধ্যে সকল রকমের দুর্নীতি, স্বজনপ্রীতি, চুরি-ডাকতি-রাহাজানি, ভিক্ষাবৃত্তি, ব্যাভিচার-বেশ্যাবৃত্তি, মদ-মাতলামি-জুয়া, ছেলেধরা, কালোবাজারি মজুতদারি, দাঙ্গা-হাঙ্গামা, সাম্প্রদায়িকতা, উগ্র আঞ্চলিকতা প্রভৃতি যেসব সামাজিক অনাচার ও শোষণ-নিপীড়ন মানুষকে যুগ যুগ ধরে পঙ্গু করে এসেছিল- তার পরিপূর্ণ উচ্ছেদ করবে।

উপরোক্ত মূলনীতি সামনে রেখেই বাংলার কমিউনিস্ট পার্টি জন গণতান্ত্রিক রাষ্ট্রের নিম্নোক্ত কর্মসূচী হাজির করছে-

১। কৃষক ও কৃষি সমস্যার ক্ষেত্রে

(ক) বাংলাদেশের আধাসামন্তবাদী ব্যবস্থার অবশেষকে সম্পূর্ণভাবে উৎখাত করা হবে। "যে চাষ করে জমি তার'' এ নীতির ভিত্তিতে কৃষিব্যবস্থার পুনর্গঠন করা হবে। জাতীয় গণতান্ত্রিক বিপ্লবে তিন শত্রুর এবং তাদের দালালদের সমস্ত বাজেয়াপ্ত জমি ও কৃষি যন্ত্রপাতি ক্ষেতমজুর, বর্গাচাষী ও গরীব কৃষকদের মধ্যে প্রয়োজনের অনুপাতে বিনামূল্যে বিতরণ করা হবে।

(খ) বিপ্লবের মিত্র শিবিরে অনেক অকৃষক জমির মালিক আছে বা থাকবে যারা কৃষির আয়ের দ্বারা স্বাচ্ছন্দে জীবিকা নির্বাহ করতে পারছে না বলে অন্য পেশা গ্রহণ করেছে- কৃষক হিসাবে এদের ভূমিকা নেই। এদের জমি উচিত মূল্যে সরকারী খরচে ক্রয় করে বিনামূল্যে কৃষকদের মধ্যে বিলি করা হবে। কিন্তু এদের জমি তখনই নেওয়া হবে যখন এরা নিজ নিজ পেশার আয়ের দ্বারা স্বয়ংসম্পূর্ণ হতে পারবে, তার আগে নয়।

(গ) অন্ন-বস্ত্র-শিক্ষা-স্বাস্থ্য-বাসস্থান এর মৌলিক প্রশ্নে অসহায় বিধবা ও অন্যান্য অকৃষক মানুষদের হাতে জীবনধারণের মূল উপকরণ হিসেবে যে জমি আছে তা উচিত মূল্যে সরকারী খরচে ক্রয় করে নেওয়া হবে ও বিনামূল্যে কৃষকদের মধ্যে বিলি করা হবে। তবে তা করা হবে ঐ সকল মানুষের বেঁচে থাকার প্রয়োজনে, রাষ্ট্র কর্তৃক বিকল্প ব্যবস্থা গ্রহণ করার পর, তার আগে নয়।

(ঘ) আবাদযোগ্য পতিত জমি ও সরকারী খাস জমিসমূহ কৃষকদের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হবে। ওয়াকফ, দেবোত্তর সম্পত্তির নামে যুগ যুগ ধরে কৃষকদেরকে শোষণ করা হচ্ছে তাকে বিলুপ্ত করা হবে। কিন্তু ধর্মীয় ও সৎ উদ্দেশ্যে যে ওয়াকফ বা দেবোত্তর করা হয়েছিল সে উদ্দেশ্য যাতে ব্যাহত না হয়, তার জন্যে সরকার উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে।

(ঙ) উন্নত ধরনের বীজ, সার ও বৈজ্ঞানিক কৃষি যন্ত্রপাতি সরবরাহ, কৃষিতে সেচসহ উন্নত বৈজ্ঞানিক ব্যবস্থার প্রবর্তন, জরুরী কার্যক্রম হিসেবে বন্যা ও জলস্ফীতি প্রতিরোধের স্থায়ী দৃঢ় ব্যবস্থা গ্রহণ করে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করা হবে।

---

* আনুপাতিক ভোট বলতে বুঝায়ঃ- নির্বাচনে ব্যক্তি প্রার্থী না হয়ে পার্টি প্রার্থী হবে। জনগণ পার্টিগুলোকে ভোট দেবে। যে পার্টি সারা দেশে যত বেশী ভোট পাবে তা একত্র করে সম্পূর্ণ প্রদত্ত ভোটের অনুপাতে পার্লামেন্ট ঐ পার্টির প্রতিনিধির সংখ্যা নির্দিষ্ট হবে। তারপর ঐ পার্টি ব্যক্তি নির্দিষ্ট করে দেবে (অর্থাৎ পার্লামেন্ট প্রতিনিধি মনোনিত করে পাঠাবে)। এ অবস্থায় কোন ভোটারের ভোট অপ্রতিনিধিত্বমূলক থাকে না।

Then came Yahya Khan to the rescue of the ruling class. Yahya imposed martial law on Pakistan, abrogating Ayub's constitution and pushing aside his phoney democracy.

Popular pressure compelled Yahya to concede certain demands, namely, direct election based on adult franchise, dismemberment of one unit and restoration of former provinces, abolition of 'parity' which was introduced in 1955 as mentioned earlier, a constitution for the country to be framed by the elected National Assembly, etc. But Yahya promulgated a Legal Framework Order which stipulated, inter alia, that the constitution would have to be authenticated by Yahya Khan, the President. This greatly restricted the freedom of the National Assembly.

The first general election was held in December. 1970. The results were startling. In East Pakistan Awami League won 167 out of a total of 169 National Assembly seats. This made Awami League the party with an absolute majority in the National Assembly (having a total of 313 seats).

By voting for Awami League, the people of East Pakistan actually voted for autonomy. And it was the realization of this fact that unnerved the ruling class.

In West Pakistan Z. A. Bhutto won 84 (out of 144) N. A. seats, but these seats were from Punjab and Sind provinces only. However, the ruling class decided to use Bhutto as a cat's paw in their conspiracy to jeopardize democracy.

As soon as Yahya Khan announced a date for the first session of the National Assembly, 3rd March, Bhutto declared that his party would not attend the National Assembly session and threatened direct action in case the session was held on due date. And Yahya thought it fair to postpone the National Assembly session sine die and convene a round table conference of the various party leaders instead. He did not even consider it necessary to consult Awami League, the party commanding absolute majority in the National Assembly, before taking this unusual step.

The last peaceful mass upsurge: the peak

Naturally enough, all democratic parties and forces resented the postponement of National Assembly session and rejected the idea of a round table conference as absurd and ridiculous. But the people, without waiting for the reaction of the leaders, spontaneously came out in thousands in the streets as they heard the news, to protest against this high handed decision of Yahya Khan.

Yet, the upsurge did not lose its peaceful character. In protest against the postponement of the National Assembly session, the Awami League called a general strike for five days from 2nd March. All the democratic parties supported it. The entire people fully responded to this call. The ruling clique as usual tried to suppress it by intimidation and violence. Curfew was imposed on Dacca and other cities and when people brought out peaceful processions, they were mowed down by machine-gun fire. The conspiracies of the ruling clique failed to demoralize the people, however.

On March 6. that is, on the fifth day of the peaceful strike, Yahya announced a new date for the National Assembly session. 25th March, but at the same time blamed the people and the leaders of East Pakistan for the crisis which was actually precipitated by the ruling clique headed by Yahya Khan himself. He even threatened military action to preserve the so-called "solidarity and integrity of Pakistan'. Simultaneously, the military junta reshuffled the military administration in East Pakistan and appointed Lt-General Tikka Khan, a vile creature with low intelligence and cruel nature, the military administrator of East Pakistan. These measures showed that the military junta was already bent on suppressing the peaceful mass upsurge by military onslaught.

On March 7, Sheikh Mujibur Rahman declared his programme of continuous peaceful non-cooperation movement until martial law was lifted and power was transferred to the elected representatives of the people. Sheikh Mujib's demands and programme of action was supported by all democratic parties and the entire people responded to it with great enthusiasm. Literally all activities in the country came to a standstill. Mills, factories, educational institutions, all government, semi-govt. offices and institutions including the High Court and lower courts and the transport system of East Pakistan, etc. ceased to function. The civil administration of East Pakistan including the police and intelligence branch followed the directives of the Awami League. In short. Awami League was in virtual control of East Pakistan.

At this stage Yahya Khan announced that he would come to East Pakistan and talk with Sheikh Mujib. The talks started from 14th March. The talks continued for some time. At one time Yahya publicly declared that he had agreed in principle to the demands of the Awami League leader (i. e. transfer of power and lifting of Martial law). Discussions were also held between the advisers of Yahya Khan and Sheikh Mujib. Then, when people were beginning to think that a political settlement was in sight, came the sudden and furious attack against the unarmed and peaceful people of whole East Pakistan. On the night of 25th March, without the slightest warning and even before the Yahya-Mujib) talks ended, the mercenary thugs of the treacherous liar Yahya Khan were unleashed against the innocent people of Bangladesh.

A new stage begins: Aimed struggle for liberation

Thus, the military junta of Pakistan closed all paths of peaceful struggle for democracy and autonomy and forced the people to take up arms in their own defense and in defense of democracy and national rights. The Bengalee soldiers of the Pakistan army belonging to East Bengal Regiment and East Pakistan Rifles as well as the Police joined the people to form the Mukti Fouj (Liberation army) and began the freedom struggle against the Pakistan army which was, to all intents and purposes, behaving as a foreign occupation army (which in practice proved the colonial nature of West Pakistani rule).

From the events and facts related above, the following conclusions may be drawn:

* The present struggle of the people of Bangladesh is the final phase of their long struggle for democracy and autonomy.

* Even after the repeated and stubborn refusal of the ruling clique of Pakistan to concede democracy and autonomy, the people did not abandon the peaceful path and tried to reach a political settlement with the ruling military dictatorship. The armed attack by the ruling military junta forced the people to start fighting for freedom.

* The people of Bangladesh have taken up arms only when they were compelled to do so by the treacherous and barbarous attacks of the military dictatorship.

* The history of the last twenty four years of the existence of Pakistan as well as the events of the last few months have proved conclusively that conceding democracy was farthest from the thought of the ruling class. Therefore, it was inevitable that sooner or later the struggle for democracy and autonomy would have to develop into armed struggle for freedom of Bangladesh. Because, as has now become perfectly clear, the ultra reactionary ruling class of Pakistan would never allow democracy to be introduced in Pakistan and it would never be possible to dislodge the military-bureaucratic dictatorship of Pakistan by peaceful movement. In short, granting that in the present era, democracy is a vital and irresistible necessity for social development, secession of Bangladesh was a historical necessity.

By obstructing and stifling democracy over the last twenty-four years, by refusing to transfer power to the elected representatives of the people even after the long awaited general election was held and by starting the onslaught on the people of Bangladesh, the reactionary ruling clique of Pakistan has precipitated the present crisis. Therefore, it is the reactionary ruling clique, represented by filthy Yahya Khan, which is solely responsible for the death and disablement of millions of people and loss of colossal wealth.

The people of Bangladesh have accepted this challenge. They have sacrificed a million lives: they are prepared to do more. They will not rest before they reach their destination: liberation of Bangladesh from the clutches of ruthless, colonial occupation army and establishment of a secular, democratic, and just social order in the country.

BANGLADESH SIKSHAK SAMITI
(BANGLADESH TEACHERS' ASSOCIATION)

শিরোনাম	সূত্র	তারিখ
বিদেশে সাহায্য চেয়ে অজয় রায়ের চিঠি		..... ১৯৭১

Dear Len,

It is long since I heard from you. I am sure you are closely following the recent events in Bangladesh. After the Pak army cracked down on 25th March, 1971 on the University Community and other civilians I have to leave my country to take shelter in India with my family. I left Dacca on May 15, and reached India on May 23. During my stay in Dacca I have witnessed the extensive mass killing and structural damage of the public and private buildings by Pak army. Even Mosques, Temples and Churches were not spared where the panic stricken people took refuge. Villages, market places, business centers were destroyed. Over a million were simply butchered, thousands of girls were molested, raped and taken to the army camps. About 100 millions were pushed into Indian soil. These refugees include university (200), college (over thousand) and school (10,000) teachers, scientists, medical doctors, engineers and other intellectuals.

You know we have declared independence on 26th March. A revolutionary Govt. of free Bangladesh has been established. All the democratic political parties including the Communist Party of Bangladesh have participated in this liberation war. We shall fight and fight to the last. Our Mukti Bahini (liberation army) is composed of regulars. University students, peasants, laborers, teachers etc. But you know in this struggle we need international support both material and moral. I have a special appeal to make to you and to your party workers to raise fund for our liberation war. Our boys are fighting without winter clothing's. Please do the needful. Please try to send some money to my address which will be deposited to the fund of C.P.B. (Communist Party of Bangladesh).

Please note that I am now working as Secretary of Bangladesh Teachers Association. This is an organisation of the evacuee teachers which aims to help the distressed teaching community as well as the Mukti Bahini. So you would also appeal to your teaching community to extend generous help for our cause. This may kindly be sent to, Secretary, Bangladesh Teachers' Association, Darbhanga Buildings, Calcutta University, Calcutta-12, India.

With very good wishes,

Dr. Len Shields,
Deptt. of chemistry
Bardford University.
Bradford, ENGLAND.

Yours sincerely,
SD/
(Ajoy)

শিরোনাম	সূত্র	তারিখ
মুক্তিযুদ্ধ চলাকালীন বৌদ্ধ সম্প্রদায়ের অবস্থা ও ভূমিকা সম্পর্কে একটি প্রতিবেদন	বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘের প্রচার পুস্তিকা	

২৫শে মার্চ থেকে ১৬ই ডিসেম্বর
রক্তঝরা দিনগুলোতে
-শ্রীবিশুদ্ধানন্দ মহাথের

সভাপতি, বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘ ও বিশ্ব বৌদ্ধ সৌভ্রাতৃত্ব সংঘ
১লা জানুয়ারী, ১৯৭২ইং

মুখবন্ধ

গিরিরাজ হিমালয়ের হিমবাহু বন্ধন থেকে পলাতকা গঙ্গা-ব্রহ্মপুত্রের মহামিলনে ঘটেছিল কোন এক মহালগ্নে। তাদের এ সঙ্গম শ্রান্তি ও ক্লেদ মহাসাগরের নীল মহাস্নানে ধুয়েমুছে নেওয়ার ক্ষণেই মহাসাগরের বুকে ভেসে উঠেছিল বিশ্বেও অদ্বিতীয় কৃষিভূমি, আমাদের এই দেশ। এই সোনার বাংলা। সুজলা সুফলা শস্য শ্যামলা এ দেশ শত শতাব্দীর মহানিদ্রা ঘোর ছেড়ে বৌদ্ধ পালযুগের বৌদ্ধ বাংলাই গর্ব সমুন্নত শিরে হয়ে দাঁড়িয়েছিল, -সিংহল, সুমাত্রা-জাভা, সুবর্ণভূমি ও সুবর্ণদ্বফিবাসীর মহাতীর্থ ক্ষেত্র এবং এটা ইতিহাসের স্বাক্ষ্য। বৌদ্ধ বাংলার চরম বেদনাকর বিয়োগান্ত পরিণতির ধারা বেয়ে দাসত্বের জিঞ্জিরের নির্মম লৌহ নিষ্পেষণে জর্জরিত মূমূর্ষ বাংলা ও বাঙালীর ধর্ম, সভ্যতা, ভাব-ভাষা-সংস্কৃতি ও কৃষ্টি পুনরুজ্জীবনের প্রথম বলিষ্ঠ পদক্ষেপ শুরু হয় ১৯০৫-১৯০৬ সালে বঙ্গ-ভঙ্গাআন্দোলনের অবয়বের বুকে স্বাধীনতার স্বপ্ন-সাধ নিয়ে। বিপ্লবী-বাংলার মন ও মানসের সীমাহীন দ্যোতনা ভাঙ্গার পূজারী বেশে দেশবন্ধু চিত্তরঞ্জন, দেশপ্রিয় যতীন্দ্র মোহন ও নেতাজী সুভাষের বলিষ্ঠ নেতৃত্বে পূর্ণ পরিণতির পথে বেগবতী হয়ে উঠেছিল বটে, কিন্তু অবাঙ্গালীর দল বিদেশী, বিজাতি বিধর্মী বেনিয়ার অনুকম্পা আশীষ ও সক্রিয় সহযোগিতাপুষ্ট হয়ে বাংলায় স্বপ্নসাধের ভ্রূণাবয়বকেই করে দিয়েছিল শ্বাসরুদ্ধ।

অস্থিচর্মসার নাভিশ্বাসগ্রস্ত বাংলার সাড়ে সাত কোটি বাঙালী হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খৃষ্টান সন্তানদল, বঙ্গবন্ধু শেখ মুজিবের বজ্রকণ্ঠের আহবানে ভাঙার পূজারীর বেশে মৃত্যুঞ্জয়ী সংকল্প গ্রহণ করলে ১৯৭১ সালের ২৫শে মার্চের গভীর নিশিথে বাংলার প্রাণকেন্দ্র ঢাকায় নিদ্রায় মগ্ন শত শত বাঙালীর জীবনে নেমে আসে চিরনিদ্রা। শুরু হয় উন্মুক্ত তরবারি হাতে অত্যাচারীর উন্মাদ নর্তন-কুর্দন। শুধু শহর-বন্দরে নয়, গ্রামবাংলার হাজার হাজার পল্লীর হাটে-ঘাটে-মাঠে চলতে থাকে হত্যা, লুণ্ঠন, নারী হরণ ও ধর্ষণের কালো বিভীষিকা। সবুজ বাংলার অফুরন্ত শ্যামলিমা হয়ে ওঠে মুক্তিপাগল অবুঝ বাঙালীর তাজা খুনে লালে লাল।

বৌদ্ধ জম্বুদ্বীপের হতাবশিষ্ট মুষ্টিমেয় বাঙালী বৌদ্ধ সন্তানদলও অত্যাচারীর উদ্যত-কৃপাণের কবল থেকে রক্ষা পায়নি। এর চরম সংকট মুহূর্তে ঢাকার কমলাপুর বৌদ্ধবিহারের শ্রদ্ধেয় শ্রীবিশুদ্ধানন্দ মহাস্থবিরের প্রাণও কেঁধে উঠেছিল মৃত্যু-মুখোমুখী অসহায় মানুষের জন্য। বলতে দ্বিধাবোধ করব না, কমলাপুর বৌদ্ধবিহার রূপ মধুচক্রের চারিদিকে মধুলোভীদের যেসব চাঁই সর্বাধিক গুঞ্জন তুলতো, দেশের এ মৃত্যু-সঙ্কটক্ষণে পাওয়া যাচ্ছে না তাদের টিকির সন্ধানও। এ গভীর বিয়োগান্তক্ষণেও কর্মবীর বিশুদ্ধানন্দ ভেঙে নুইয়ে না পড়ে চরম পিচ্ছিল পথে দৃঢ় পদক্ষেপে যে যাত্রা শুরু করেছিলাম 'রক্তঝরা-সহযোগিতার জন্য তিনি আমার প্রতি যে ভাব ও মন নিয়ে মৈত্রীর হস্ত প্রসারিত করেছিলেন তা গ্রহণ করেছি অতীতের সব দুঃখ-বেদনাকে দুঃস্বপ্নের ছায়ার ন্যায়

ধুয়েমুছে দিয়ে; পরিস্থিতির সর্বনাশা পরিধি ও গভীরত্ব উপলব্ধি করে এবং দেশের মানুষের প্রতি তাঁর বেদনাবিহবল হৃদয়ের বাস্তব রূপ চর্মচক্ষে প্রত্যক্ষ করে।

-বিশ্বেশ্বর চৌধুরী।

রক্তঝরা দিনগুলোতে

মানব ইতিহাসের ঘৃণ্যতম অধ্যায়ের সূচনা হয়েছিল যে রাত্রিতে- হিটলার, নাদিরশাহ, তৈমুরলঙ্গ, চেংগিশ খাঁকে ছড়িয়ে পরিব্যাপ্তি ঘটেছিল যার; এক মাইলাই- এর যে ঘটনা একদিন বিশ্ববাসীকে করে দিয়েছিল স্কন্ধ- বাংলাদেশে সেরকম শত শত মাইলাই সৃষ্টকারী জঙ্গী ইয়াহিয়া সরকারের শত অপচেষ্টা ব্যর্থ করে আজ বাংলাদেশে উঠেছে নতুন সূর্য। সেই রক্তিম সূর্যের আশায় প্রাণ দিয়েছেন হাজার হাজার স্বাধীনতাকামী মানুষ; ঊষালগ্নের প্রত্যাশায় অনেকে কাজ করে গেছেন নেপথ্যে।

সুপরিকল্পিতভাবে পরিচালিত এ অধ্যায়ের শুরুতে কামান, মর্টারের শব্দে ভীতসন্ত্রস্ত আশেপাশের জনসাধারণ একমাত্র আশ্রয়স্থল হিসাবে 'কমলাপুর বৌদ্ধ মন্দির' কে বেছে নিলো। এভাবে জমা হতে লাগলো ঢাকা নগরীর বিভিন্ন সম্প্রদায়ের করে লোকেরা। আমি অস্থিরভাবে পায়চারী করতে লাগলাম. ভাবছিলাম এদের কেমন করে বাঁচাবো। এ অসহায় লোকদের মুখে হাসি ফোটাতে পারবো কিনা। পরদিন সকালবেলা (২৬শে মার্চ, '৭১ ইং) কমলাপুর রেল স্টেশন থেকে এ দিকটায় শেলিং শুরু হলো। হঠাৎ কয়েকটি এসে পড়লো আমাদের মন্দিরে সীমানায়। প্রাণ হারালো মুটে-মুজুরের ছোট্ট এক মেয়ে আর নাম না জানা দু'জন যুবক।

এদিকে দেখতে দেখতে হাজার চারেকের মতো অসহায় নারী-পুরুষ-শিশু মন্দিরে জমা হলো। কেউ কেউ আবার অধিকতর নিরাপত্তার আশায় স্থানান্তরে গমন করতে লাগলো। আমি শেষ পর্যন্ত এ সমস্ত প্রাণের নিশ্চয়াতা বিধানকল্পে ২৮শে মার্চ, '৭১ ইং তারিখে সেক্রেটারিয়েট ভবনে তদানীন্তন চীফ সেক্রেটারী ও অন্যান্য কয়েকজন উচ্চপদস্থ কর্মচারীর সাথে সাক্ষাৎ করতে ছুটলাম। সাথে ছিলো আমার প্রিয় শিষ্য শ্রীমান শুদ্ধানন্দ ভিক্ষু ও শ্রীমান জ্ঞানদারঞ্জন বড়ুয়া। পথে বের হয়ে যে ঢাকা নগরীর দৃশ্য পর্যবেক্ষণ করলাম তা চিরকাল স্মরণ থাকবে আমার। দেখলাম কামান-মর্টার সজ্জিত ঢাকার রাজপথে ইয়াহিয়ার সশস্ত্র বর্বর সৈন্যরা টহল দিচ্ছে, আশেপাশে বিক্ষিপ্তভাবে ছড়িয়ে আছে মানুষের অগণিত লাশ। এ ছাড়া আর কোন পাবলিক কিম্বা প্রাইভেট যানবাহন সেদিক আমার চোখে পড়েনি।

সেক্রেটারিয়েটে হোম সেক্রেটারীর কামরায় ঢুকে দেখলাম চারজন উচ্চপদস্থ কর্মচারী মাথায় হাত দিয়ে বসে আছেন, চিন্তা আর অবসাদে মুখ ভারাক্রান্ত। বৌদ্ধ মন্দিরে চার হাজারের মতো আর্তেও সমাগমের কথা জানিয়ে আমি তাদের নিরাপত্তা বিধানের জন্য এঁদের সাহায্য চাইলাম। উত্তরে হোম সেক্রেটারী ম্লান মুখে জবাব দিলেন, ''আমার নিজের নিরাপত্তা যেখানে অনিশ্চিত সেখানে আপনার বৌদ্ধ সমাজ কিম্বা আপনার মন্দিরে আশ্রিত লোকদের নিরাপত্তার ব্যবস্থা করি কি করে। তা ছাড়া আমার হাতে কোন ক্ষমতাও নেই। আমি নিরাশ হয়ে ফিরে এলাম তবে এক্কেবারে আশা ছাড়লাম না।

এপ্রিল মাসের ২তারিখ বেলা দশটার দিকে আমি আমার কামরায় বসে আছি। এমন সময় শুনলাম, মার্শাল ল-এর অর্ডার নিয়ে রেডিও অফিস থেকে তিনজন লোক এসেছেন, সাথে টেপ রেকর্ডার। আমার সাথে দেখা করে বললেন, ''আপনাকে একটা বিবৃতি দিতে হবে।'' একটু পরেই পুনঃ বললেন ''এর জন্যে আপনাকে কিচ্ছু ভাবতে হবে না, আমরা কয়েকটা প্রশ্ন এনেছি, আর তার সাথে এনেছি উত্তরটা। আপনি শুধু কণ্ঠটা দেবেন- এই যা।''- বলে আমার দিকে এক টুকরো কাগজ এগিয়ে দিলেন। লিপিটুকু পড়ে- আজ বলবো, আমি সেদিন এতো দুঃখের দিনেও মনে মনে না হেসে পারিনি। আজ আমার বলতে দ্বিধা নেই, যেহেতু আজ আমার মুখ বন্ধ রাখার জন্য কেউ রাইফেল কিম্বা বেয়নেট উঁচু করে ধরবে না অথবা জোর করে মিথ্যা বলাতে পারবে না; কারণ আজ আমি স্বাধীন গণতান্ত্রিক দেশের নাগরিক এবং সর্বোপরি আমার চিন্তাধারা মুক্ত। সেদিনের সে

বিবৃতির নামে অপরূপ প্রহসন পড়ে আমি বলেছিলাম, "আপনাদের এ বানানো উত্তর আমার পক্ষে উচ্চারণ করা সম্ভব হবে না। তবে হ্যাঁ, আমি প্রথম প্রশ্নের উত্তরটা দিতে পারি; সরকার যদি ইচ্ছা করেন তবে তা প্রচার করতে পারেন।" বৌদ্ধদের অবস্থা কেমন'- এরূপ এক প্রশ্নে তা জনতে চাওয়া হলে উত্তরে বলেছিলাম, "ঢাকা বৌদ্ধ মন্দিরে অবস্থানরত বৌদ্ধ এবং অন্যান্য সম্প্রদায়ের লোকের আপাততঃ ভালোই আছেন। ঢাকা শহর কিম্বা প্রদেশের অন্যান্য স্থানের লোকদের অবস্থা কেমন তা প্রদেশের বিভিন্ন স্থান ঘুরে দেখতে পারলেই বলবো। তবে সবাই ভালো ও শান্তিতে থাকুক এটাই আমি একান্তভাবে কামনা করি।" এ ছাড়া তখনকার সৃষ্ট অবস্থার জন্যে একমাত্র আওয়ামী লীগই দায়ী বলে বলাতে চেয়েছিলেন। আমি এ বলে উত্তর দিতে অস্বীকৃতি জানাই যে, আমি রাজনীতি বুঝি না, যেহেতু আমি একজন ধর্মগুরু এবং আমার সংঘ কিম্বা আমি রাজনীতির ধার-ধারি না। মানুষের কল্যাণ কামনাই আমাদের একমাত্র ব্রত।

গোলমালের প্রথম দিকে দিন পাঁচেকের মতো আমাদের টেলিফোনের লাইন কাটা ছিলো। এরপর থেকেই চাটগাঁ, পটুয়াখালী, বরিশাল, কুমিল্লা এবং আরও অন্যান্য জায়গা থেকে আমাদের কাছে বার্তা আসতে লাগলো। ঐ মুহূর্তে তারা আমার উপস্থিতির উপর বিশেষ গুরুত্ব আরোপ করছিলো। এর বেশী কিছু প্রকাশ করার মতো তখন কারো অবস্থা ছিলো না। গ্রামের অবস্থা বুঝতে আমার বেগ পেতে হলো না। ঐ সময়ে আমরা 'আকাশবাণী' থেকে প্রচারিত এক খবরে জানতে পারলাম, চট্টগ্রামের রাউজান থানার এক বৌদ্ধ বিহার গোলার আঘাতে সম্পূর্ণ বিনষ্ট হয়ে গেছে এবং একজন বৌদ্ধ ভিক্ষু মারা গেছেন। আমরা প্রায় সব সময়েই 'আকাশবাণী' আর 'স্বাধীন বাংলা বেতারকেন্দ্র' থেকে ঐ ধরনের খবর শুনতে পাচ্ছিলাম। আমার প্রাণ ছটফট করছিলো, সংশয়াপন্ন হলাম অনেকের জীবদ্দশা সম্পর্কে। দিন যেতে লাগলো, কিন্তু জনসাধারণের সাথে সাক্ষাৎ করার তেমন কোন কার্যকরী ব্যবস্থা করতে পারলাম না।

এরপর হঠাৎ মে মাসের পয়লা তারিখে তদানীন্তন গভর্নর টিক্কা খান আমাকে ডেকে পাঠালেন। আমি আমার কর্মী শ্রীজ্ঞানদা রঞ্জন বড়ুয়াকে নিয়ে সাবেক গভর্নর হাউজে গিয়ে উঠলাম। গিয়ে দেখি তৎকালীন চীফ অব স্টাফ হামিদ খান আর টিক্কা খান এক ক্ষুদ্র প্রকোষ্ঠে অবস্থান করছে। হামিদ খান আমাকে বললো, "আপনাকে বিদেশে বৌদ্ধ রাষ্ট্রগুলোতে পরিভ্রমণে যেতে হবে। এখানে যে আপনারা শান্তিতে আছেন এবং যে সামান্য গণ্ডগোল বেধেছিল তা ঠিক হয়ে গেছে, এটাই বলতে হবে। আমি পাকিস্তানী বৌদ্ধদের সম্পূর্ণ নিরাপত্তার ব্যবস্থা করবো।" বৌদ্ধদের নিরাপত্তা পাবার কথা শুনে আমি আশান্বিত হলাম; কিন্তু ভাবলাম দেশে যে প্রলয় ক্রমাগত বেড়েই চলেছে সেটাকে সম্পূর্ণ উপেক্ষা করে কিভাবে একটা ডাহা মিথ্যা প্রচারণা চালাবার জন্যি বিদেশে যাবো। একটা সম্প্রদায়কে রক্ষা করার নামে কি করে একটা জাতিকে ধ্বংসের মুখে ঠেলে দেবো। বললাম, "গ্রামের লোকেরা এক্কেবারে হতাশ হয়ে পড়েছে। আমাকে কাছে পাবার জন্যি তারা আকুল আগ্রহে অপেক্ষা করছে। তারা কেউই ঘর থেকে বের হতে পারছে না। আকি দু'একদিনের মধ্যে চাটগাঁ যেতে চাই।" একটা সফরসূচী দাখিল করতে বলবো আমাকে। আমি সম্মতি জানিয়ে ফিরে এলাম।

ওখান থেকে ফেরার পর থেকেই মানসিক দুশ্চিন্তায় ভীষণভাবে ভুগছিলাম। ভাবছিলাম আমার ভবিষ্যৎ কর্মপন্থা সম্পর্কে।

ঐ রাত্রেই আড়াইটার দিকে কুকুরের ডাকে হঠাৎ আমার ঘুম ভেঙ্গে গেলো। একটু পরেই কে একজন জানালা দিয়ে আমাকে ডেকে জানালো, সে একটু টেলিফোন করতে চায়। আমার কেমন যেন একটু সন্দেহ জাগলো। তাকে জানিয়ে দিলাম, এত রাত্রে টেলিফোন দেয়া সম্ভব না। তার অনেক কাকুতি মিনুতির পরও আমি রাজী না হওয়াতে সে চলে যাচ্ছিলো। আঙ্গিনায় তাকে আমাদের কুকুরটা এমনভাবে ধরলো, আমার মনে হলো তাকে বুঝি কামড়িয়ে ছিঁড়ে ফেলেছে। আমার মনে করুণা জাগলো। থাকতে না পেরে শেষ অবধি আমি দরজা খুললাম। যেই খোলা, অমনি দরজার দু'পাশ থেকে চারজন যুবক আমাকে ধরে ফেললো। দেখলাম, তাদের কারো হাতে রিভলবার, স্টেনগান কিম্বা রাইফেল। কামরায় এনে তারা আমাকে চেয়ারে বসিয়ে খুব শক্ত করে বেঁধে রাখলো। এরি মধ্যে টেলিফোনের লাইন কেটে দিয়েছে। চিৎকার করতে বারণ করে একজন আমার দিকে

রিভলবার উঁচু করে ধরে রাখলো। চাবি নিয়ে তারা একটা স্বর্ণ-নির্মিত বুদ্ধ মুর্তি (জাপান সরকার কর্তৃক প্রদত্ত), আমার গোল্ডেন ফ্রেমের চশমা (সিংহলের জনৈকা ভদ্রমহিলা দান করেছিলেন), একটা টাইপরাইটার, শরণার্থীদের জমা স্বর্ণালংকার ও নগদ টাকাসহ মোট পনের হাজার টাকার জিনিসপত্র নিয়ে যায়। আমি অবশ্যি কর্তৃপক্ষকে ক্ষয়ক্ষতি পরিমাণসহ এ বিষয়ে অবগত করাই। সেদিন ভেবেছি আমার সরলতার সুযোগ নিয়েই তারা সর্বস্ব লুট করেছিলো।

এরপর আমার জন্মস্থান রাউজান থানার পূর্বগুজরা থেকে ৭ই মে দুখানা টেলিগ্রাম পেলাম। লেখা ছিলো,-

> MISCREANTS LOOTED TEMPLE WITH ALL THINGS YESTERDAY THREATENING BURNING WHOLE VILLAGE COME IMMEDIATELY" এবং "COME AT ONCE DONT FAIL"

এগুলো পেয়ে আমি রীতিমতো বিব্রত হয়ে পড়লাম। অনুমতি ব্যতিরেকে তখন কারো ঘর থেকে বের হবার সাধ্য ছিলো না। কারণ, এতে হয় মৃত্যু নয়তো অকথ্য নির্যাতন। আমি কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে কর্মীবাহিনীর জন্য কিছু 'পরিচয় পত্র' নিয়ে চাটগাঁ যাবার ব্যবস্থা করলাম। ডাঃ পি, সি, বড়ুয়া ও শ্রীমান জ্ঞানদা রঞ্জন বড়ুয়াকে আমার কর্মীবাহিনীর অগ্রবর্তীদল হিসেবে অত্যাচারিত, নিপীড়িত মানুষের পাশে দাঁড়াবার জন্যি চাটগাঁ পাঠাই।

মে মাসের তের তারিখ অসম সাহসী মোঃ ইসহাক চৌধুরী সাহেবকে নিয়ে আমি চাটগাঁ পৌঁছলাম। চাটগাঁ তখন মৃত ও জনমানবশূণ্য। আমি কাউকে না পেয়ে শা'জাহান হোটেলে গিয়ে উঠলাম। পরে এক বিরাট কর্মীবাহিনী আমার পেছনে এসে দাঁড়ালো। ৪৬নং বৌদ্ধ মন্দির সড়কে সংঘের অফিস করে একটা সফরসূচী স্থানীয় কর্তৃপক্ষের কছে দাখিল করি এবং কর্মীবাহিনীকে নিয়ে গ্রাম থেকে গ্রামান্তরে পরিভ্রমণ শুরু করি।

ছ'তারিখে যে বৌদ্ধমন্দির লুট করেছিলো, চাটগাঁ গিয়ে জানতে পারলাম তা'স্থানীয় মুসলিম লীগের কতিপয় অসৎ কর্মীদের দিয়েই সমাধ্য হয়েছিল।

চাটগাঁ গিয়ে আমি প্রায় ৭০ হাজারের মতো 'পরিচয় পত্র' সংঘের মাধ্যমে হিন্দু-মুসলমান-বৌদ্ধ-খৃষ্টানদের মধ্যে বিলি করি। আমি পরে খবর পেয়েছি, এ পরিচয় পত্র দিয়ে অনেক বৌদ্ধ যুবক এবং হিন্দু পরিবার সামরিক শাসকদের চোখকে ফাঁকি দিয়ে সীমানা অতিক্রম করে আমাদের বন্ধুরাষ্ট্রে চলে গিয়ে মুক্তি সংগ্রামে যোদ দিয়েছিলো।

চাটগাঁয় যে সমস্ত গ্রামে যাই, তার কেবল থানার নামই উল্লেখ করছি- রাউজান, রাঙ্গুনীয়া, বোয়ালখালী, পটিয়া, সাতকানিয়া, চকরিয়া, কক্সবাজার, রামু, উখিয়া, টেকিনাফ, ফটিকছড়ি, হাটহাজারী, মীরেশরাই, সীতাকুন্ডু, মহেশখালী, আনোয়ারা, বাঁশখালী।

পার্বত্য চট্টগ্রামের রাংগামাটি, রামগড়, বান্দরবন, বোয়ালখালী, দিঘীনালা, মায়নীমুখ, কাপ্তাই, চন্দ্রঘোনা।

এছাড়া আমাদের সফরের পরবর্তী পর্যায়ে পটুয়াখালীর তালতলী, আমতলী, গলাচিপা, বরগুনা, খেপুপাড়া, কবিরাজপাড়া, নয়াপাড়া, বৈলতলী, কুয়াকাটাসহ মোট ৪২টি গ্রাম ঘুরি।

যশোহর, বরিশাল, কুমিল্লা, খুলনা, বাগেরহাট, ভোলার বিভিন্ন অঞ্চলেও ব্যাপক পরিভ্রমণ করি। টাংগাইলের শ্রী শ্রী অকুকূল ঠাকুরের 'সৎসংঘ আশ্রম' এবং মির্জাপুরের আর, পি, সাহার সংস্থাগুলো পরিদর্শন করি। আমি ও আমার কর্মীবাহিনী তিনমাস আটদিনে সবশুদ্ধ মিলিয়ে প্রায় ১২,০০০ মাইল পরিভ্রমণ করি।

আমাদের পরিক্রমার সময়সূচী বেতারে প্রচার করা হতো। আমাদের যাতায়াতের রাস্তার দু'পাশে সম্প্রদায় নির্বিশেষে যে জমায়েত আর ভিড় লক্ষ্য করেছি, তা থেকে উপলব্ধি করেছি তারা উৎপীড়ন-অত্যাচার সর্বোপরি মৃত্যুভয় থেকে রক্ষা পাবার ক্ষীণ আলোক দেখছিলো। আমার থেকে দুটো সান্ত্বনার বানী শোনার জন্যে

জনসাধারণ সব সময়েই উন্মুখ হয়ে থাকতো। এতে পরবর্তী সময়সূচী পালনে বিলম্ব ঘটতো, কিম্বা সম্ভবও হতো না।

প্রত্যেক গ্রাম এমন কি থান হিসেবে ঘটনা আর নির্যাতনের কথা উল্লেখ করলে এক বিরাট ইতিহাস রচনা করা যাবে। যা দেখছি তার একটা মোটামুটি ধারণা হিসাবে এটাই বলতে হয় যে, উৎপীড়ন, নৃশংস হত্যা, পাশবিক অত্যাচার আর নৈরাজ্যের এক নজিরবিহীন ইতিহাস পাকিস্তানের সামরিক জান্তা রেখে গেছে।

আমরা যে সমস্ত জায়গায় গেছি সে সমস্ত এলাকার লোকদের জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সভায় আহবান জানিয়েছি; তাদের অভাব অভিযোগ নিয়েছি এবং ভবিষ্যতে যাতে তার পুনরাবৃত্তি না ঘটে সে ব্যাপারে আশা দিয়েছি। বৌদ্ধ গ্রাম ছাড়া আমরা অনেক হিন্দু ও মুসলমান গ্রামেও সভা করে তাদের সাথে মিলিত হয়েছি।

স্বচক্ষে দৃষ্ট অত্যাচারের প্রত্যেকটা বিষয়ে আমি স্থানীয় এবং কেন্দ্রীয় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করাই এবং লিখিতভাবে তা পেশ করি। এটা স্থিরনিশ্চিত যে, আমিই আমার সংঘকে নিয়ে সর্বপ্রথম (এবং সর্বশেষও) সামরিক জান্তার রক্তচক্ষুকে উপেক্ষা করে তাদেরই ছত্রচ্ছায়ায় থেকে অকুতোভয়ে তাদের অত্যাচারের কথা তাদেরই চোখে আংগুল দিয়ে দেখিয়ে দিই। আমার সংঘের তরফ থেকে আমিই তাদের সৃষ্ট রাজাকার, মুজাহিদ, আল-বদর এমনকি নিয়মিত সৈন্যের বিরুদ্ধে নালিশ করি। এরা তথাকথিত শান্তির নামে যে অশান্তি, নৈরাজ্য ও লুটতরাজ, গ্রামের পর গ্রাম জ্বালানো, ধর্মীয় প্রতিষ্ঠান ধ্বংসকরণ, নরহত্যা, নারী অপহরণ ও ধর্ষণ এবং তল্লশীর নামে প্রকাশ্যে স্ত্রীলোকদের সম্পূর্ণ উলংগ করে দেখা- এ সমস্ত আমি জানাই। সামরিক জান্তাকে দাখিলকৃত দু'একটা চিঠির অনুলিপি উদ্ধৃত করলাম।

রাজাকার ও মুজাহিদদের বিরুদ্ধে Major General Civil Affairs কে 20th Sept 71-এ দেয়া এক চিঠির কিয়দংশ-

....While enclosing a copy of our letter of 17th instant, we beg to state that in all villages visited by us under the aforesaid Police Stations (Mirsarai & Sitakund) we could not have controlled our tears to see the shocking condition of the people including Buddhist Monks in general who have been mercilessly treated, brutally assaulted and severely beaten by the Razakars & Mujahids of the aforesaid Police Stations.....

.....Among the villages visited by us, although none is escaped from this torture, we would still like to mention the village Maiani under Mirsarai P. S. where men were brutally tortured and women were made naked in the name of the so-called investigation and operation by Razakars.....

24th Sept. 71 তারিখে রাজাকারদের বিরুদ্ধে Major General Civil Affairs কে দেয়া অপর এক চিঠির অংশবিশেষ-

Following an open declaration of Razakars in Bazar saying that the Buddhists of Aburkhil village (Raozan, Ctg.) shall be burnt alive for the cause best known to them, we were alarmed and our delegation went to the aforesaid village.....

.....When we were entering into the Main Buddhist Monastery of the aforesaid village, we could have heard the violent voices of looting by the Razakars in a corner of the village where about 14 houses were looted, inmates beaten mercilessly and five innocent persons taken.....

উক্ত ব্যাপারে রাজাকারসহ মোট ১৭ জন দুর্বৃত্তকে গ্রেফতার করে বলে খবর পাই।

মীরেশরাই থানার নিয়মিত সৈন্যের বিরুদ্ধে আমার কাছে যে টেলিগ্রাম এসে পৌঁছে তাও সামরিক কর্তৃপক্ষের কাছে পেশ করি। সেটা ছিল-

FORCE FROM MIRSARI BASE RAIDED BUDDHIST VILLAGE DAMDAMA TWENTY-NINTH NOVEMBER BURNT FIFTY-TWO HOUSES KILLING TWO WOUNDED MANY LOOTED PROPERTIES RAPED WOMEN BROKEN IMAGES OF LORD BUDDHA ASSAULTED MONKS.

বৌদ্ধ ছাড়া অন্যান্য সম্প্রদায়ের লোকদের যে সমস্ত অভিযোগ পাই তা সামরিক কর্তৃপক্ষের কাছে দাখিল করে তার কার্যকরী ব্যবস্থা নিই।

STATEMENT OF MR. ABDUL WALI, DIGHINALA, Chittagong Hill-tracts, Dated 7th Sept. 71.

.....That the Rezakars have been the cause of constant miseries of the people.

That the Razakars compelled the Businessmen and villagers to sell every commodity without price....

That the Meizus are torturing the women and brutally assaulted a number of girls. That in Dighinala Hospital many girls assaulted by the Meizus are lying in an unpleasant condition.....

পার্বত্য চট্টগ্রামের দিঘীনালায় কতিপয় গুন্ডা প্রকৃতির লোক প্রায় ২৫টি হিন্দু পরিবারকে ধর্মান্তরিত করে। শ্রী বিনোদ বিহারী চৌধুরী নামে জনৈক ভদ্রলোকের পাঠানো একখানা দরখাস্ত আমার কর্তৃপক্ষ সমীপে দাখিল করি এবং পুনঃ তাদের ধর্মে দীক্ষিত করার ব্যবস্থা করি। এছাড়া চাটগাঁ আর পটুয়াখালীর বহু হিন্দু পরিবারকেও ধর্মান্ত রকরণ থেকে রক্ষা করেছি।

প্রথম পর্যায়ে সামরিক কর্তৃপক্ষ যে সমস্ত বৌদ্ধদের আটক করে তার ৪৯ জনের এক তালিকা প্রস্তুত করে তাদের কাছে পেশ করি। এদের অনেকেই উচ্চপদস্থ কর্মচারী এবং প্রায়ই সরকারী চাকুরে। নিখোঁজ ব্যক্তিদের ছাড়পত্র কিংবা খবরাদি দেবার জন্যে আমরা কর্তৃপক্ষ সমীপে বারবার চাপ দিই। কিন্তু শেষ পর্যন্তও তাদের কোন সন্ধান মেলেনি। তবে মার্চের পরবর্তী অধ্যায়ে রাজাকার কিম্বা মুজাহিদরা যে শত শত লোক ধরে নিয়ে গিয়েছিলো তাদের সামরিক জান্তার মরণ থাবা থেকে আমরা উদ্ধার করতে সক্ষম হই।

বিশিষ্ট সংগীত পরিচালক জনাব আলতাফ মাহমুদসহ বিল্লাহ পরিবারের নুহেল আলম বিল্লাহ, খনু, দিনু ও লিনু বিল্লাহকে সামরিক কর্তৃপক্ষ ধরে নিয়ে অকথ্য নির্যাতন চালিয়েছিল। এদের পাঁচজনের মুক্তির জন্যে অশেষ প্রচেষ্টা চালানোর পর নুহেল ও তার তিনভাইকে কোন রকমে প্রাণে বাঁচিয়েছি। দুঃখের বিষয় জনাব আলতাফ মাহমুদকে সামরিক জান্তার মরণ ছোবল থেকে রক্ষা করা গেলো না।

আমার মির্জাপুর সফরকালে সমাজসেবী, জনদরদী শ্রী আর, পি, সাহা-র কন্যা জয়া-র কাছ থেকে তাঁর পিতা, ভাই, অন্যান্য কর্মচারী এবং প্রতিষ্ঠানের সামরিক বাহিনী কর্তৃক অত্যাচারের এক মর্মন্তদ কাহিনী শুনি। এদের হাত থেকে আর, পি, সাহাকে উদ্ধারের জন্যে বহু প্রচেষ্টা চালাই কিন্তু এ জনদরদীর কোন সন্ধান পেলাম না।

পটুয়াখালীতে শ্রী অবিনাশ চক্রবর্তী নামে জনৈক ভদ্রলোককে এক ধ্বংসস্তুপে দিন যাপন করতে দেখি। তাঁর তিন কন্যা মায়া, মঞ্জু ও প্রতিমা সামরিক জান্তার অত্যাচার হতে রক্ষা পাবার জন্যে পাঁচ মাস অজ্ঞাতবাস অবস্থায় ছিল। সেখান থেকে আমরা তাদের উদ্ধার করে নিয়ে আসি।

ঢাকাস্থ শ্রীরথীন্দ্র সরকার এবং শ্রীঅলোক বলকে রাজাকার এবং পাক সৈন্যেরা ধরে নিয়ে অকথ্য শারীরিক অত্যাচার চালায়। এ খবর পেয়ে তাদের সমূহ মৃত্যুর হাত থেকে ফিরিয়ে আনতে সক্ষম হই। শ্রীরথীন্দ্র সরকারকে মৃতপ্রায় অবস্থায় কিছু দিন হাসপাতালে রাখতে হয়েছিল। ডাক্তার নূরুল ইসলাম সাহেবের (ডাইরেক্টর, পোস্ট গ্র্যাজুয়েট মেডিসিন) আন্তরিক প্রচেষ্টায় সুস্থ হয়ে ওঠে।

আমাদের পরিক্রমণকালে আমি প্রত্যেক জায়গায় আশ্রয় প্রার্থীদের আশ্রয়দান এবং মুক্তিবাহিনীর কাজে যথাসাধ্য সাহায্য করতে আবালবৃদ্ধবণিতা বিশেষ করে যুব সমাজকে পরামর্শ দিয়েছি। এমন কোন বৌদ্ধ গ্রাম নেই যেখানে মুক্তিবাহিনী এবং হিন্দু পরিবার আশ্রয় গ্রহণ করেনি, এমন কি জনৈক অফিসারসহ পাঁচজন মুক্তিবাহিনী ঢাকা বৌদ্ধ মন্দিরে আশ্রয় নিয়ে তাদের কাজ চালিয়ে গিয়েছিলো।

বিগত ন'মাসে আশ্রয় প্রার্থী অনেক ছেলেমেয়ে এবং মাতৃপিতৃহীন শিশু অগ্রসার বৌদ্ধ অনাথালয়ে ভিক্ষু সুগতানন্দের তত্ত্বাবধানে আছে।

পয়লা মে তারিখে ঢাকা বৌদ্ধ মন্দির লুট হলে তদন্তের পর কর্তৃপক্ষ আমাকে আট-দশ জনের নাম দাখিল করতে বলে। আমি অসম্মতি জানালে তারা গ্রাম ঘেরাও করে জ্বালিয়ে দেবে বললো। আমি বলেছি, আমার Case-এর তদন্তের প্রয়োজন নেই। তদন্তের নামে অনর্থক কতকগুলো নিরীহ লোকের উপর অত্যাচার হোক, এ আমি কোনদিন চাইনে। এভাবে কমলাপুরের ঠাকুরপাড়া, সবুজবাগ, আহমদবাগ প্রভৃতি আমার প্রতিবেশী গ্রামের উপর পাক-সৈন্যের হামলা সব সময় প্রতিরোধ করেছি।

পরিভ্রমণকালীন ধ্বংসপ্রাপ্ত মন্দিরে যে সমস্ত মূর্তি ভগ্ন কিম্বা অক্ষত অবস্থায় দেখতে পাই তা যথাস্থানে রক্ষিত আছে। আমার সংঘ বৌদ্ধগ্রাম ও মন্দিরের ক্ষয়ক্ষতির একটা মোটামুটি ফর্দ তৈরী করে তা সামরিক কর্তৃপক্ষের কাছে দাখিল করে তার ক্ষতিপূরণের দাবী জানায়।

এরি মধ্যে আন্তঃ পরিভ্রমণ বন্ধ করে বিদেশে যাবার জন্যে বারবার আমার কছে চাপ পড়তে লাগলো। আমি জানিয়েছি, স্বচক্ষে দেখা এত অত্যাচারকে ধামাচাপা দিয়ে বিদেশে গিয়ে আমার পক্ষে মিথ্যা বলা কি করে সম্ভব? কিন্তু তারা সে কথায় কর্ণপাত না করে ক্রমাগত পীড়াপীড়ি শুরু করলো।

শরণ নিলাম পোস্ট গ্রাজুয়েট মেডিসিন ইন্সটিটিউটের ডাইরেক্টর প্রফেসর নুরল ইসলাম সাহেবের। হাসপাতালে ভর্তি হয়ে সাড়ে তিন মাস ডাক্তার সাহেবের চিকিৎসাধীনে থাকতে বাধ্য হলাম।

হাসপাতালে থাকা অবস্থায়ও পাঁচ-ছ'বারের মতো কর্তৃপক্ষের কাছে উপস্থিত হতে আমাকে বাধ্য করেছিলো এবং বিদেশে যাবার জন্যে নানাভাবে ভীতি প্রদর্শন করছিলো। আমি শারীরিক অনুপযুক্ততার কারণ দেখিয়ে বিদেশে শত মিথ্যা বলা থেকে এবং বাংলাদেশের স্বাধীনতা সূর্যের উন্মেষের অন্তরায় না হয়ে বাঁচলাম।

আমাকে বিদেশে পাঠিয়ে পাক-সরকার যে কাজ সমাধা করতে ব্যর্থ হলো মেজর রাজা ত্রিদিব রায়কে দিয়ে তা করিয়ে নিলো। আমার কাঁধ থেকে বোঝাটা নামাতে স্বস্থির নিঃস্বাস ফেলে আমি হাসপাতাল থেকে বের হয়ে আসলাম।

সামরিক কর্তৃপক্ষ জোর করে আমার কাছ থেকে দু' টো বিবৃতি নিয়ে প্রচার করে। ন'মাসে আমার নামেও মোট তিনখানা বিবৃতি ছাপায়। কিন্তু আরেকখানা আমার খুলনা পরিভ্রমণকালীন আমার এবং আমার সংঘের সম্পূর্ণ অজ্ঞাতে ছাপানো হয়। তখন এগুলোর প্রতিবাদ করেও কোন ফল হয়নি। অধিকন্তু সামরিক জান্তা আমার উপর অধিকতর অসন্তুষ্ট ও ক্রুদ্ধ হয়।

এ ছাড়া দেশে থেকেও সামরিক জান্তার অত্যাচারের কথা বিশ্বের কাছে প্রচার করার সুযোগ পেয়েছিলাম। Kyoto, Japan-এ 'বিশ্বধর্ম ও বিশ্বশান্তি সম্মেলনে' উপস্থিত থাকাকালীন The World Conference of Religion for Peace-এর সেক্রেটারী জেনারেল Dr. Homer a. Jack-এর সাথে আমার আন্তরিকতা জন্মে। মানবতার সেবায় আমি নিয়োজিত এ খবর পেয়ে আমার সাথে দেখা করতে তিনি tourist হিসাবে একদিনের

জন্যে ঢাকায় আসেন। আমি তখন হাসপাতালে। রুদ্ধদ্বার বৈঠকে তাঁর সাথে আমার পুরো সোয়া তিন ঘন্টা আলাপ হয়। দীর্ঘকাল পরিভ্রমণে আমি স্বচক্ষে যা দেখেছি কিম্বা শুনেছি-রাজাকার, পাক-সৈন্যের অত্যাচার-অনাচার, লুটতরাজ, হত্যাযজ্ঞ, নারীহরণ ও নির্যাতন-এ সবই তাঁকে সবিস্তারে বলেছি। আমার হাসপাতালে আশ্রয় নেবার কারণ এবং এ তথ্য প্রকাশের পেছনে যে আমি, এ কথা ঘুর্ণাক্ষরেও প্রকাশ না করতে Dr. Jack কে অনুরোধ করি। অন্যথায় আমার নিশ্চিত জীবন সংশয়ের কারণ হবে বলে জানাই। তিনি আমার এ অনুরোধ রক্ষা করবেন বলে প্রতিশ্রুতি দেন।

Dr. Jack নতুন দিল্লীতে এ বিষয়ে এক আলোচনা বৈঠকে মিলিত হন। এতে বাইশটি সংস্থা এক যুক্ত স্মারকলিপি পেশ করেন। এর পর ওয়াশিংটনে পঞ্চাশটি রাষ্ট্রের প্রতিনিধির উপস্থিতিতে অনুরূপ এক বৈঠক বসে। তিনি বাংলাদেশ সম্পর্কে চারটি প্রণয়ন করেন। এগুলো-

(1) "East Bangal / Bangladesh"
(2) "Dhaka Diary"
(3) "Death in 'Golden Bangladesh
(4) "Final resolution"-International conference on Bangladesh.

এ বইগুলোতে যেসব তথ্য প্রকাশ করা হয়েছে তার অধিকাংশই আমাদের উক্ত বৈঠকেরই ফলশ্রুতি। এগুলো ছাড়া তিনি মাসিক পত্রিকা (নভেম্বর, ৭১ ইং)

'Beyond Kyoto'-এর On Visiting Dacca' তে লিখেছেন-

.....In Dacca I learned that even 100,000 human beings massacred..... the killings are continuing, with the new home guard, the Razakars, adding to the disorder. I realized how badly the eight million Hindus were treated by the West Pak Army..... I still conclude that the massacres ..... in East Pakistan must Pakistan must not be forgotten by the world community any more than those in Germany under Hitler.

.....I could not know until arriving, that the Bangladesh movement and its guerrilla army, the Mukti Bahini, has wide support among the people. Many listen to the daily Bangladesh Radio Broadcasts.....

Dr. Jack ছাড়াও আমার পরিচিত জাতিসংঘের জনৈক উচ্চপদস্থ কর্মচারীর ঢাকা থেকে থাইল্যান্ড যাবার পথে আমার সাথে দেখা হয়। থাইল্যান্ডে 'WORLD FELLOWSHIP OF BUDDHISTS' এর Headquarters কে তাঁর মাধ্যমে ঐ সমস্ত জঘন্য অত্যাচারের বিষয় অবগত করাই এবং এখানকার নিপীড়িত জনগণের দুঃখ উপশমের জন্য পাকিস্তান সরকারের উপর চাপ সৃষ্টি করার আবেদন জানাই।

এ খবর শুনে উক্ত সংঘের প্রেসিডেন্ট প্রিন্সেস পুন পিসমাই দিসকুল পাকিস্তানের সাবেক প্রেসিডেন্ট ইয়াহিয়া খানকে একখানা চিঠি দেন এবং রাষ্ট্র সংঘের সেক্রেটারী জেনারেল উথান্ট থাইল্যান্ডে পাকিস্তানী রাষ্ট্রদূত এবং আমাকে তার অনুলিপি দেন। চিঠিটা পুরো উদ্ধৃত করলাম।

General Agha Mohammad Yahya Khan,
President of Pakistan
Islamabad.

15th Sept. 71

Your Excellency,

We would like to bring to your kind attention the fact there is one active Regional centre of the World Fellowship of Buddhists in Dacca as per address stipulated below

which has been affiliated with our Headquarter since our organization was founded in 1950 in Ceylon.

Since there has occurred recently a state of unrest in East Pakistan, we have been in
great concern over the fate of our Regional Centre, from where any connection with it has been lost since then.

We would therefore ask of Your Excellency a favor of the information regarding the situation about the Monks and lay disciples in the above-mentioned area. And should there be any assistance on our part that we may be able to do to relieve them of their trouble, we would be obliged to do so provided your Excellency could grant us some information or connection there with.

Assuring Your Excellency of our profound regards, we remain.

Yours in the Dhamma.
Sd/-
H. S". H. Princess Poon Psmai Diskul.
President.
World Fellowship of Buddhists.

Address: W. F. B. Regional centre
Pakistan Bouddha Kristi Prachar Sangha
Buddhist Monastery, Kamalapur.
Dacca-2, East Pakistan

c. c. H. E. U Thant Secretary General U. N
H. E. The Ambassador of Pakistan, Bankok, Thailand.
W. F. B.- র Hon. Secretary General Mr. Aiem Sangkhavasi উক্ত চিঠিতে মাত্র ১৩ দিন আগেও আমায় লেখা

We are in receipt of your letter dated 18. 8. 71 and would like to express our appreciation for the humanitarian work you have been doing for your people. Yours painstaking efforts in an attempt to bring back the people to the condition of welfare and peace are sure to earn you a great merit….

অপর এক চিঠিতে তিনি লেখেন,-

Referring to your letter dated 19-06-71 we hereby offer our sympathetic feeling for the deplorable situation in your country and do appreciate your devotional attempt to relieve the sufferings of your people.

It is. we understand, an exacting task requiring much skill and patience based on a dedicated effort for humanitarian service. We pray that your Venerable be blessed with the strength of will and body to accomplish this burden.

With Metta towards all those suffering brethren-----এ সমস্ত চিঠি থেকে এটা স্পষ্টই প্রতিয়মান হয় যে বর্হিবিশ্বে এখানকার মর্মন্তুদ কাহিনী ফলপ্রসূভাবে প্রচার করতে সক্ষম হয়েছি এবং বিশ্ব-সংস্থা ঐ অবস্থায় আমার ভূমিকা উপলব্ধি করতে পেরেছে।

সামরিক কর্তৃপক্ষ আমার উপর সন্তুষ্ট নয় জেনে এবং এখানে থাকলে আমার সমূহ বিপদ ভেবে W. F. B.-এর প্রেসিডেন্ট আমাকে দেশের বাইরে নিয়ে যাবার জন্য এক উদ্যোগ গ্রহণ করে আমন্ত্রণ জানাবেন,

Ven, Visuddhananda Mahathero,
President,
Pakistan Bouddha Kristi Prachar Sangha,
Buddhis Monastery,
Kamalapur, Dacca-14,
East Pakistan,

15th Nov. '71

Your Venerable,

We are very happy to inform you that arrangements are well in hand for the International Buddhist Youth conference to be held in Bangkok from 20-24 December 1971.

In view of the fact that you have attended so many of our conferences in the past and been of so much help to us, we would like to extend an invitation to your Venerable to come to Bangkok and assist us in this endeavor by making available to us your valuable experience and guidance.

Please let us know when you can join us, so that we may finalize arrangements for your accommodation in a suitable place.

With our good wishes for a safe journey and the Blessings of the Triple Gem. May all beings be happy.

Yours in the Dhamma,
Sd/-
H.S.H. Princess Poon Pismai Diskul,
President,
World Fellowship of Buddhists

কিন্তু সামরিক সরকার আমার উপর সন্দেহ প্রকাশ করে থাইল্যান্ড যাবার অনুমতি দিলো না।

পরিশেষে মানবতার সেবা করতে গিয়ে আমার সমাজ ও অন্যান্য সম্প্রদায়ের লোকদের কাছ থেকে আমি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যে অকুণ্ঠ সমর্থন ও সহযোগিতা পেয়েছি তা কৃতজ্ঞতার সাথে স্মরণ করি। আমার সংঘের বিরাট কর্মীবাহিনী মৃত্যুর ঝুঁকি নিয়ে জাতির এ দুর্দিনে যে অক্লান্ত পরিশ্রম করেছে সমাজ ও দেশের কাছে তা চিরজাগরূক থাকবে বলে আমার দৃঢ়বিশ্বাস।

আমার প্রিয় শিষ্য শ্রীমান প্রিয়নন্দ মহাখের, ভিক্ষু মুদ্ধানন্দ, ভিক্ষু জিনানন্দ, ভিক্ষু সুগতানন্দ, ভিক্ষু বোধিপাল, শ্রীশাক্যবোধি মহাথের, উ-জিনিতা মহাথের, উ-নাইন্দা, উ-পন্ডিতা, ভিক্ষু অগ্রবংশ, ভিক্ষু অগ্রশ্রী, শ্রী প্রফুল্লকমল বড়ুয়া, শ্রীবসুভূতি মুৎসুদ্দী, শ্রীজ্ঞানদারঞ্জন বড়ুয়া, শ্রীব্রহ্মদত্ত বড়ুয়া, শ্রীরণজয় বড়ুয়া, শ্রীসুধেন্দু বড়ুয়া, শ্রীঅশোক বড়ুয়া, শ্রীআনন্দ প্রসাদ বড়ুয়া, শ্রীশশাংক মোহন বড়ুয়া, শ্রীসুনিল কান্তি বড়ুয়া, মোহাম্মদ ইছহাক চৌধুরী, শ্রীসুদত্ত সেবক বড়ুয়া, শ্রীতেজেন্দ্রলাল বড়ুয়া, শ্রীইন্দুভূষণ বড়ুয়া, শ্রীসুমেধ বড়ুয়া, শ্রীযতীন্দ্রলাল

বড়ুয়া, শ্রীবেণীমাধব বড়ুয়া, শ্রীবিজনবিহারী বড়ুয়া, এবং আরো অনেকে পাকসেনার রক্তচক্ষু ও বুলেটের ভয়কে উপেক্ষা করে মৃত্যুর ঝুঁকি নিয়ে এ ন'মাস দিনের পর দিন দেশের অত্যাচারিত লাঞ্ছিত মা-বোনদের পাশে গিয়ে দাঁড়িয়েছে, কত শত মুক্তিবাহিনী ও দেশের তরুণ প্রাণদের পাশে সমূহ মৃত্যুর হাত থেকে ছিনিয়ে এনেছে তার ইয়ত্তা নেই। রক্তঝরা এ ন'মাসের কার্যবিবরণীতে সংঘের বিরাট কর্মীবাহিনীর কর্মতৎপরতার পূর্ণাংগ চিত্র প্রকাশের প্রস্তুতি চলছে।

আজ এ ভেবে আমার চক্ষু অশ্রুসিক্ত হয় যে, আমাদের সংঘের চাটগাঁ শাখার অফিস-ইন-চার্জ বিশিষ্ট কর্মী শ্রীমৎ জিনানন্দ ভিক্ষু, যিনি রাজাকার, মুজাহিদদের বিরুদ্ধে অনেক অভিযোগ এনেছিলেন, স্বাধীনত প্রাপ্তির ঠিক দুদিন আগে তিনি এদেরই জঘন্যতম শিকারে পরিণত হন। সংসারত্যাগী, মানবধর্মী এই নবীন ভিক্ষু গত পঁচিশে মার্চের পর থেকে মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত চাটগাঁ, কুমিল্লা, নোয়াখালীর প্রতিটা উপদ্রুত গ্রামের প্রতিটা সম্প্রদায়ের আবালবৃদ্ধবনিতাকে রক্ষার জন যে অক্লান্ত ও নিঃস্বার্থ পরিশ্রম করে গেছেন তা' গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি।

আজ যে সংঘের মাধ্যমে আমি তথা আমার প্রতিষ্ঠান এবং সম্প্রদায় বর্হিবিশ্বে সুপরিচিত হয়েছে সে সংঘেরই বিশিষ্ট কর্মী, অন্যতম প্রতিষ্ঠাতা ও প্রাক্তম সাধারণ সম্পাদক শ্রীশশাংক বিমল বড়ুয়াকে (বঙ্গীশ ভিক্ষু) হানাদার পাক বাহিনীর হাতে প্রাণ দিয়েছে।

এতদসংগে আমি গভীরভাবে স্মরণ করছি স্বাধীনতা সংগ্রামে শত শত বিগতপ্রাণ মহান জীবনগুলো। ছাত্র-ছাত্রী, বুদ্ধিজীবী, সাংবাদিক, ডাক্তার, মুক্তিবাহিনী ও মিত্রবাহিনীর শহীদদের পারলৌকিক মংগল কামনা করছি এবং তাঁদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমাবেদনা জ্ঞাপন করছি।

সবেব সত্তা সুখীতা হোন্তু।
জগতের সমস্ত প্রাণী সুখী হোক।
।।জয় বাংল।।

পরিশিষ্ট

নিখোঁজ ব্যক্তিদের তালিকা এবং রিপোর্ট

নিখোঁজ ব্যক্তিদের সম্পূর্ণ তালিকা হাতের কাছে না থাকায় ছাপাতে পারলাম না। সে জন্য আমরা দু:খিত। তদন্তের রিপোর্ট ও সাথে দিলাম

HQ SMLA SEC-4
Circuit House
Chittagong
Tele:85555
No.20/35/ML
26 June, 71

To : Ven. Visuddhananda Malialhero
T. PK, T. K. President Pakistan
Bouddha Kristi Prachar Sangha
Dacca.

Subject: **Petition/Investigation**

Your letter no. nil dated 28 May 71 refers.

A copy of enquiry report of superintendent of police is enclosed herewith for your information.

Encl-One

Sd/- Mumtaz H. Shah
Capt
SMLA
(Mumtaz Hussain Shah)

A copy of Superintendent of police letter 110 3512E dated 25 Jun 71.

I have the honor to report that I investigated the subject matter locally and ascertained from the staff of T. & T Department who were present during the occurrence i. e. on 29-04-71 that the persons mentioned in the attached petition were attended to their respective offices on 29-04-71. On the same day at 1.30 P. M. they were called by some army personnel to the circuit House but till today did not turn up to their respective offices.

During investigation, it is transpired that Mr. Dharmadarshi Barua was a time scale clerk and not telephone operator as mentioned in the petition.

It is further reported by the staff of T&T department that all the five persons were called by some army personnel from the office compound T&T not from their office room.

As regards Mr. C. R Barua Steno-typist of the Deputy Chief Accounts officers (Modernization) E. P. Railway attended to pay office station Road on 21. 4 71. From there he was called by some army personnel to the Circuit House but he did not come back to his office as yet.

On investigation it came to light that the individuals attended to their office duty regularly up to date of disturbance. Nothing could be found more adverse report against them. This for favour of your kind information.

Sd/-x x x
Y. O. S
Jafar S. I
Kotwali P. S

List of the personnel, who have been taken by the Army us 011 the date shown against the individual name.

Name & Designation	Remarks
1. Mr. S. R. Barua, M. A., P. R. A. S. Deputy Financial Adviser and Deputy Chief Accounts Officer, P. E. Railway, Chittagong.	He svas on regular duly soon after the disturbances was over. He has been taken by Army on 16-04-71 on way back to his Bunglow after office duty.
2. Mr. Pravash Kumar Barua. Sub-Assistant Engineer. Chittagong University. Chittagong.	He has been taken by Army from his residence premises 4. Serson Road. Chittagong 21.4.71
3. Mr. China Ranjan Barua, Stenographer, Modernisation Accounts. P. E. Railway. Chittagong.	He has been taken by Army when he was returning from office after his duty from Railway pay office while he was drawing his salary.
4. Mr. Sanchya Bhusan Barua, Electric Crane Fitter, Electric Deptt. Chittagong Port Trust. Chittagong.	He has been taken by Army from his office at Jetty on 21.4.71
5. Mr. Tarit Kami Barua, Telephone Operator, T & T Deptt. Chittagong.	He reported himself in the office on 21. 4. 71 according to instruction of the Martial Law Authority on that day and a security pass was issued to him by the Authority concerned and advised him to do his respective duty. From 22.4.71 he was performing his duty regularly but on 29.4.71 at about 1400 hours when he was on duty he has been taken by Army.
6. Mr. China Ranjan Barua, Office Superintendent T & T Chittagong	He has been taken from his office premises on 29.4.71
7. Mr. Dharmadarshi Barua, Tel/ Opertor, T & T Chittagong	-Do-
8. Mr. Parag Barua, Tel/ Opertor. T & T Chittagong	-Do-
9. Mr. Sudhir Ranjan Barua, Electrician. Karnafully paper Mills Ltd.. Chittagong Hill Tracts	-Do-

10. Mr. Hirandra Lai Barua, Mechanical Deptt. Karnafully paper Mills Ltd., Chandraghona, Chittagong Hill Tracs.	He has been taken on 14.4.71
11. Mr. Satya Ranjan Barua, proprietor. Motor workshop, Chandanpura, Chittagong	He has been taken from his workshop
12. Mr. Bhabesh Chandra Barua, Clerk. Workshop, Port Trust, Chittagong	He has been taken on 26.4.71
13. Mr. Nipul Kanti Barua, Elysian Building, College Road, Chittagong	He has been taken on 03.5.71
14. Mr.Subimal Barua, Tel/ Opertor, T & T Chittagong	He has been taken on 29.4.71
15. Mr. Bangish Barua, Assistant Head Master Kaptai Govt. H. E. School	He has been missing on and from 14.6.71.

সংঘ কর্তৃক ইসুকৃত পরিচয় পত্রের অনুলিপি

"NAMO TASSA"

Phone no: 244413

Pakistan Bouddha Kristi Prochar Sangha
(BUDDHIST CULTURAL ORGANISATION)
Regional Centre of the World Fellowship of Buddhists in Pakistan

Head Office
BUDDHIST MONOSTERY
Kamalapur. Dacca-14
East Pakistan

Chittagong Office
30/5. ANDERKILIA.
Chittagong
East Pakistan

TO WHOM IT MAY CONCERN

Date---------

This is to Certify that Miss/Mr. ……..
Son/Daughter/Wife of Mr./ Late ……. of
Village ..... P. S.……
Dist. Chittagong is a ***Pakistani Buddist*** *by Birth.*

Authorities are requested to provide him help

Sd/
Ven. Visuddhanan Mahathero. T. pk. T. K.
President
Pakistan Bouddha Kristi Prochar Sangha
DACCA.

Seal.

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশ নিম্নপদস্থ পুলিশ কর্মচারী সহায়ক সংস্থার একটি আবেদন	বাংলাদেশ পুলিশ কর্মচারী সহায়ক সংস্থার	..... ১৯৭১

বাংলাদেশ
নিম্নপদস্থ পুলিশ কর্মচারী সহায়ক সংস্থা

স্বাধীন বাংলাদেশের নিম্নপদস্থ পুলিশ কর্মচারী ভায়েরা আমর-

উনিশ শ'সাতচল্লিশ সালের চৌদ্দই আগষ্ট ইংরেজ শাসকদের কবল থেকে স্বাধীনতা লাভের পর আমরা যে মুক্তির স্বপ্ন দেখেছিলাম, বিগত চবিবশ বছর ধরে বাংলাদেশের সাতে সাত কোটি মানুষ পশ্চিম পাকিস্তানের কবলে পড়ে আমাদের সে আশা-আকাংক্ষা চিরতরে পর্যুদস্ত হতে চলেছিলো। সোনার বাংলাকে শোষণের কলোনী করে পাক শাসকচক্র আমাদের দাসত্বে পরিণত করার হীন ষড়যন্ত্রের আশ্রয় নিয়েছিলো- কতিপয় পদলেহনকারী বাঙ্গালী দালালদের সহযোগিতায়। আমরা রাজনৈতিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক আর সামাজিক দিক দিয়ে হয়েছিলাম পংশু আর অসহায়। ওদের শসন-শোষণ আর অত্যাচারের ষ্টীম রোলারের আঘাতে বাংলার নিরীহ সরল মানুষ হয়েছে ক্ষিপ্ত- অশান্ত। তারই মৃত্যু প্রকাশ ঘটে উনিশ শ' বায়ান্ন সালের রাষ্ট্রভাষা আন্দোলনে- যে আন্দোলনের প্রবাহে বাংলার সোনা-মাণিক-ভাইদের বুকের তাজা রক্তে রঞ্জিত হয়েছিল বাংলার পীচঢালা রাজপথ। শহীদ সালাম বরকত রফিকের লাল তাজা রক্তের বদলা শপথ নিয়েছিলো বাংলার সাতে সাত কোটি মানুষ। তারা বিনা দ্বিধায় বঙ্গবন্ধুর ডাকে সাড়া দিয়ে মরণজয়ী সংগ্রামে ঝাঁপিয়ে পড়েছিলো পাক জংগীশাহীর বিরুদ্ধে-একাত্মতা প্রকাশ করেছিলো দেশের মুক্তির সংগ্রামে।

গত পচিশে মার্চের রাত থেকে পাক জংগীশাহী বাংলার নিরীহ নিরস্ত্র জনসাধারণের উপর যেরূপ অত্যাচার অবিচারের ষ্টীম রোলার চালিয়ে যাচ্ছে, পৃথিবীর ইতিহাসে এধরনের বর্বরোচিত জঘন্য দমন নীতির নজির নেই।

বাংলার নিরীহ মানুষ আজ ক্ষিপ্ত, অশান্ত। তারা বঙ্গবন্ধুর আদর্শে উদ্বুদ্ধ মুক্তিসৈনিক পাক জংগীশাহীর বিরুদ্ধে সংগ্রামরত। দশ লক্ষাধিক নরনারীর রক্তে রঞ্জিত বাংলার পদ্মা-মেঘনা-যমুনার অথৈ জলরাশি-পথে-ঘাটে আজ মানুষের হাহাকার। বর্বর পাক সৈন্যদের নরহত্যা, লুণ্ঠন, অগ্নিসংযোগ, নারীধর্ষণের করুণ কাহিনীতে পৃথিবীর মানুষ আজ স্তব্ধ, হতবাক- বিশ্ববিবেক স্তম্ভিত, নির্বাক। তবুও বাংলার মানুষ আজ দেশের স্বাধীনতা সংগ্রামে দৃঢ়প্রতিজ্ঞ-ইস্পাতকঠিন চেতনায় আজ সংগ্রামমূখর।

পৃথিবীর ইতিহাসে স্বাধীনতা আন্দোলন পর্যালোচনা করলে দেখা যায়, যে দেশেই বিপ্লব সংঘটিত হয়েছে- সে দেশের সশস্ত্র বাহিনী হয় সরকারের পক্ষ সমর্থন করেছে, না হয় নীরবতার ভূমিকাই পালন করেছে। কিন্তু বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনে আমাদের (বাঙ্গালী) ইস্ট পাকিস্তানী রেজিমেন্ট, ইস্ট পাকিস্তান রাইফেলস, ইস্ট পাকিস্তান পুলিশ, মুজাহিদ ও আনসার বাহিনী জনগণের পক্ষে যেভাবে সরকার বিরোধী ভূমিকা সমর্থন করেছে- তার কোন নজির নেই। এ ধরনের বিপ্লব অনন্য- একক। এর একমাত্র কারণ, পাক জংগীশাহীর শোষণ আর অত্যাচার; অপর দিকে বঙ্গবন্ধুর আদর্শের প্রতি তাদের অকুণ্ঠ সমর্থন।

আমরা সশস্ত্র বাহিনী বিশেষ করে তথাকথিত পূর্ব পাকিস্তানের পুলিশ কর্মচারীরা ইংরেজ আমলের আইনের মাধ্যমে চবিবশ ঘন্টার জন্যে কাজ-কর্মে নিয়োজিত থেকেও আমরা ছিলাম সমাজের এক শ্রেণীর ঘৃণিত অস্পৃশ্য বীজ- পাক শাসকচক্রের ক্রীড়নক সমাজের এক শ্রেণরি অবহেলিত পদদলিত সরকারী কর্মচারী। আমরা কোনদিন মানুষের আস্থাভাজন হতে পারিনি- অথচ গাধার খাটুনি খেটেও আমরা ছিলাম অস্পৃশ্য অবহেলিত। আমরা চবিবশ ঘন্টা বিরামহীন পরিশ্রম করেও সমাজের কাছে হয়েছি লাঞ্ছিত-অবহেলিত। আমাদের দৈনন্দিন

দুঃখ-কষ্ট, অভাব-অনটন থাকা সত্ত্বেও আমরা বিরামহীন সমাজের সেবা করেছি, কিন্তু তার বিনিময়ে শুনেছি 'পুলিশ জুলুম চলবে না' পুলিশ গোষ্ঠী নিপাত যাক' শ্লোগান। কিন্তু কেন, কন এই বিড়ম্বনা, এর জন্য দায়ী কারা- সমাজ, না রাষ্ট্রব্যবস্থা? এ বিচার কি কেউ কোনদিন করেছিল? করেনি। তাই আমাদের এ বিপ্লব পাক জংগীশাহীর বিরুদ্ধে আমাদের বিক্ষোভ। বঙ্গবন্ধুর অসহযোগ আন্দোলনে আমরা একার- আর পূর্ণ সহযোগী।

আজকে সমাজ-মানুষের চিন্তাধারায় পরিবর্তন হয়েছে। আমরা বাঙ্গালী, মানুষ। সরকারী কর্মচারী হলেও খাকী পোশাকের অন্তরালে আমাদেরও একটি সবুজ মন ঘুমিয়ে আছে, তাকে জাগিয়ে দিতে অনেক সফল সম্ভাবনা আছে বলেই অসহযোগ আন্দোলনের প্রাক্কালে বঙ্গবন্ধু দেশের আভ্যন্তরীণ আইন-শৃংখলার ভার পুলিশের উপরই ন্যস্ত করেছিলেন। সেই মন্ত্রে উদ্বুদ্ধ হয়ে আমরা পূর্ব বাংলার প্রায় পয়তাল্লিশ হাজার পুলিশের কর্মচারী এ আন্দোলনে পাক জংগীশাহীর বিরুদ্ধে সশস্ত্র ভুমিকায় অবতীর্ণ হয়েছি। বঙ্গবন্ধু আমাদের যে দায়িত্ব অর্পণ করেছিলেন, আমরা সে দায়িত্ব যথাযথভাবে পালন করতে চেষ্টা করেছি- বাংলাদেশের মুক্তিযুদ্ধে সে কাহিনী চিরদিন স্বর্ণাক্ষরে লিখিত হবে। (এ ব্যাপারে বাংলাদেশের মুক্তিযুদ্ধে পুলিশের ভূমিকা শীর্ষক প্রবন্ধ- যা দৈনিক যুগান্তরের গত পনেরোই অক্টোবর সংখ্যায় প্রকাশিত- প্রণিধানযোগ্য।

আজ বাংলাদেশ স্বাধীন ও গণপ্রজাতন্ত্রী রাষ্ট্ররূপে স্বীকৃত। আমরা পুলিশ কর্মচারী, অতীতের দুঃখ-দৈন্য ভুলে গিয়ে জনগণের সাথে একাত্ম হয়ে দেশ গঠনের কাজে আত্মনিয়োগ করার দৃঢ়সংকল্প গ্রহণ করবো। ইংরেজ আমালের শোষণরূপ আইন যন্ত্রকে পালটে নিয়ে জনগণের একত্মতাই হবে আমাদের কাম্য। আমরা হবো প্রকৃতই জনগণের বন্ধু আর সেবক এবং সেই ভাবধারার পরিপ্রেক্ষিতেই রচিত হতে হবে আমাদের শাসন ব্যবস্থা। আমাদের দিয়েই হবে তার সার্থক রূপায়ন। এ আশা নিয়েই আমাদের অতীত ধ্যান-ধারণার পরিবর্তন হওয়া বাঞ্ছনীয়।

পাক বাহিনীর অত্যাচারে প্রাণের ভয়ে আমাদের প্রায় দু'হাজার পুলিশ কর্মচারী আশ্রয় নিয়েছেন পশ্চিমবংগ, আসাম, ত্রিপুরা, মেঘালয়ের বিভিন্ন স্থানে। আরও অসংখ্য পুলিশ কর্মচারী রয়েছেন পাক অধিকৃত এলাকায়। আমরা আজ আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব, স্ত্রী-পুত, ছেলে-মেয়েদের সাথে সম্পর্কচ্যুত, তবুও আমরা বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে প্রত্যক্ষ সংগ্রামমুখর- অতীতকে ভুলে গিয়ে আমরা অনাগত ভবিষ্যতের সফল সংগ্রামে নিয়োজিত।

